# গার্ল গাইডস্ বার্তা

২৯ বর্ষ, ২য় হতে ৪র্থ সংখ্যা-২০২১




বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশন

# চিত্রে গাইডের কার্যক্রম



কারিগরি ও মাদ্রাসা শিক্ষা প্রতিষ্ঠানে গাইডিং সম্প্রসারণ বিষয়ক মত বিনিময় সভায় সভাপতির বক্তব্য দেন
জাতীয় কমিশনার কাজী জেবুন্নেছা বেগম, বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশন



মত বিনিময় সভায় মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের, মহাপরিচালক, জনাব কে, এম, রুহুল আমীন বক্তব্য দেন

গার্ল গাইডস্ বার্তা
২৯ বর্ষ, ২য় হতে ৪র্থ সংখ্যা-২০২১

## প্রচ্ছদ পরিচিতি




বিশ্ব গার্ল গাইডস্ ও গার্ল স্কাউটস সংস্থার ৩৭ তম বিশ্ব সম্মেলনে' বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশনের জাতীয় কমিশনার ও গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব কাজী জেবুন্নেছা বেগম এর নেতৃত্বে গাইড সদস্যদের অংশগ্রহণ

## সূচিপত্র


| বিষয় | পৃষ্ঠা | বিষয় | পৃষ্ঠা |
|---|---|---|---|
| সম্পাদকীয় | ২ | কুমিল্লা অঞ্চল | ৩২ |
| মত বিনিময় সভা | ৩ | ঢাকা অঞ্চল | ৩৮ |
| জাতীয় কার্যনির্বাহী কমিটির সভা | ৩ | খুলনা অঞ্চল | ৪৩ |
| ৩৭ তম বিশ্ব সম্মেলন | ৪ | ময়মনসিংহ অঞ্চল | ৫০ |
| জাতীয় শোক দিবস | ৫ | রাজশাহী অঞ্চল | ৫৭ |
| রক্তচাপ নির্ণয় কর্মসূচি | ৬ | রংপুর অঞ্চল | ৬০ |
| মাস্ক ও হ্যান্ড স্যানিটাইজার | ৭ | সিলেট অঞ্চল | ৬২ |
| বিশ্ব ডায়াবেটিস দিবস | ৭ | শোক বার্তা | ৬৮ |
| গাইড গাইডার বেসিক কোর্স | ৮ | কোভিড ১৯ বিপর্যস্ত ও নারী | ৬৯ |
| ইয়েস গার্লস্ মুভমেন্ট | ৮ | Nothing is Lost | ৭১ |
| বরিশাল অঞ্চল | ৯ | মুজিববর্ষ ও আমাদের সাফল্য | ৭৩ |
| রাজধানী অঞ্চল | ১১ | একজন গাইডের গল্প | ৭৫ |
| চট্টগ্রাম অঞ্চল | ২৭ | কবিতা ও মজার ঘটনা | ৭৬ |


## দশ অঞ্চলের ঠিকানা


আঞ্চলিক কমিশনার
রাজধানী অঞ্চল
বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশন
গাইড হাউজ, নিউ বেইলী রোড
ঢাকা - ১০০০
ফোন ঃ ৪৮৩২১১২৯

আঞ্চলিক কমিশনার
ঢাকা অঞ্চল
বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশন
গাইড হাউজ, নিউ বেইলী রোড, ঢাকা - ১০০০
ফোন ঃ ০২২২২২২৩৮১৯

আঞ্চলিক কমিশনার
চট্টগ্রাম অঞ্চল
বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশন
প্রযত্নে : রেজাউল করিম চৌধুরীর বিল্ডিং (নীচতলা)
কে. বি জামান আলী রোড
পশ্চিম বাকলিয়, চকবাজার, চট্টগ্রাম।
ফোন ঃ ০৩১/০২৩৩৩৩৫৪২৩৮

আঞ্চলিক কমিশনার
সিলেট অঞ্চল
বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশন
বিহঙ্গ, ২৫/এ, কাজীটুলা, সিলেট
(কর অফিস সংলগ্ন, উত্তর পাশে)
ফোন ঃ ০১৭১২২৭৫১৮১

আঞ্চলিক কমিশনার
খুলনা অঞ্চল
বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশন
৫৮, স্যার ইকবাল রোড,বাইতি পাড়া, খুলনা।
মোবাইল ঃ ০২৪৪/১১০৭৫৪


আঞ্চলিক কমিশনার
রাজশাহী অঞ্চল
বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশন
বিলসিমলা, রাজপাড়া
(শহীদ কামরুজ্জামান স্টেডিয়ামের সামনে)
পোস্ট অফিস সেনানিবাস, রাজশাহী।
ফোন ঃ ০৭২১/৭৬১২৬৬

আঞ্চলিক কমিশনার
বরিশাল অঞ্চল
বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশন
অধ্যাপক রফিকুল ইসলাম সড়ক
বরিশাল - ৮২০০
ফোন ঃ ০৪৩১/২১৭৪৭৬৯

আঞ্চলিক কমিশনার
কুমিল্লা অঞ্চল
বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশন
ফয়জুন নেসা সরকারি উচ্চ বালিকা বিদ্যালয় কুমিল্লা
মোবাইল ঃ ০১৮১৪২২৩৬০৫

আঞ্চলিক কমিশনার
রংপুর অঞ্চল
বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশন
রংপুর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, রংপুর
মোবাইল ঃ ০১৫৫৬৩০৭৭২৯

আঞ্চলিক কমিশনার
ময়মনসিংহ অঞ্চল
বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশন
গ্রীনল্যান্ড সিরাজ টাওয়ার
১৫ নং-অমৃতবাবু রোড, গোল পুকুর পাড়
ময়মনসিংহ
মোবাইল ঃ ০১৭৩১০২৫২৭৬

উপদেষ্টা : কাজী জেবুন্নেছা বেগম
জাতীয় কমিশনার, বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশন
ও
অতিরিক্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

সম্পাদনা পর্ষদ
শাহনাজ মালিক আহমেদ
প্রফেসর ড. ইয়াসমিন আহমেদ
নূরজাহান আরা বেগম
রিফাত আরা শাহানা
মাহমুদা আপন

## সম্পাদকীয় নীতি

'গার্ল গাইডস্ বার্তা' মূলত বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশন-এর মুখপত্র। এর মূল উদ্দেশ্য হচ্ছে বিভিন্ন কর্মসূচির ধ্যানধারণার পারস্পরিক মতামত ও ভাবের আদান-প্রদানের মাধ্যমে গাইডিং-কে প্রত্যেকের দ্বারে পৌঁছে দেওয়া। দেশে এবং বিদেশে অনুষ্ঠিত বিভিন্ন গাইড সংক্রান্ত অনুষ্ঠানাদির সচিত্র প্রতিবেদন গইড বার্তা নিয়মিত প্রকাশ করে। গাইড বার্তা বিভিন্ন শ্রেণির মানুষের ভিন্ন ভিন্ন মতামত ও সহযোগিতাকে স্বাগত জানায়। লেখা ও ছবি ই-মেইলে পাঠাতে হবে। পরিষ্কার রঙিন ছবি পাঠালে ভালো হয়। গাইড বার্তা সম্পাদনা পরিষদ বাছাই ও পরিবর্তন করার ক্ষমতা সংরক্ষণ করে। মতামতের জন্য সম্পাদক দায়ী নন।

## যোগাযোগের ঠিকানা

বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশন
জাতীয় কার্যালয়, গাইড হাউজ, নিউ বেইলী রোড, ঢাকা-১০০০
ফোন: ৪৮৩১৫৫০১, ৪৮৩১৫৫৯২
ই-মেইল: bgguidesho@gmail.com
ওয়েবসাইট: girlguides.org.bd
ফেসবুক: facebook.com/bggaHQ

## বিজ্ঞাপন

বিজ্ঞাপন সংক্রান্ত বিষয়ে যেকোন অনুসন্ধান প্রতিটি আঞ্চলিক কার্যালয় এবং ঢাকাস্থ জাতীয় কার্যালয় থেকে আনা সম্ভব। এ গাইড বার্তায় প্রকাশিত বিজ্ঞাপনের বিষয়বস্তুর ব্যাপারে বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশন কোন প্রকার দায়ী থাকবে না।

## প্রতি কপির মূল্য ৪০ টাকা মাত্র

বাৎসরিক চাঁদার হার : ডাক ১৫০.০০ টাকা মাত্র (বাংলাদেশ)
বাৎসরিক চাঁদার হার : ডাক ১৭০.০০ টাকা মাত্র (ভারত)

মুদ্রণে :
মদিনা প্রিন্টার্স এন্ড পাবলিশার্স
২৭৮/৩, এলিফ্যান্ট রোড, কাঁটাবন, ঢাকা-১২০৫

# সম্পাদকীয়



করোনা মহামারীর কারণে সারা বিশ্ব তথা দেশেও আজ বিপর্যস্ত অবস্থা। আমেরিকার স্বাস্থ্য মন্ত্রণালয়ের বরাত দিয়ে এক রিপোর্টে বলা হয় করোনা ভাইরাসের টিকাকরণ সম্পূর্ণ হয়েছে এমন ব্যক্তিরা কোভিডে আক্রান্ত হলে তাদের মৃত্যুর আশঙ্কা প্রায় ১১গুন কম। এমনকি তাদের হাসপাতালে ভর্তির সম্ভাবনাও ১০গুন কমে যায়। সেদেশের সেন্টার ফর ডিজিজ কন্ট্রোল এন্ড প্রিভেনশন (সিডিসি) সম্প্রতি তিনটি গবেষণাপত্র প্রকাশ করেছে। সেই গবেষণাতে উঠে এসেছে কোভিড টিকা কার্যকারিতা সংক্রান্ত তথ্য।

এর মধ্যে আবার নতুন করে ডেঙ্গু জ্বরের প্রভাব দেখা দিয়েছে। ডেঙ্গু থেকে মুক্তি পেতে হলে আগে আমাদের নিজেদের সচেতন হওয়া প্রয়োজন। ডেঙ্গুর একমাত্র বাহক এডিস মশা। ডেঙ্গু নিয়ন্ত্রণ করতে হলে যেখানে সেখানে ডাবের খোসা, গাড়ীর পরিত্যাক্ত টায়ার, এসি ও ফ্রিজের পিছনে জমে থাকা পানি অপসারণ করতে হবে। গার্ল গাইডের সদস্যরা এব্যাপারে যথেষ্ট সচেতন। গার্ল গাইডের যে কোন ক্যাম্পে বা প্রশিক্ষণে পরিচ্ছন্নতার উপর সেশন প্রদান করা হয় এবং পরবর্তীতে প্রশিক্ষণ গ্রহণকারীরা তা বাস্তবায়ন করে থাকেন।

এই অতি মহামারী করোনাকালীন সময় যে সকল কার্যক্রম হয়েছে তার মধ্যে উল্লেখযোগ্য হলো গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়ের অর্থায়নে জাতীয় কার্যালয় সহ সকল অঞ্চলে কারিগরি ও মাদ্রাসা শিক্ষা প্রতিষ্ঠানে গাইডিং কার্যক্রম সম্প্রসারণ বিষয়ক মত বিনিময় সভা, মৌলিক প্রশিক্ষণ, ওরিয়েন্টেশন কোর্স, ৩৭ তম বিশ্ব সম্মেলন, যথাযোগ্যমর্যাদায় জাতীয় শোক দিবস পালন, কিশোর ও তরুণদের মাঝে ডায়াবেটিস ও উচ্চ রক্তচাপ নির্ণয় কর্মসূচী পালন, বৃক্ষরোপণ কর্মসূচি অনুষ্ঠিত হয়। মতবিনিময় সভার ফলে সারা দেশে কারিগরি ও মাদ্রাসা শিক্ষা প্রতিষ্ঠানসমূহে সদস্য সংখ্যা বৃদ্ধি সহ অন্যান্য গাইডিং কার্যক্রমও বৃদ্ধি পাবে বলে আশা করা যায়।

সরকার করোনা, ডেঙ্গু মোকাবিলা করে পর্যায়ক্রমে শিক্ষা প্রতিষ্ঠান খুলে দিয়েছেন। যেহেতু গাইডিং কার্যক্রম শিক্ষা প্রতিষ্ঠানের সাথে সম্পৃক্ত সেহেতু সারা দেশে গার্ল গাইডের কার্যক্রমে আবারো সকল শিক্ষা প্রতিষ্ঠান আনন্দে মুখরিত হয়ে উঠবে এই আশা করছি।

**শাহনাজ মালিক আহমেদ**
প্রকাশনা কমিশনার ও
সম্পাদক, গার্ল গাইডস্ বার্তা

# গাইডিং কার্যক্রম সংবাদ

## জাতীয় কার্যালয় এপ্রিল হতে ডিসেম্বর ২০২১ পর্যন্ত বাস্তবায়িত কার্যক্রম

### কারিগরি ও মাদ্রাসা শিক্ষা প্রতিষ্ঠানে গাইডিং সম্প্রসারণ বিষয়ক মত বিনিময় সভা অনুষ্ঠিত

২৬ জুন, ২০২১, বেইলী রোড, গাইড হাউজ, জাতীয় কার্যালয় অডিটোরিয়ামে বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশন-এর উদ্যোগে মাদ্রাসা শিক্ষা প্রতিষ্ঠানে গাইডিং সম্প্রসারণ বিষয়ক মত বিনিময় সভা অনুষ্ঠিত হয়।



মত বিনিময় সভায় বক্তব্য দেন কারিগরি শিক্ষা বোর্ডের চেয়ারম্যান ড. মোঃ মোরাদ হোসেন মোল্যা



মত বিনিময় সভায় বক্তব্য দেন ডেপুটি জাতীয় কমিশনার (প্রশাসন) সাবিনা ফেরদৌস

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের শিক্ষা মন্ত্রণালয়ের কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের সচিব, জনাব মোঃ আমিনুল ইসলাম খান প্রধান অতিথি হিসেবে জুমে উপস্থিত থেকে অংশগ্রহণকারীদের সাথে শুভেচ্ছা বিনিময় করেন। অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক, জনাব কে, এম, রুহুল আমীন। মত বিনিময় সভায়া মাদ্রাসা শিক্ষা প্রতিষ্ঠানের প্রিন্সিপাল, প্রধান শিক্ষক সহ ১৫০ জন উপস্থিত ছিলেন।
জাতীয় কার্যনির্বাহী কমিটির সভা

একই দিন বিকেলে গাইড অডিটোরিয়ামে কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানে গাইডিং সম্প্রসারণ বিষয়ক মত বিনিময় সভা অনুষ্ঠিত হয়। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের শিক্ষা মন্ত্রণালয়ের মাদ্রাসা ও কারিগরি শিক্ষা বিভাগের অধীনে কারিগরি শিক্ষা অধিদপ্তরের মহা পরিচালক জনাব মোঃ হেলাল উদ্দিন এনডিসি প্রধান অতিথি হিসেবে জুমে উপস্থিত ছিলেন।



মত বিনিময় সভায় বক্তব্য দেন ডেপুটি জাতীয় কমিশনার (প্রোগ্রাম) প্রফেসর ড. ইয়াসমিন আহমেদ

অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন কারিগরি শিক্ষা বোর্ডের চেয়ারম্যান ড. মোঃ মোরাদ হোসেন মোল্যা। কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানের অধ্যক্ষ ও শিক্ষক সহ শতাধিক শিক্ষক মত বিনিময় সভায় উপস্থিত ছিলেন।



মত বিনিময় সভায় কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানের একজন প্রধান অভিমত ব্যক্ত করছেন

কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের সচিব, জনাব মোঃ আমিনুল ইসলাম খান ও কারিগরি শিক্ষা অধিদপ্তরের মহা পরিচালক জনাব মোঃ হেলাল উদ্দিন এনডিসি মেয়েদের মাদ্রাসা শিক্ষা প্রতিষ্ঠান ও কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানে গার্ল গাইডসের কার্যক্রম সম্প্রসারণের লক্ষ্যে সহায়তা প্রদান ও দল খোলার জন্য প্রতিষ্ঠান প্রধানদের প্রতি আহবান জানান। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন কাজী জেবুন্নেছা বেগম, জাতীয় কমিশনার, বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশন।

অনুষ্ঠান দুটিতে স্বাগত বক্তব্য দেন, প্রফেসর ড. ইয়াসমিন আহমেদ, ডেপুটি জাতীয় কমিশনার (প্রোগ্রাম), শুভেচ্ছা বক্তব্য দেন সাবিনা ফেরদৌস, ডেপুটি জাতীয় কমিশনার (প্রশাসন)। ধন্যবাদ জ্ঞাপন করেন শাহানাজ মালিক আহমেদ, প্রকাশনা কমিশনার ও নুরজাহান আরা বেগম গাইড কমিশনার।

### জাতীয় কার্যনির্বাহী কমিটির সভা

২৯ মে, বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশনের জাতীয় কার্যনির্বাহী কমিটির (২০১৮-২০২১) জরুরী সভা, ২৫ জুন, ২৫ সেপ্টেম্বর ২০২১ ৮ম ও ৯ম সভা নিউ বেইলী রোড, গাইড হাউজ, জাতীয় কার্যালয়ের সভাকক্ষে অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন জাতীয় কমিশনার কাজী জেবুন্নেছা বেগম। সভায় জাতীয় কার্যনির্বাহী কমিটির সদস্যবৃন্দ উপস্থিত ছিলেন।



জাতীয় কার্যনির্বাহী কমিটির (২০১৮-২০২১) সভায় সভাপতিত্ব করেন জাতীয় কমিশনার কাজী জেবুন্নেছা বেগম

## বিশ্ব গার্ল গাইডস্ ও গার্ল স্কাউটস সংস্থার ৩৭তম বিশ্ব সম্মেলন অনুষ্ঠিত

বিশ্বের সর্ববৃহৎ নারী সংগঠন বিশ্ব গার্ল গাইডস্ ও গার্ল স্কাউটস সংস্থা (ওয়াগ্স) ২০১০ সালে শতবর্ষ পূর্ণ করেছে। বিশ্বের ১৫২টি দেশের ১০ মিলিয়ন সদস্য নিয়ে নারী নেতৃত্ব বিকাশে এই সংস্থা নিরলস ভাবে কাজ করে যাচ্ছে। নারীকে দেখিয়ে যাচ্ছে সামনে এগিয়ে চলার গতিপথ এবং সর্বক্ষেত্রে নারীর বিচরণের ভূমিকায়ও ব্যাপক প্রশংসা রেখে কাজ করে যাচ্ছে গার্ল গাইডস্। অনুর্দ্ধ ৩০ বছর বয়সী যুবাদের অন্তর্ভুক্ত করার ব্যাপারে জোর দিয়ে ২৭ হতে ৩১ জুলাই, ২০২১ পর্যন্ত ওয়াগস্ এর '৩৭ তম বিশ্ব সম্মেলন' অনলাইন প্লাটফর্মের মাধ্যমে অনুষ্ঠিত হয়। বিশ্ব সম্মেলনের থিম নেয়া হয়েছে 'ওয়াকিং টুগেদার, ওয়াকিং ফার'। ('Walking Together, Walking Far'.)

বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশনের জাতীয় কমিশনার ও গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব কাজী জেবুন্নেছা বেগম হেড ডেলিগেট এবং অনুর্দ্ধ ৩০ বছর বয়সের তরুণী সদস্য জাতীয় রেঞ্জার কাউন্সিলের সেক্রেটারী তাহমিনা বিনতে সিরাজ ডেলিগেট হিসেবে এই সম্মেলনে অংশগ্রহণ করেন। এ ছাড়া অবজারভার হিসেবে সম্মেলনে অংশগ্রহণ করেন সাবিনা ফেরদৌস, ডেপুটি জাতীয় কমিশনার (প্রশাসন), প্রফেসর ড. ইয়াসমিন আহমেদ, ডেপুটি জাতীয় কমিশনার (প্রোগ্রাম), জাহান আরা বেগম, কোষাধ্যক্ষ, অধ্যক্ষ রফিকা আফরোজ, সহযোগি কোষাধ্যক্ষ, সাহেদা হোসেন চৌধুরী, প্রশিক্ষণ কমিশনার, রওশন ইসলাম, আঞ্চলিক কমিশনার, রাজধানী অঞ্চল, মহসিনা আশরাফ, সদস্য, আন্তর্জাতিক সাব কমিটি, তানজিনা বিনতে মোশাররফ, জেনারেল সেক্রেটারি, মালেকা পারভীন, জাতীয় কমিশনারের ব্যক্তিগত কর্মকর্তা, মুনিরা হাবিবা, চেয়াম্যান, জাতীয় রেঞ্জার কাউন্সিল।




'৩৭তম বিশ্ব সম্মেলনে' জাতীয় কমিশনার কাজী জেবুন্নেছা বেগম এর নেতৃত্বে বাংলাদেশ হতে অংশগ্রহণকারীবৃন্দ

উল্লেখ্য বিশ্ব সম্মেলনে ওয়ার্ল্ড বোর্ড সদস্য পদে নির্বাচনের জন্য অনুর্দ্ধ ৩০ বছর বয়সের যুবানেত্রী ও প্রকল্প সাব কমিটির সদস্য এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের ভূমি মন্ত্রণালয়ের সহকারি কমিশনার মাহনাজ হোসেন ফারিবাকে এসোসিয়েশন হতে মনোনয়ন প্রদান করা হয়। পাঁচ দিন ব্যাপী অনুষ্ঠিত এই সম্মেলনে গুরুত্ব দেওয়া হয় যুব সমাজের নেতৃত্ব দানের সুযোগ সৃষ্টি এবং তাদের নেতৃত্ব বিকাশের ক্ষেত্রগুলোকে। ভিন্নতাকে স্বাগত জানিয়ে সকলের জন্য সমান সুযোগ প্রদানের প্রত্যয়ে সকলে প্রতিজ্ঞাবদ্ধ হয় এবং অনুর্দ্ধ ৩০ বছর বয়সী যুবাদের অন্তর্ভুক্ত করার ব্যাপারে জোর দেয়া হয়।







অনলাইন প্লাটফর্মের মাধ্যমে অনুষ্ঠিত '৩৭তম বিশ্ব সম্মেলনে' বাংলাদেশ হতে অংশগ্রহণকারীরা কার্যক্রম তুলে ধরেন

## বিনম্র শ্রদ্ধায় জাতীয় শোক দিবসে বঙ্গবন্ধুকে স্মরণ

১৫ আগস্ট, জাতীয় শোক দিবস। স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৬তম শাহাদাত বার্ষিকী। ১৯৭৫ সালের ১৫ আগস্ট জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান, বঙ্গমাতা বেগম ফজিলাতুন নেছা মুজিব, তিন পুত্র, দুই পুত্রবধু সহ পরিবারের আরো অনেকেই কিছু বিপথগামী সেনা সদস্যের হাতে নৃসংশ হত্যাযজ্ঞের শিকার হন। জাতীয় শোক দিবস উপলক্ষে ১৫ আগস্ট, ২০২১ বেইলী রোড, গাইড হাউজ, জাতীয় কার্যালয়ে জাতীয় কমিশনার কাজী জেবুন্নেছা বেগম এর নেতৃত্বে সূর্যোদয়ের সাথে সাথে জাতীয় পতাকা উত্তোলন ও অর্ধনমিতকরণ, কালো ব্যাজ ধারণ, দুঃস্থ পরিবারের মাঝে ত্রাণ বিতরণ, পবিত্র কোরান তেলাওয়াত, দোয়া মাহফিল ও মুনাজাত অনুষ্ঠিত হয়।

পরে বিকেলে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের কর্মময় জীবনের উপর মুক্ত আলোচনা অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানের সভাপতি কাজী জেবুন্নেছা বেগম জাতির পিতার আদর্শকে লালন করে গার্ল গাইডের কার্যক্রমকে দৃঢ়তার সাথে এগিয়ে নিয়ে যাওয়ার জন্য গাইড সদস্যদের প্রতি আহবান জানান। বঙ্গবন্ধুর স্মৃতিচারণ করে জাতীয় কমিশনার বলেন, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান শত সংগ্রামের মধ্য দিয়ে ষড়যন্ত্র উপেক্ষা করে স্বাধীনতা এনে দেন। উপস্থিত সকল গাইড সদস্যকে বঙ্গবন্ধুর আদর্শকে লালন করে পথ চলার কথাও বলেন তিনি।




দুঃস্থ পরিবারের মাঝে ত্রাণ বিতরণ




জাতীয় কমিশনার বঙ্গবন্ধুর স্মৃতিচারণ করে বক্তব্য দেন

বঙ্গবন্ধুর বিশাল রাজনৈতিক জীবন, জেল জুলুম ও কর্মময় জীবনের উপর কবিতা আবৃত্তি, মুক্ত আলোচনায় অংশ নেন ডেপুটি জাতীয় কমিশনার সাবিনা ফেরদৌস (প্রশাসন), প্রফেসর ড. ইয়াসমিন আহমেদ (প্রোগ্রাম), কোষাধ্যক্ষ জাহান আরা বেগম, সহযোগি কোষাধ্যক্ষ অধ্যক্ষ রাফিকা আফরোজ, গাইড কমিশনার নুরজাহান আরা বেগম, রাজধানী অঞ্চলের আঞ্চলিক কমিশনার রওশন ইসলাম, গাইড সদস্য নাজনীন কবির চৌধুরী, হলদে পাখি, গাইড ও রেঞ্জার'ন। অনুষ্ঠানে জুম অ্যাপ এ যুক্ত হয়ে, জাতীয় কার্যনির্বাহী কমিটির সদস্য, আঞ্চলিক কমিশনার ও গাইড সদস্যবৃন্দ বঙ্গবন্ধুর সাথে ছোট ছোট স্মৃতি তুলে ধরেন।

এছাড়া ৮ আগস্ট, বঙ্গ মাতা বেগম ফজিলাতুন্নেছা মুজিব এঁর ৯১তম জন্মবার্ষিকী উপলক্ষে 'সংকটে সংগ্রামে নির্ভীক সহযাত্রী' প্রতিপাদ্যকে অনুসরণ করে আলোচনার মাধ্যমে বঙ্গমাতার কর্মময় জীবনের দিনগুলো নতুন প্রজন্মের কাছে তুলে ধরা হয়। বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশনের সকল অঞ্চল যথাযোগ্য মর্যাদা ও গুরুত্বের সাথে দিনটি পালন করে।




সূর্যোদয়ের সাথে সাথে জাতীয় পতাকা উত্তোলন

## কিশোর ও তরুণদের মাঝে ডায়াবেটিস ও উচ্চ রক্তচাপ নির্ণয় কর্মসূচী পালন

নন কমিউনিকেবল ডিজিজ কন্ট্রোল প্রোগ্রাম, স্বাস্থ্য অধিদপ্তর ও বাংলাদেশ ডায়াবেটিক সমিতি যৌথভাবে দেশব্যাপী ১৫ হতে ৩৫ বছর বয়সীদের মধ্যে ডায়াবেটিস ও উচ্চ রক্তচাপ নির্ণয় বিষয়ক একটি বৈজ্ঞানিক সমীক্ষা পরিচালনা করে। এই কমূসূচীর আওতায় বাংলাদেশ ডায়াবেটিক সমিতি ও নন কমিউনিকেবল ডিজিজ কন্ট্রোল প্রোগ্রাম (এনসিডিসি), স্বাস্থ্য অধিদপ্তরের আয়োজনে ও বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশনের সহযোগিতায় ২৯ আগস্ট, ২০২১ নিউ বেইলী রোড গাইড হাউজ, জাতীয় কার্যালয়ের গাইড অডিটোরিয়ামে ডায়াবেটিস ও উচ্চ রক্তচাপ নির্ণয় কর্মসূচী অনুষ্ঠিত হয়। বাংলাদেশ সরকারের সকল নির্দেশনা অনুসরণ করে সমীক্ষাটিতে অংশগ্রহণকারীদের বিনামূল্যে ব্লাড সুগার, রক্তচাপ, রক্তের চর্বি, কিডনি, হার্ট, চোখ ও পায়ের জটিলতা পরীক্ষা করা হয়। বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশনের জাতীয় কার্যালয়, রাজধানী ও ঢাকা অঞ্চলের গাইড, রেঞ্জার, গাইডার ও অফিস স্টাফ সহ ১৪০ জনকে পরীক্ষা করা হয়।



গাইড অডিটোরিয়ামে ডায়াবেটিস ও উচ্চ রক্তচাপ নির্ণয় কর্মসূচীর উদ্বোধন করেন জাতীয় কমিশনার কাজী জেবুন্নেছা বেগম

বাংলাদেশ ডায়াবেটিক সমিতি ও নন কমিউনিকেবল ডিজিজ কন্ট্রোল প্রোগ্রাম (এনসিডিসি), স্বাস্থ্য অধিদপ্তরের আয়োজনে ও বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশনের সহযোগিতায় দেশের ৮টি বিভাগের ১টি জেলা শহর ও গ্রামে সমীক্ষাটি পরিচালিত হয়।




গাইড ও রেঞ্জারদের ব্লাড সুগার, রক্তচাপ, রক্তের চর্বি, কিডনি, হার্ট, চোখ ও পায়ের জটিলতা পরীক্ষা করা হয়

## মাস্ক ও হ্যান্ড স্যানিটাইজার হস্তান্তর অনুষ্ঠান

২৫ সেপ্টেম্বর, শনিবার ২০২১ বেইলী রোড, গাইড হাউজ, জাতীয় কার্যালয়ের গাইড অডিটোরিয়ামে জাতীয় ম্যালেরিয়া নির্মুল ও এডিসবাহিত রোগ নিয়ন্ত্রন কর্মসূচী, রোগ নিয়ন্ত্রন শাখা, (সিডিসি) স্বাস্থ্য অধিদপ্তর ১০ হাজার মাস্ক এবং ইউ এন এইড কর্তৃপক্ষের উপস্থিতিতে ১০ হাজার হ্যান্ড স্যানিটাইজার বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশনকে হস্তান্তর করা হয়। ইউ এন এইডস্ এর কান্ট্রি ম্যানেজার ড. সায়মা খান, ড. রওনক জাহান, ইউনিসেফ-এর মাহফুজা রহমান, সিডিসি, ডিজিএইচ এস এর-ড. আফসানা এ সময় উপস্থিত ছিলেন। বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশনের পক্ষে জাতীয় কমিশনার কাজী জেবুন্নেছা বেগম তা গ্রহণ করেন। অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন ডেপুটি জাতীয় কমিশনার (দ্বয়) সাবিনা ফেরদৌস ও প্রফেসর ড. ইয়াসমিন আহমেদ এবং চট্টগ্রাম অঞ্চলের আঞ্চলিক কমিশনার নিরুপা দেওয়ান।




গাইড অডিটোরিয়ামে জাতীয় ম্যালেরিয়া নির্মুল ও এডিসবাহিত রোগ নিয়ন্ত্রন কর্মসূচী, রোগ নিয়ন্ত্রন শাখা, (সিডিসি) স্বাস্থ্য অধিদপ্তর এবং ইউ এন এইড কর্তৃপক্ষের উপস্থিতিতে হ্যান্ড স্যানিটাইজার বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশনকে হস্তান্তর করে

উল্লেখ্য, কোভিড-১৯ মহামারী সচেতনতা এবং স্বাস্থ্য সুরক্ষার জন্য এসোসিয়েশনের হলদে পাখি, গাইড, রেঞ্জার, শিক্ষা প্রতিষ্ঠানে অধ্যয়নরত ছাত্রীদের এবং বিভিন্ন কর্মসূচিতে অংশগ্রহণকারীদের মাঝে বিতরণ করা হবে। এ ছাড়া জাতীয় কমিশনার প্রতিটি রেঞ্জার মেয়েকে টিকার আওতায় আনার জন্য রেজিস্ট্রেশন করার প্রতি জোর দেন।

## বিশ্ব ডায়াবেটিস দিবস পালন

১৪ নভেম্বর, ২০২১ সারা দেশেই বিশ্ব ডায়াবেটিস দিবস পালিত হয়েছে। দিবসের প্রতিপাদ্য, 'ডায়াবেটিস সেবা নিতে আর দেরী নয়'। এ উপলক্ষে বাংলাদেশ ডায়াবেটিক সমিতির সহযোগিতায় বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশনের উদ্যোগে বেইলী রোড, গাইড হাউজ, জাতীয় কার্যালয়ে এর কর্মসূচি পালিত হয়। বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশনের জাতীয় কমিশনার কাজী জেবুন্নেছা বেগম কর্মসূচির উদ্বোধনের পর জাতীয় কার্যালয়, রাজধানী ও ঢাকা অঞ্চলের কর্মকর্তা, কর্মচারী সহ সকলের ডায়াবেটিস পরীক্ষা ও প্রেসার মাপা হয়। ডায়াবেটিসের কারণে হৃদরোগ, মস্তিস্কে রক্তক্ষরণ বা স্ট্রোক, কিডনি রোগ, চোখের রোগ, পঙ্গুত্ব ও মাড়ির রোগ হয় বলে ডায়াবেটিস সমিতি জানিয়েছে।






বাংলাদেশ ডায়াবেটিক সমিতির সহযোগিতায় বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশনের উদ্যোগে বেইলী রোড, গাইড হাউজ, জাতীয় কার্যালয়ে কর্মসূচি পালিত হয়

## গাইড গাইডার বেসিক কোর্স প্রশিক্ষণ অনুষ্ঠিত




গাইড গাইডার বেসিক কোর্স প্রশিক্ষণে অংশগ্রহণকারীদের হাতে সনদপ্রত্র তুলে দেন জাতীয় কমিশনার কাজী জেবুন্নেছা বেগম

৫ হতে ৯ ডিসেম্বর, ২০২১ সপ্তাহব্যাপী সরকারি শারীরিক শিক্ষা কলেজ, মোহাম্মদপুর ঢাকায় বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশনের উদ্যোগে গাইড গাইডার বেসিক কোর্স প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়। গার্ল গাইডের ৬টি ক্ষেত্র সম্বন্ধে ধারণা, গাইড কোম্পানী পরিচালনা, সেরিমোনিয়ালস, গাইড নৈপুণ্য সূচক ব্যাজ অ্যাওয়ার্ড, আন্তর্জাতিক জ্ঞান, ওয়াগ্স এর কারেন্ট ইস্যু, প্রকল্প সম্বন্ধে ধারণা, গাইডারের দায়িত্ব, কর্তব্য ও গুণাবলী ইত্যাদি। প্রশিক্ষণ দেন প্রশিক্ষণ কমিশনার সাহেদা হোসেন চৌধুরী, প্রশিক্ষণ সাব কমিটির সদস্য হোসনে আরা বেগম, ঢাকা অঞ্চলের ট্রেইনার কাজী শামীমা ও নাজনীন ইসলাম। অংশগ্রহণকারীদের পরীক্ষা গ্রহণ করেন জাতীয় কার্যালয়ের ট্রেইনার সালেহা বেগম ও দীক্ষা দেন প্রশিক্ষণ কমিশনার সাহেদা হোসেন চৌধুরী।

২০ ডিসেম্বর, ২০২১ প্রশিক্ষণের সমাপনী দিনে সনদপত্র বিতরণ করা হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন, কাজী জেবুন্নেছা বেগম, জাতীয় কমিশনার, বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশন ও অতিরিক্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়। বিশেষ অতিথি ছিলেন সাহেদা হোসেন চৌধুরী, প্রশিক্ষণ কমিশনার, বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশন। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন, পারভীন লায়লা, অধ্যক্ষ, সরকারি শারীরিক শিক্ষা কলেজ, মোহাম্মদপুর, ঢাকা। অনুষ্ঠানে প্রফেসর ড. ইয়াসমিন আহমেদ, ডেপুটি জাতীয় কমিশনার (প্রোগ্রাম) ও গাইড সদস্যবৃন্দ উপস্থিত ছিলেন। শেষে জাতীয় কমিশনার অংশগ্রহণকারীদের মাঝে সনদপ্রত্র বিতরণ করেন। ট্যাপস্ এর মধ্য দিয়ে অনুষ্ঠানের সমাপ্তি হয়। সরকারি শারীরিক শিক্ষা কলেজ, মোহাম্মদপুরে প্রশিক্ষণরত ২৯ জন বিপিএড প্রশিক্ষণার্থী গাইড গাইডার বেসিক কোর্স প্রশিক্ষণ গ্রহণ করেন।




গাইড গাইডার বেসিক কোর্স প্রশিক্ষণে বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান হতে আগত অংশগ্রহণকারীদের মাঝে রয়েছেন জাতীয় কমিশনার কাজী জেবুন্নেছা বেগম সহ গাইড সদস্যবৃন্দ



করোনা ভাইরাস থেকে নিজেকে রক্ষা করতে হলে বাইরে যাওয়ার সময় অবশ্যই মাস্ক ব্যবহার করুন ও অন্যকেও মাস্ক ব্যবহার করতে উৎসাহিত করুন।

ডেঙ্গু থেকে বাঁচার উপায়, বাড়ির আঙ্গিনায় বৃষ্টির পানি জমতে দেয়া যাবেনা, নিয়মিত টবের পানি ফেলে পরিষ্কার করা। সচেতনতা বৃদ্ধি করা। আসুন ডেঙ্গু থেকে বাঁচতে আমরা নিজেরা সচেতন হই, অন্যকেও উৎসাহিত করি।



# ইয়েস গার্লস্ মুভমেন্ট ন্যাশনাল টাস্ক ফোর্স টিম বাংলাদেশ-এর বার্ষিক সমাপনী অনুষ্ঠান

ইয়ূথ এক্সচেঞ্জ সাউথ টু সাউথ (ইয়েস) গার্লস্ মুভমেন্ট বিশ্ব গার্ল গাইডস্ ও গার্ল স্কাউটস্ সংস্থার (ওয়াগ্‌স) একটি আন্তর্জাতিক এক্সচেঞ্জ প্রোগ্রাম। ২৭ ডিসেম্বর, ২০২১ বেইলী রোড, গাইড হাউজ, জাতীয় কার্যালয় গাইড অডিটোরিয়ামে বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশন-এর উদ্যোগে ইয়ূথ এক্সচেঞ্জ সাউথ টু সাউথ (ইয়েস) গার্লস্ মুভমেন্ট ন্যাশনাল টাস্ক ফোর্স টিম বাংলাদেশ-এর বার্ষিক সমাপনী অনুষ্ঠান 'কানেক্ট টু ইয়েস' অনুষ্ঠিত হয়।






ইয়ূথ এক্সচেঞ্জ সাউথ টু সাউথ (ইয়েস) গার্লস্ মুভমেন্ট ন্যাশনাল টাস্ক ফোর্স টিম বাংলাদেশ-এর বার্ষিক সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্য দেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব কাজী জেবুন্নেছা বেগম, জাতীয় কমিশনার, বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশন (বায়ে) ও তামরিন আফরোজকে কান্ট্রি কো-অর্ডিনেটর-এর স্বীকৃতি সম্মাননা অ্যাওয়ার্ড তুলে দেন জাতীয় কমিশনার



ইয়ূথ এক্সচেঞ্জ সাউথ টু সাউথ (ইয়েস) গার্লস্ মুভমেন্ট ন্যাশনাল টাস্ক ফোর্স টিম বাংলাদেশ-এর বার্ষিক সমাপনী অনুষ্ঠানে ন্যাশনাল টাস্ক ফোর্স এর রেঞ্জারবৃন্দ

অনুষ্ঠানে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব কাজী জেবুন্নেছা বেগম, জাতীয় কমিশনার, বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশন, প্রধান অতিথি ছিলেন। বিশেষ অতিথি ছিলেন কান্ট্রি কো-অর্ডিনেটর, ইউনাইটেড নেশনস বাংলাদেশ, জনাব আক্তার উদ্দিন। এসোসিয়েশনের ডেপুটি জাতীয় কমিশনারদ্বয় সাবিনা ফেরদৌস ও প্রফেসর ড. ইয়াসমিন আহমেদ শুভেচ্ছা বক্তব্য দেন। ইয়েস গার্লস্ মুভমেন্ট, ২০২১-এর এক বছরব্যাপী প্রজেক্টে ন্যাশনাল টাস্ক ফোর্স হিসেবে ছিলেন ২৫জন রেঞ্জার। তাদের তত্ত্বাবধানে গার্ল গাইডের সকল অঞ্চল হতে ২৫০জন রেঞ্জার দিনব্যাপী অনুষ্ঠিত একাধিক কর্মশালায় অংশগ্রহণ করেন। রেঞ্জারদের পাঁচটি দলে ভাগ করে লিডারশীপ মাইন্ডসেট, রি ইউজেবল প্যাড মেকিং, দূষণ ফ্রি ভিশন বোর্ড, মাস্ক মেকিং, কোভিড অ্যাওয়ার্নেস ক্যাপাসিটি বিল্ডিং, অনলাইন কনটেন্ট ক্রিয়েশন সহ আরো অনেক বিষয়ের কর্মশালা অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানে তামরিন আফরোজকে কান্ট্রি কো-অর্ডিনেটর-এর স্বীকৃতি সম্মাননা ও মুবাশ্বিরা উদ্দীন ঈষীকাকে ইয়েস এলামনাই রিকগনিশন (ব্যাক টু মাই রুট ক্যাম্পেইন) অ্যাওয়ার্ড তুলে দেন জাতীয় কমিশনার কাজী জেবুন্নেছা বেগম। এ ছাড়া ন্যাশনাল টাস্ক ফোর্স-২০২১-এর টিম লিডার ও টিম মেম্বারদের সম্মাননা ও সেরা দল সম্মাননা প্রদান করা হয়। শেষে ট্যাপস্ ও মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশনার মধ্য দিয়ে অনুষ্ঠানের সমাপ্তি হয়।



করোনা ভাইরাস থেকে নিজেকে রক্ষা করতে হলে বাইরে যাওয়ার সময় অবশ্যই মাস্ক ব্যবহার করুন ও অন্যকেও মাস্ক ব্যবহার করতে উৎসাহিত করুন।

## বরিশাল অঞ্চল ঃ এপ্রিল-ডিসেম্বর ২০২১ পর্যন্ত বাস্তবায়িত কার্যক্রম

**একদিনের ওরিয়েন্টেশন ঃ** ভোলা জেলায় সামাজিক দূরত্ব এবং সম্পূর্ণ স্বাস্থ্যবিধি মেনে ৪ এপ্রিল, ২০২১ কারিগরি ও মাদ্রাসার শিক্ষিকাদের নিয়ে ১দিনের ওরিয়েন্টেশন ভোলা সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ে অনুষ্ঠিত হয়। ভোলা জেলার উপজেলা সমূহের ৪০টি কারিগরি ও মাদ্রাসা শিক্ষা প্রতিষ্ঠান হতে ৪০ জন মহিলা শিক্ষিকা ওরিয়েন্টেশনে অংশগ্রহণ করেন। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন মাধব চন্দ্র দাস, জেলা শিক্ষা অফিসার, ভোলা। বিশেষ অতিথি ছিলেন ভোলা সদরের উপজেলা শিক্ষা অফিসার নুরে আলম সিদ্দিকী এবং ভোলা সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক এ, কে, এম ছালেহ উদ্দিন। ভোলা জেলা কমিটির কমিশনার, সচিব এবং ট্রেজারার ও স্থানীয় কমিশনার সহ ৫০ জন ওরিয়েন্টেশনে উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ভোলা জেলা গাইড কমিশনার রেহানা শরমীন।

করোনা ভাইরাস থেকে নিজেকে রক্ষা করতে হলে বাইরে যাওয়ার সময় অবশ্যই মাস্ক ব্যবহার করুন ও অন্যকেও মাস্ক ব্যবহার করতে উৎসাহিত করুন।




ভোলা সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ে অনুষ্ঠিত এক দিনের ওরিয়েন্টেশনে প্রধান অতিথি ছিলেন মাধব চন্দ্র দাস জেলা শিক্ষা অফিসার, ভোলা

**বরগুনা জেলা ঃ** বরগুনা জেলায় সামাজিক দুরত্ব এবং সম্পূর্ণ স্বাস্থ্যবিধি মেনে ২৫ আগস্ট, ২০২১ কারিগরি ও মাদ্রাসার শিক্ষিকাদের নিয়ে একদিনের ওরিয়েন্টেশন বরগুনা আদর্শ বালিকা উচ্চ বিদ্যালয়ে অনুষ্ঠিত হয়। ওরিয়েন্টেশনে বরগুনা জেলার উপজেলা সমূহের কারিগরি ও মাদ্রাসা শিক্ষা প্রতিষ্ঠান হতে ৪০ জন মহিলা শিক্ষিকা অংশগ্রহণ করেন। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন মোঃ শাহাদাত হোসেন, জেলা শিক্ষা অফিসার, বরগুনা। বরগুনা জেলা কমিটির কমিশনার, সচিব এবং ট্রেজারার ও স্থানীয় কমিশনার সহ ৫০ জন ওরিয়েন্টেশনে উপস্থিত ছিলেন। সভাপতিত্ব করেন বরগুনা জেলা কমিশনার জাকিয়া সুলতানা।

**পটুয়াখালী জেলা ঃ** পটুয়াখালী জেলায় সামাজিক দূরত্ব এবং সম্পূর্ণ স্বাস্থ্যবিধি মেনে ৬ সেপ্টেম্বর, ২০২১ কারিগরি ও মাদ্রাসার শিক্ষিকাদের নিয়ে একদিনের ওরিয়েন্টেশন পটুয়াখালী সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ে অনুষ্ঠিত হয়। ওরিয়েন্টেশনে পটুয়াখালী জেলার সকল উপজেলা ও কারিগরি ও মাদ্রাসা শিক্ষা প্রতিষ্ঠান হতে ৪০ জন শিক্ষিকা অংশগ্রহণ করেন। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন মোঃ জাহাঙ্গীর হোসাইন, জেলা শিক্ষা অফিসার, পটুয়াখালী। পটুয়াখালী জেলা কমিটির কমিশনার, সচিব এবং ট্রেজারার ও স্থানীয় কমিশনার সহ ৫০ জন ওরিয়েন্টেশনে উপস্থিত ছিলেন। সভাপতিত্ব করেন পটুয়াখালী জেলা কমিশনার রোকেয়া বেগম।

**ঝালকাঠী জেলা ঃ** ঝালকাঠী জেলায় সামাজিক দুরত্ব এবং সম্পূর্ণ স্বাস্থ্যবিধি মেনে ৮ সেপ্টেম্বর, ২০২১ কারিগরি ও মাদ্রাসার শিক্ষিকাদের নিয়ে দিনের ওরিয়েন্টেশন ঝালকাঠী পৌরসভা আদর্শ মাধ্যমিক বিদ্যালয়ে অনুষ্ঠিত হয়। ওরিয়েন্টেশনে ঝালকাঠী জেলার উপজেলা সমূহের কারিগরি ও মাদ্রাসা শিক্ষা প্রতিষ্ঠান হতে ৪০ জন শিক্ষিকা অংশগ্রহণ করেন। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন মোঃ সিদ্দিকুর রহমান খান, জেলা শিক্ষা অফিসার, ঝালকাঠী। ঝালকাঠী জেলা কমিটির কমিশনার, সচিব, ট্রেজারার ও স্থানীয় কমিশনার সহ ৫০ জন ওরিয়েন্টেশনে উপস্থিত ছিলেন। সভাপতিত্ব করেন ঝালকাঠী জেলা কমিশনার রমলা রানী নাথ।

**ডায়াবেটিস ও উচ্চ রক্তচাপ নির্ণয় বিষয়ক বৈজ্ঞানিক সমীক্ষা ঃ** ১০ ও ১১ সেপ্টেম্বর, ২০২১ পর্যন্ত বাংলাদেশ ডায়াবেটিক সমিতি ও নন কমিউনিকেবল ডিজিজ কন্ট্রোল প্রোগ্রাম, স্বাস্থ্য অধিদপ্তরের সহায়তায় বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশনের উদ্যোগে দেশব্যাপী ১৫ হতে ৩৫ বছর বয়সী "কিশোর ও তরুণদের মধ্যে ডায়াবেটিস ও উচ্চ রক্তচাপ নির্ণয়" বিষয়ক বৈজ্ঞানিক সমীক্ষা বরিশাল বিভাগের একটি জেলা শহর ও একটি উপজেলাতে পরিচালিত হয়। সমীক্ষাটিতে অংশগ্রহণকারীদের বিনামূল্যে ব্লাডসুগার এইচবিএসি, রক্তচাপ, রক্তের চর্বি, কিডনি, হার্ট, চোখ ও পায়ের জটিলতা পরীক্ষা করা হয়। সমীক্ষাটিতে ৩০ জন করে গাইড, রেঞ্জার, যুবানেত্রী ও গাইড সদস্য সহ ৬০ জন অংশগ্রহণ করেন। বরিশাল জেলা ও বাকেরগঞ্জ উপজেলায় সমীক্ষা ২টি অনুষ্ঠিত হয়।

**কোভিড ১৯ এর টিকাদান ঃ** ৫ আগস্ট হতে বরিশাল সিটি কর্পোরেশন উদ্যোগে বরিশাল আঞ্চলিক কার্যালয়ে কোভিড ১৯ এর টিকাদান কেন্দ্র স্থাপন করা হয়। টিকাদান কেন্দ্রে বরিশাল অঞ্চলের ১০ জন রেঞ্জার সেবাদান করেন। কার্যক্রম চলমান আছে।

**মাননীয় প্রধান মন্ত্রীর জন্মদিন উদযাপন ঃ** ১৮ সেপ্টেম্বর ২০২১ গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনার ৭৫ তম শুভ জন্মদিন উপলক্ষে বরিশাল জেলার উদ্যোগে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

**জাতীয় শোক দিবস পালন ঃ** ১৫ আগস্ট জাতীয় শোক দিবস, ২০২১ উপলক্ষে বরিশাল আঞ্চলিক কার্যালয়ে আলোচনা সভা অনুষ্ঠিত হয়। এ উপলক্ষে হলদে পাখি ও গাইডদের চিত্রাংকণ এবং রেঞ্জারদের বঙ্গবন্ধু ও বাংলাদেশের প্রতিপাদ্য বিষয়ের উপর রচনা প্রতিযোগিতায় বিজয়ীদের পুরষ্কৃত করা হয়। প্রতিযোগিতায় সকল অংশগ্রহণকারীর পুরস্কার বিতরণ করেন আঞ্চলিক কমিশনার ও আঞ্চলিক কার্যনির্বাহী কমিটির সদস্যবৃন্দ।

**জেলা কাউন্সিল ঃ** ২৮ সেপ্টেম্বর বরিশাল অঞ্চলের ঝালকাঠী জেলা কাউন্সিল-২০২১ ঝালকাঠী জেলা শিক্ষা অফিসারের নেতৃত্বে অনুষ্ঠিত হয়। সভায় ঝালকাঠী জেলা কমিটি গঠন করা হয়।

**আঞ্চলিক পরিষদ অধিবেশন ঃ** ৩ ডিসেম্বর, ২০২১ বরিশাল ক্লাব, ক্লাব রোড, বরিশালে অঞ্চল এর ৯ম আঞ্চলিক পরিষদ অধিবেশন অনুষ্ঠিত হয়। অধিবেশনে প্রধান অতিথি ছিলেন কাজী জেবুন্নেছা বেগম, জাতীয় কমিশনার, বাংলাদেশ গার্ল গাইডস এসোসিয়েশন ও অতিরিক্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়। বিশেষ অতিথি ছিলেন মোঃ আনোয়ার হোসেন, উপ পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, বরিশাল অঞ্চল। আরও উপস্থিত ছিলেন প্রফেসর ড. ইয়াসমিন আহমেদ, ডেপুটি জাতীয় কমিশনার (প্রোগ্রাম) ও জাহান আরা বেগম, ট্রেজারার। জেলা প্রশাসকের প্রতিনিধি হিসেবে উপস্থিত ছিলেন সুব্রত কুমার, সহকারী

কমিশনার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট, জেলা প্রশাসকের কার্যালয়, বরিশাল। এছাড়া অতিথি হিসেবে জাতীয় কার্যালয় হতে রাফিকা আফরোজ, সহযোগী কোষাধ্যক্ষ, তানজিনা বিনতে মোশাররফ, জেনারেল সেক্রেটারী, সাবিনা বেগম, জনসংযোগ, প্রচার ও প্রকাশনা কর্মকর্তা, মালেকা পারভীন লাকী, জাতীয় কমিশনারের ব্যাক্তিগত কর্মকর্তা অধিবেশনে উপস্থিত ছিলেন।







আঞ্চলিক পরিষদ অধিবেশনে প্রধান অতিথির বক্তব্য দেন কাজী জেবুন্নেছা বেগম, জাতীয় কমিশনার, বাংলাদেশ গার্ল গাইডস এসোসিয়েশন ও অতিরিক্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (বায়ে) ও বিশেষ অতিথি মোঃ আনোয়ার হোসেন, উপ পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, বরিশাল অঞ্চল

বরিশাল অঞ্চলের ৬টি জেলা এবং সকল উপজেলা হতে কমিশনার, সচিব, কোষাধ্যক্ষ এবং গাইড সদস্য সহ মোট ২৫০ জন অধিবেশনে অংশগ্রহণ করেন। রাবেয়া খাতুন, আঞ্চলিক কমিশনার, বরিশাল অঞ্চল অধিবেশনে সভাপতিত্ব করেন।

**লঞ্চ অগ্নিকান্ডে আহত ব্যাক্তিদের মাঝে পোষাকসামগ্রী বিতরণ ঃ** ঝালকাঠীর সুগন্ধা নদীতে লঞ্চে অগ্নিকান্ডের দুর্ঘটনায় আহত হয়ে বরিশাল শের ই বাংলা মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তিকৃত রোগীদের মাঝে বরিশাল অঞ্চলের উদ্যোগে ২৯ ডিসেম্বর-২০২১ পোষাক সামগ্রী বিতরণ করা হয়। অঞ্চলের আঞ্চলিক কমিশনার রাবেয়া খাতুন ২৮ ডিসেম্বর বরিশাল শের ই বাংলা মেডিকেল কলেজ হাসপাতালে গিয়ে বার্ণ ইউনিটে ভর্তিকৃত সকল রোগীর সাথে কথা বলেন এবং তাদের খোঁজ খবর নেন। এ সময় তিনি উপলব্ধি করেন, তাদের মাঝে পোশাক বিতরণ করা জরুরী। কোন রোগীর কি ধরণের পোশাক লাগবে সে হিসেবে তালিকা প্রস্তুত করে ২৯ ডিসেম্বর আঞ্চলিক কার্যনির্বাহী কমিটির সদস্যবৃন্দ এবং কর্মকর্তা-কর্মচারীবৃন্দ সহ পোষাক সামগ্রী নিয়ে হাসপাতালে গিয়ে রোগীদের মাঝে বিতরণ করা হয়। এ সময় বরিশাল শের ই বাংলা মেডিকেল কলেজ হাসপাতালের পরিচালক ডাঃ মোঃ সাইফুল ইসলাম আঞ্চলিক কমিটির সাথে প্রত্যেক রোগীর কাছে গিয়ে পোষাক বিতরণ কাজে অংশ নেন। অগ্নিদগ্ধ ১৪ জন মহিলাকে মেক্সি, ১৮ জন পুরুশের মাঝে লুঙ্গী ও হরলিক্স, ৭ জন শিশুকে টি-শার্ট এবং ট্রাউজার এবং ২ জন কিশোরীকে কাপড় বিতরণ করা হয়। আঞ্চলিক কমিশনার হাসপাতালের পরিচালকের সাথে রোগীদের চিকিৎসার সার্বিক বিষয়ে কথা বলেন এবং তাদের সুস্থতা কামনা করে দোয়া করেন। এ সময় উপস্থিত ছিলেন আঞ্চলিক সচিব হাসিন আরা বেগম, ট্রেজারার দিপালী বাইন, জেলা কমিশনার জেসমীন নাহার, স্থানীয় কমিশনার মমতাজ পারভীন, রেঞ্জার কমিশনার দিনারা বেগম, হলদে পাখি কমিশনার রেহানা বেগম সহ আরও অনেকে।

ডেঙ্গু থেকে বাঁচার উপায়, বাড়ির আঙ্গিনায় বৃষ্টির পানি জমতে দেয়া যাবেনা, নিয়মিত টবের পানি ফেলে পরিষ্কার করা। সচেতনতা বৃদ্ধি করা। আসুন ডেঙ্গু থেকে বাঁচতে আমরা নিজেরা সচেতন হই, অন্যকেও উৎসাহিত করি।







ঝালকাঠীর সুগন্ধা নদীতে লঞ্চে অগ্নিকান্ডের দুর্ঘটনায় আহত হয়ে বরিশাল শের ই বাংলা মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তিকৃত রোগীদের মাঝে বরিশাল অঞ্চলের উদ্যোগে সহায়তা প্রদান

## রাজধানী অঞ্চল ঃ এপ্রিল হতে নভেম্বর, ২০২১ পর্যন্ত বাস্তবায়িত কার্যক্রম

**বাংলাদেশ লায়ন্স ক্লাব ইন্টারন্যাশনাল বার্ষিক সম্মেলনে অংশগ্রহণ ঃ** ২ এপ্রিল, ২০২১ বাংলাদেশ লায়ন্স ক্লাব ইন্টারন্যাশনাল এর ২৮তম বার্ষিক সম্মেলন প্যান প্যাসিফিক সোনারগাঁও হোটেলে অনুষ্ঠিত হয়। সম্মেলনে ফ্লাগ প্যারেডে ৩০ জন রেঞ্জার সহ বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশন রাজধানী অঞ্চলের আঞ্চলিক ট্রেজারার মোসা: খায়রুন নাহার অংশগ্রহণ করেন।




সোনারগাঁও হোটেলে অনুষ্ঠিত লায়ন্স ক্লাব ইন্টারন্যাশনাল এর বার্ষিক সম্মেলন প্যান প্যাসিফিক ফ্লাগ প্যারেডে রেঞ্জার ও আঞ্চলিক ট্রেজারার অংশগ্রহণ করেন

**Independent Summit Dialogue, Smart Agriculture: Smart Future বিষয়ক কর্মসূচি ঃ** ৬ এপ্রিল, ২০২১ Bangladesh Institute of ICT In Development (BIID) আয়োজিত Smart Agriculture, Smart Future বিষয়ের উপর Independent Summit Dialogue কর্মসূচি ভার্চুয়ালি অনুষ্ঠিত হয়। কর্মসূচির মূল লক্ষ্য ছিল Making Inclusive Investment for Youth in Agriculture to Foster Sustainable Food Systems in Bangladesh.খাদ্য মন্ত্রণালয়ের ডিরেক্টর জেনারেল Bangladesh Institute of ICT In Development (BIID) এর চীফ এক্সিকিউটিভ অফিসার মো: শহীদ উদ্দিন আকবর সহ বিভিন্ন প্রতিষ্ঠানের উর্দ্ধতন কর্মকর্তাগণ কর্মসূচিতে বক্তব্য রাখেন। এছাড়াও রাজধানী অঞ্চলের রেঞ্জার কানিজ ফারজানা মনামী “কেন কৃষি উন্নয়নে তরুণদের অংশগ্রহণ প্রয়োজন যথেষ্ট আগ্রহী নয়, কীভাবে আমরা তরুণদের আগ্রহী করে তুলতে পারি” এই বিষয়ের উপর বক্তব্য প্রদান করেন। কর্মসূচিতে রাজধানী অঞ্চলের বিভিন্ন প্রতিষ্ঠান হতে ১১ জন রেঞ্জার অংশগ্রহণ করে।



**মুজিববর্ষ সংবাদ ঃ** ২৩ মে, ২০২১ ওসমানী স্মৃতি মিলনায়তন ঢাকায় মুজিব বর্ষ উপলক্ষে দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় নির্মিত ১১০টি বহুমুখী ঘুর্ণিঝড় আশ্রয় কেন্দ্র, ৩০টি বন্যা আশ্রয়কেন্দ্র, ৩০টি জেলা ত্রান গুদাম কাম দূর্যোগ ব্যবস্থাপনা কেন্দ্র ও ৫টি মুজিব কিল্লার উদ্বোধন ও ৫০টি মুজিব কিল্লার ভিত্তি প্রস্তর স্থাপন বিষয়ক অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে ভার্চুয়ালি উপস্থিত ছিলেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা। বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশন রাজধানী অঞ্চল হতে স্বেচ্ছাসেবক হিসেবে ১০জন রেঞ্জার অনুষ্ঠানে অংশগ্রহণ করে।

**ফ্রি বিইং মি কর্মসূচির বাস্তবায়ন ঃ** ১১ জুন, মিরপুর জেলার ১৪৭ জন, ২২, জুন মোহাম্মদপুর জেলার ১১৫ জন, ২৪ জুন, গুলশান-বনানী জেলার ৮৮ জন, ২৭ জুন উত্তরা জেলার ৮২ জন, ৩০ জুন ধানমণ্ডি জেলার ৮১ জন ও ২১ জুলাই, ২০২১ রমনা জেলার ৬০ জন সহ ৫৭৪ জন প্রশিক্ষণার্থীকে ফ্রি বিইং মি প্রশিক্ষণ প্রদান করা হয়। মাস্টার ট্রেইনার তাহমিনা বিনতে সিরাজ, সালতা নূর নাহার তিশা, রাইসা খাইরুম বিনতে সিদ্দিকী, ফারিহা ওয়াহিদ, ফ্যাসিলিটেটর মোহসিনা আশ্রাফ, তাহমিনা বিনতে সিরাজ, মডারেটর মুনতাহা বিনতে কিবরিয়া, নুরজাহান আকতার ইমু, ফারজানা আকতার, মুনতাহা বিনতে কিবরিয়া ভার্চুয়ালি প্রশিক্ষণ প্রদান করেন। সার্বিক দায়িত্বে ছিলেন তিথি দে, ট্রেইনার, রাজধানী অঞ্চল।



প্রশিক্ষণার্থীদের ফ্রি বিইং মি প্রশিক্ষণ প্রদান

## কারিগরি ও মাদ্রাসা শিক্ষা প্রতিষ্ঠানে গাইডিং সম্প্রসারণে কর্মসূচির বাস্তবায়িত কার্যক্রম

**ওরিয়েন্টেশন, মিরপুর জেলা ঃ** ১০ জুন ২০২১ মিরপুর গাইড জেলার কল্যাণপুর গার্লস স্কুল এন্ড কলেজে ১ দিনের ওরিয়েন্টেশন কোর্স অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন মো: বেনজীর আহম্মদ, জেলা শিক্ষা অফিসার ও বিশেষ অতিথি ছিলেন মো: আব্দুল কাদির ফকির, থানা মাধ্যমিক শিক্ষা অফিসার। সভাপতিত্ব করেন, শাহনাজ বেগম, জেলা কমিশনার মিরপুর জেলা।



মিরপুর গাইড জেলায় অনুষ্ঠিত ওরিয়েন্টেশন কোর্সের প্রধান অতিথির সাথে কোর্সে অংশগ্রহণকারীবৃন্দ

**গুলশান বনানী জেলা ঃ** ২০ জুন, ২০২১ গুলশান বনানী গাইড জেলা মহাখালী দারুল উলুম হোসাইনিয়া কামিল মাদ্রাসা, মহাখালী, ঢাকায় ১ দিনের ওরিয়েন্টেশন কোর্স অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি- মোহাম্মদ অমিদুর রহমান, থানা মাধ্যমিক শিক্ষা অফিসার, গুলশান, ঢাকা। বিশেষ অতিথি-ড. মুহাম্মদ নজরুল ইসলাম আল মারুফ, অধ্যক্ষ, মহাখালী দারুল উলূম হোসাইনিয়া কামিল মাদ্রাসা, ঢাকা উপস্থিত ছিলেন। সভাপতিত্ব করেন- মেহেরুন্নেসা বেগম, জেলা কমিশনার গুলশান বনানী জেলা




গুলশান বনানী জেলায় অনুষ্ঠিত ওরিয়েন্টেশন কোর্সে সভাপতিত্ব করেন মেহেরুন্নেসা বেগম জেলা কমিশনার, গুলশান বনানী জেলা

**পুরাতন ঢাকা জেলা ঃ** ২২ জুন, ২০২১ পুরাতন ঢাকা গাইড জেলার কামরুন্নেছা সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, টিকাটুলি, ঢাকায় ১ দিনের ওরিয়েন্টেশন কোর্স অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি-শাপলা খানম, থানা মাধ্যমিক শিক্ষা অফিসার, শ্যামপুর, ঢাকা উপস্থিত ছিলেন। সভাপতিত্ব করেন-ওবায়দা বানু, জেলা কমিশনার পুরাতন ঢাকা জেলা।




পুরাতন ঢাকা গাইড জেলার কামরুন্নেছা সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ে ওরিয়েন্টেশনকোর্সে প্রধান অতিথি-শাপলা খানম, থানা মাধ্যমিক শিক্ষা অফিসার উপস্থিত ছিলেন

**উত্তরা জেলা ঃ** ২৪ জুন, ২০২১ উত্তরা জেলার সিভিল এভিয়েশন উচ্চ বিদ্যালয়, কাউলা, ঢাকায় এক দিনের ওরিয়েন্টেশন কোর্স অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে সম্মানিত অতিথি-আসমা বানু, প্রাক্তন কোষাধ্যক্ষ উপস্থিত ছিলেন। সভাপতিত্ব করেন-সাবরিনা রশিদ চৌধুরী, জেলা কমিশনার উত্তরা জেলা।




গাইডিং সম্প্রসারণের লক্ষ্যে উত্তরা গাইড জেলায় ওরিয়েন্টেশনে বক্তব্য দেন প্রধান শিক্ষক, সিভিল এভিয়েশন উচ্চ বিদ্যালয় কুর্মিটোলা, ঢাকা

**ধানমন্ডি জেলা ঃ** ২৭ জুন, ২০২১ ধানমন্ডি গাইড জেলার ধানমন্ডি কামরুন্নেছা সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, ধানমন্ডি, ঢাকায় এক দিনের ওরিয়েন্টেশন কোর্স অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি- নাসরিন আক্তার, থানা একাডেমিক সুপারভাইজার, ধানমন্ডি, ঢাকা উপস্থিত ছিলেন। সভাপতিত্ব করেন-নাছরিন আক্তার, জেলা গাইড কমিশনার, ধানমন্ডি জেলা।

**তেজগাঁও জেলা ঃ** কারিগরি ও মাদ্রাসা শিক্ষা প্রতিষ্ঠানে গাইডিং সম্প্রসারণের লক্ষ্যে তেজগাঁও গাইড জেলায় এক দিনের ওরিয়েন্টেশনে মাদ্রাসা শিক্ষা প্রতিষ্ঠান হতে আগত অংশগ্রহণকারীর হাতে সার্টিফিকেট তুলে দিচ্ছেন মোহাম্মদ অমিদুর রহমান, থানা মাধ্যমিক শিক্ষা অফিসার, গুলশান, ঢাকা। উপস্থিত ছিলেন আমিনা খাতুন, জেলা কমিশনার, তেজগাঁও গাইড জেলা ও নাজমুন নাহার, থানা একাডেমিক সুপারভাইজার, থানা মাধ্যমিক শিক্ষা অফিস, গুলশান, ঢাকা।



ওরিয়েন্টেশনে মাদ্রাসা শিক্ষা প্রতিষ্ঠান হতে আগত অংশগ্রহণকারীর হাতে সার্টিফিকেট তুলে দেন মোহাম্মদ অমিদুর রহমান, থানা মাধ্যমিক শিক্ষা অফিসার

**রমনা জেলা ঃ** কারিগরি ও মাদ্রাসা শিক্ষা প্রতিষ্ঠানে গাইডিং সম্প্রসারণের লক্ষ্যে রমনা গাইড জেলায় এক দিনের ওরিয়েন্টেশনে অতিথির বক্তব্য দেন রঞ্জন কুমার রায়, অধ্যক্ষ, খিলগাঁও গার্লস স্কুল এন্ড কলেজ। উপস্থিত ছিলেন তানজিল আশ্রাফ, জেলা কমিশনার রমনা জেলা ও তাহমিনা বানু, সদস্য, রমনা জেলা ও সেক্রেটারী, রাজধানী অঞ্চল।




ওরিয়েন্টেশনে অতিথির বক্তব্য দেন রঞ্জন কুমার রায় অধ্যক্ষ, খিলগাঁও গার্লস স্কুল এন্ড কলেজ

**মৌলিক প্রশিক্ষণ ঃ** ১৩ হতে ১৭ জুন, ২০২১ পর্যন্ত ৫দিন গাইড গাইডার মৌলিক প্রশিক্ষণ গাউছিয়া ইসলামিয়া ফাযিল মাদ্রাসা, বাবর রোড,

মোহাম্মদপুর, ঢাকায় অনুষ্ঠিত হয়। উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি মোঃ বেনজীর আহম্মদ, জেলা শিক্ষা অফিসার, ঢাকা, বিশেষ অতিথি মোহাম্মদ অমিদুর রহমান, মোঃ রাজু আহম্মেদ, থানা মাধ্যমিক শিক্ষা অফিসার, মোহাম্মদপুর, ঢাকা উপস্থিত ছিলেন।

সমাপনী দিন প্রধান অতিথি জনাব মোঃ রাজু আহম্মেদ, থানা মাধ্যমিক শিক্ষা অফিসার, মোহাম্মদপুর, ঢাকা, বিশেষ অতিথি-মুহাম্মদ এজহারুল হক, অধ্যক্ষ, গাউছিয়া ইসলামিয়া ফাযিল মাদ্রাসা, মোহাম্মদপুর, ঢাকা উপস্থিত ছিলেন। সভাপতিত্ব করেন- সেলিনা বেগম চৌধুরী, জেলা কমিশনার মোহাম্মদপুর জেলা।



কারিগরি ও মাদ্রাসা শিক্ষা প্রতিষ্ঠানে গাইডিং সম্প্রসারণের লক্ষ্যে গাইড গাইডার মৌলিক প্রশিক্ষণে অংশগ্রহণকারীদের মাঝে উপস্থিত ছিলেন মোঃ রাজু আহম্মেদ থানা মাধ্যমিক শিক্ষা অফিসার মোহাম্মদপুর, ঢাকা

**বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ আয়োজিত হাত ধোয়া কর্মসুচি ঃ** ২২ জুন, ২০২১ বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ আয়োজিত হাত ধোয়া কর্মসুচি রাজধানী অঞ্চলের মিরপুর জেলার কল্যাণপুর গার্লস স্কুল এন্ড কলেজ, কল্যাণপুর, ঢাকায় অনুষ্ঠিত হয়। কর্মসূচিতে প্রধান অতিথি ছিলেন শাহনওয়াজ দিলরুবা খান, যুগ্ম সচিব ও সদস্য (আইন ও নীতি), বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ ও সদস্য, আঞ্চলিক কার্যনির্বাহী কমিটি, রজধানী অঞ্চল ও বিশেষ অতিথি ছিলেন ফেরদৌসী আক্তার ডলি, গাইড সম্প্রসারণ কমিশনার, বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশন। সভাপতিত্ব করেন শাহনাজ বেগম, অধ্যক্ষ, কল্যাণপুর গার্লস স্কুল এন্ড কলেজ ও জেলা কমিশনার, মিরপুর জেলা, রাজধানী অঞ্চল। কর্মসূচিতে রাজধানী অঞ্চলের গাইড ও রেঞ্জার সহ সর্বমোট ৬০ জন উপস্থিত ছিলেন।

১৩ জুলাই, ২০২১ বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ কর্তৃক আয়োজিত হাত ধোয়া কর্মসুচি রাজধানী অঞ্চলের রমনা জেলার সিদ্ধেশ্বরী গার্লস কলেজ, বেইলী রোড, ঢাকায় অনুষ্ঠিত হয়। কর্মসূচিতে প্রধান অতিথি ছিলেন শাহনওয়াজ দিলরুবা খান, যুগ্ম সচিব ও সদস্য (আইন ও নীতি), বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ ও সদস্য, আঞ্চলিক কার্যনির্বাহী কমিটি, রজধানী অঞ্চল, বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশন। সভাপতিত্ব করেন কানিজ মাহমুদা আকতার, অধ্যক্ষ, সিদ্ধেশ্বরী গার্লস কলেজ ও সদস্য, আঞ্চলিক কার্যনির্বাহী কমিটি, রাজধানী অঞ্চল। কর্মসূচিতে রাজধানী অঞ্চলের রেঞ্জার সহ ৩০ জন উপস্থিত ছিলেন।




জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস ২০২১ উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথি জনাব মোঃ শহীদুল ইসলাম, জেলা প্রশাসক, ঢাকা ও অন্যান্য অতিথিবৃন্দের সাথে রাজধানী অঞ্চলের রেঞ্জারদের একাংশ




বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের উদ্যোগে হাত ধোয়া কর্মসূচিতে অতিথি হিসেবে বক্তব্য দেন আব্দুর রহমান, উপসচিব, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ

**রেঞ্জার কাউন্সিলের সভা ঃ** ২৭ জুলাই, ২০২১ জাতীয় রেঞ্জার কাউন্সিলের উদ্যোগে রেঞ্জার কাউন্সিলের ৪র্থ সভা অনলাইন প্ল্যাটফর্ম জুম অ্যাপস-এর মাধ্যমে অনুষ্ঠিত হয়। সভায় রাজধানী অঞ্চল হতে রেঞ্জার রাফাত জাহান মৌমিতা ও রেঞ্জার রাজিয়া সুলতানা ইমু অংশগ্রহণ করে। সার্বিক দায়িত্বে ছিলেন মোসা: কামরুন নাহার, ট্রেইনার, রাজধানী অঞ্চল।





অনলাইন প্ল্যাটফর্ম জুম অ্যাপস-এর মাধ্যমে সভা অনুষ্ঠিত হয়

"Prepared For The New Normal" YESS Girls Movement-National Task Force" ঃ ১৩ ও ১৪ আগস্ট, ২০২১ জাতীয় কার্যালয়ের উদ্যোগে "Prepared For The New Normal" শীর্ষক Activity Pack এর উপর অনলাইন ভিত্তিক ২দিন ব্যাপী প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়। প্রশিক্ষণে রাজধানী অঞ্চল হতে ১০ জন রেঞ্জার অংশগ্রহণ করেন। সার্বিক দায়িত্ব পালন করেন তিথি দে, ট্রেইনার, রাজধানী অঞ্চল।

**১৫ আগস্ট জাতীয় শোক দিবস উপলক্ষে মাস্ক ও অর্থ সহায়তা প্রদান ঃ** ১৫ আগস্ট, ২০২১ গাইড হাউজ, নিউ বেইলী রোড, ঢাকায় রাজধানী অঞ্চলের উদ্যোগে মুজিব শতবর্ষ ও জাতীয় শোক দিবস উপলক্ষে করোনায় ক্ষতিগ্রস্থ, হত দরিদ্র, দিন মজুর ও সুবিধাবঞ্চিত মানুষের মাঝে মাস্ক ও অর্থ সহায়তা প্রদান করা হয়। কর্মসূচির উদ্বোধন করেন কাজী জেবুন্নেছা বেগম, জাতীয় কমিশনার, বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশন ও অতিরিক্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়। ডেপুটি জাতীয় কমিশনার (প্রোগ্রাম) প্রফেসর ড. ইয়াসমিন আহমেদ, রাজধানী অঞ্চলের আঞ্চলিক কমিশনার রওশন ইসলাম, আঞ্চলিক সেক্রেটারী তাহমিনা বানু, আঞ্চলিক কোষাধ্যক্ষ খায়রুন নাহার (শিল্পী), আঞ্চলিক কার্যনির্বাহী কমিটির সদস্য ও তেজগাঁও জেলা কমিশনার আমিনা খাতুন সহ জাতীয় কার্যালয়ের জেনারেল সেক্রেটারী তানজিনা বিনতে মোশাররফ ও জাতীয় কমিশনার এর ব্যক্তিগত কর্মকর্তা মালেকা পারভীন লাকী সহ গাইড সদস্যবৃন্দ উপস্থিত ছিলেন। কর্মসূচিতে ঢাকা মহানগরীর করোনায় ক্ষতিগ্রস্থ, হত দরিদ্র, দিন মজুর ও সুবিধাবঞ্চিত মানুষের মধ্যে মাস্ক ও আর্থিক সহায়তা প্রদান করা হয়। সার্বিক দায়িত্বে ছিলেন মোসা: কামরুন নাহার ও তিথি দে, ট্রেইনার, রাজধানী অঞ্চল।




সুবিধাবঞ্চিত মানুষের মাঝে মাস্ক ও অর্থ সহায়তা প্রদান করেন জাতীয় কমিশনার কাজী জেবুন্নেছা বেগম

**কিশোর ও তরুণদের মধ্যে ডায়াবেটিস ও উচ্চ রক্ত চাপ নির্ণয় সমীক্ষা ঃ** ২৯ আগস্ট, ২০২১ গাইড অডিটোরিয়ামে বাংলাদেশ ডায়াবেটিস সমিতি ও নন-কমিউনিকেবল ডিজিজ কন্ট্রোল প্রোগ্রাম, স্বাস্থ্য অধিদপ্তরের সহয়তায় বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশন জাতীয় কার্যালয়ের উদ্যোগে ১৫ হতে ৩৫ বছর বয়সীদের ডায়াবেটিস ও উচ্চ রক্তচাপ প্রতিরোধ নির্ণয় বিষয়ক সমীক্ষা কর্মসূচি অনুষ্ঠিত হয়। অনুষ্ঠান উদ্বোধন করেন কাজী জেবুন্নেছা বেগম, জাতীয় কমিশনার। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন সাবিনা ফেরদৌস ডেপুটি জাতীয় কমিশনার (প্রশাসন) প্রফেসর ড. ইয়াসমিন আহমেদ ডেপুটি জাতীয় কমিশনার (প্রোগ্রাম), জাহান আরা বেগম, কোষাধ্যক্ষ, রওশন ইসলাম আঞ্চলিক কমিশনার রাজধানী অঞ্চল। কর্মসূচিতে রাজধানী অঞ্চল হতে ১৫ হতে ৩৫ বছর বয়সী ১৫০ জন গাইড, রেঞ্জার ও গাইডার অংশগ্রহণ করে। সার্বিক দায়িত্বে ছিলেন তিথি দে জুনিয়র ট্রেইনার।




কিশোর ও তরুণদের মধ্যে ডায়াবেটিস ও উচ্চ রক্তচাপ নির্ণয় সমীক্ষায় রাজধানী অঞ্চলের অংশগ্রহণকারী গাইড ও রেঞ্জারদের রেজিস্ট্রেশন

**"2 DAYS WEBINAR SERIES-BREAK THE BARRIER" শীর্ষক কর্মসূচি ঃ** ২৯ ও ৩০ আগস্ট, ২০২১ আন্তর্জাতিক যুব দিবস এবং বিশ্ব মানবতা দিবস উপলক্ষে আয়োজিত দুই দিনব্যাপী টু ডেইজ ওয়েবিনার সিরিজ ব্রেক দ্যা ব্যারিয়ার অনুষ্ঠিত হয়। প্রথম দিন বিকাল তিনটা থেকে সাড়ে পাঁচটা এবং দ্বিতীয় দিনের অনুষ্ঠান বিকাল চারটা থেকে সন্ধ্যা ছয়টা পর্যন্ত অনলাইনে অনুষ্ঠিত হয়। আন্তর্জাতিক যুব দিবসের প্রতিপাদ্য বিষয় ছিল "কোভিড টাইম আরলি ম্যারেজ এ্যাওয়ারনেস অ্যান্ড মেনসট্রুয়াল লিমিটেড," যা স্বতঃস্ফূর্তভাবে সম্পন্ন হয়। ওয়েবিনারটিতে আরলি ম্যারিজ অ্যাওয়ারনেস ও রিইউজেবল প্যাড তৈরী বিষয় দুটির উপর জোর দেওয়া হয়। দ্বিতীয় দিনের ওয়েবিনারটি বিশ্ব মানবতা দিবস উপলক্ষে অনুষ্ঠিত হয়, যেখানে গার্ল গাইডস্ এসোসিয়েশন এর মানবিক কার্যক্রম ও এই সংস্থার সঙ্গে যুক্ত কিছু মহীয়সী নারীর অনুপ্রেরণা মূলক কথা উপস্থাপন করা হয়।

যে সকল অনুপ্রেরক উদ্দীপ্ত নারীরা তাদের জীবনের গল্প উপস্থাপনে ওয়েবিনারটিতে উপস্থিত ছিলেন তারা হলেন ডেপুটি জাতীয় কমিশনার (প্রোগ্রাম), প্রাক্তন অধ্যক্ষ ইডেন মহিলা কলেজ ও শান্ত মারিয়াম বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ড. ইয়াসমিন আহমেদ, রাজধানী অঞ্চলের কার্যনির্বাহী কমিটির সদস্য ও নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের যুগ্ম সচিব (সদস্য) শাহনওয়াজ দিলরুবা খান, রাজধানী অঞ্চলের আঞ্চলিক কমিশনার রওশন ইসলাম এবং যুবানেত্রী মাহনাজ হোসেন ফারিবা। অনুষ্ঠানে বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান হতে হলদে পাখি, গাইড, রেঞ্জার, গাইডার সহ গাইড সদস্যরা অংশগ্রহণ করেন। সার্বিক দায়িত্বে ছিলেন তিথি দে, জুনিয়র ট্রেইনার, রাজধানী অঞ্চল।





**ব্যান্ড অডিট পর্যবেক্ষণ কর্মসূচি ঃ** ৭ সেপ্টেম্বর, ২০২১ তারিখ পরিবেশ ও সামাজিক উন্নয়ন সংস্থা ইএসডিও আয়োজিত প্লাস্টিক আইটেমের উপর ব্যান্ড অডিটিং ২০২১ ধানমন্ডি লেকে অনুষ্ঠিত হয়। উক্ত কর্মসূচিতে বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশন, রাজধানী অঞ্চল হতে ২০ জন রেঞ্জার স্বেচ্ছাসেবক হিসেবে অংশগ্রহণ করে।



পরিবেশ ও সামাজিক উন্নয়ন সংস্থা ইএসডিও আয়োজিত প্লাস্টিক আইটেমের উপর ব্যান্ড অডিটিং কর্মসূচিতে রেঞ্জাররা অংশগ্রহণ করে




পরিবেশ ও সামাজিক উন্নয়ন সংস্থা ইএসডিও এর উদ্যোগে অনুষ্ঠিত প্লাস্টিক আইটেমের উপর ব্যান্ড অডিটিং কর্মসূচিতে রেঞ্জাররা অংশগ্রহণ করে




ধানমণ্ডি কামরুন্নেসা স্কুলে গার্ল গাইডের কার্যক্রম

**শিক্ষা প্রতিষ্ঠানে স্বাস্থ্যবিধি নিশ্চিতকরণ কর্মসূচিতে গাইড মেয়েদের অংশগ্রহণ ঃ** গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার ১২ সেপ্টেম্বর, ২০২১ হতে স্বাস্থ্যবিধি নিশ্চিত পূর্বক শিক্ষা প্রতিষ্ঠান খোলার অনুমতি দিয়েছে। জাতীয় কার্যালয়ের নির্দেশনায় রাজধানী অঞ্চলের সকল শিক্ষা প্রতিষ্ঠানে স্বাস্থ্যবিধি নিশ্চিতকরণ কর্মসূচিতে নিজ নিজ শিক্ষা প্রতিষ্ঠানের হলদে পাখি, গাইড ও রেঞ্জাররা সার্ভিস প্রদান করে।



টি এন্ড টি আদর্শ উচ্চ বালিকা বিদ্যালয়ের স্বাস্থ্যবিধি নিশ্চিত করণ কর্মসূচিতে অংশগ্রহণকারী গাইডদের একাংশ



সিদ্ধেশ্বরী গার্লস কলেজে স্বাস্থ্যবিধি নিশ্চিত করণ কর্মসূচিতে অংশগ্রহণকারী রেঞ্জারদের একাংশ




সরকারি কলেজ অব: এ্যাপলাইড হিউম্যান সাইন্স কলেজে স্বাস্থ্যবিধি নিশ্চিত করণ কর্মসূচিতে অংশগ্রহণকারী রেঞ্জার গাইডার ও রেঞ্জারদের একাংশ

**হ্যান্ড স্যানিটাইজার এন্ড মাস্ক বিতরণ অনুষ্ঠান ঃ** ২৫ সেপ্টেম্বর, ২০২১ জাতীয় কার্যালয়ের গাইড অডিটোরিয়ামে কোভিড -১৯ মহামারী সচেতনতা এবং স্বাস্থ্য সুরক্ষার জন্য হালদে পাখি, গাইড, রেঞ্জারসহ শিক্ষা প্রতিষ্ঠানে অধ্যায়নরত ছাত্রী এবং বিভিন্ন কর্মসূচিতে অংশ্রগহণকারী ব্যক্তিদের মাঝে বিতরণের জন্য রোগ নিয়ন্ত্রণ ও লাইন ডাইরেক্টর, সিডিসি, স্বাস্থ্য অধিদপ্তর কর্তৃক ১০,০০০ মাস্ক এবং ইউ এন এইড বাংলাদেশ কর্তৃক ১০,০০০ হ্যান্ড স্যানিটাইজার উপহার হিসেবে বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশনকে প্রদান অনুষ্ঠানে রাজধানী অঞ্চল হতে ৫০ জন অংশগ্রহণ করে।

**জেলা প্রশাসকের সাথে সাক্ষাৎ ঃ** ২৪ সেপ্টেম্বর জেলা প্রশাসকের কার্যালয় ঢাকায় রাজধানী অঞ্চলের উপদেষ্টা ও ঢাকা জেলার জেলা প্রশাসক মো: শহীদুল ইসলামের সাথে সাক্ষাৎ করেন রাজধানী অঞ্চলের আঞ্চলিক কমিশনার রওশন ইসলাম ও গাইড সদস্যবৃন্দ। আঞ্চলিক কমিশনার ৩২ তম আঞ্চলিক পরিষদ অধিবেশন নির্বাচন, অফিসিয়াল বিভিন্ন বিষয় সহ রাজধানী অঞ্চলের পুরাতন ঢাকা জেলার জেলা কার্যালয়ের জন্য জেলা প্রশাসক কর্তৃক অনুদানকৃত ভবনের মেরামত সংক্রান্ত বিষয়ে আলোচনা করেন। মো. শহীদুল ইসলাম আঞ্চলিক কমিশনর এর সাথে অনুদানকৃত ভবন পরিদর্শন করেন। এসময় উপস্থিত ছিলেন ঢাকা জেলার নেজারত ডেপুটি কালেক্টর মো: জামাল হোসেন, আঞ্চলিক কোষাধ্যক্ষ খায়রুন নাহার (শিল্পী), আঞ্চলিক কার্যনির্বাহী কমিটির সদস্য ও তেজগাঁও গাইড জেলার জেলা কমিশনার আমিনা খাতুন ও পুরাতন ঢাকা জেলার সেক্রেটারী রাজিয়া সুলতানা রোজি সহ আঞ্চলিক ট্রেইনার কামরুন নাহার।



ঢাকা জেলা প্রশাসক কর্তৃক অনুদানকৃত বাড়ী পরিদর্শনে আলাপচারিতায় অঞ্চলের উপদেষ্টা জেলা প্রশাসক মো: শহীদুল ইসলাম ও রাজধানী অঞ্চলের আঞ্চলিক কমিশনার রওশন ইসলাম

**International Lead Poisoning Prevention Week ঃ** ২৩ অক্টোবর পরিবেশ ও সামাজিক উন্নয়ন সংস্থা ESDO আয়োজিত International Lead Poisoning Prevention Week উদ্যাপন উপলক্ষে হাইকোর্ট মাজার গেইটের সামনে মানববন্ধন কর্মসূচি অনুষ্ঠিত হয়। কর্মসূচিতে রাজধানী অঞ্চল হতে ৫০ জন রেঞ্জার অংশগ্রহণ করে।




International Lead Poisoning Prevention Week উদ্যাপন উপলক্ষে মানববন্ধন কর্মসূচিতে রেঞ্জারদের অংশগ্রহণ

**৩২তম আঞ্চলিক পরিষদ অধিবেশন ও নির্বাচন ঃ** ৩০ অক্টোবর রাজধানী অঞ্চলের ৩২ তম আঞ্চলিক পরিষদ অধিবেশন ও নির্বাচন জাতীয় কার্যালয়ের গাইড অডিটেরিয়াম নিউ বেইলী রোড, ঢাকায় অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন জাতীয় কমিশনার কাজী জেবুন্নেছা বেগম ও অতিরিক্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়। প্রধান আলোচক ছিলেন মোঃ শহীদুল ইসলাম, জেলা প্রশাসক, ঢাকা ও উপদেষ্টা, রাজধানী অঞ্চল এবং সম্মানিত অতিথি ছিলেন ডাঃ আবু হোসেন মোঃ মঈনুল আহসান, সিভিল সার্জন, ঢাকা। ৩২তম আঞ্চলিক পরিষদ অধিবেশন অনুষ্ঠানের সভাপতিত্ব করেন রাজধানী অঞ্চলের আঞ্চলিক কমিশনার রওশন ইসলাম। অধিবেশনে ৮ জেলা থেকে ১২৮ জন কাউন্সিলর অংশগ্রহণ করেন।



মোঃ শহীদুল ইসলাম, জেলা প্রশাসক ঢাকা ও উপদেষ্টা রাজধানী অঞ্চল, বক্তব্য দেন

স্বাগত বক্তব্যে সভাপতি রওশন ইসলাম বলেন, করোনা মহামারী সময়ে রাজধানী অঞ্চল থেমে থাকেনি, জাতীয় কমিশনার এর দিক নির্দেশনায় রাজধানী অঞ্চল অনলাইনে ও স্বাস্থ্য বিধি মেনে কর্মসূচি পরিচালনা করেছে। তিনি প্রধান আলোচক জেলা প্রশাসক মহোদয়কে পুরাতন ঢাকা জেলা কার্যালয়ের জন্য বাড়ী বরাদ্দ দেওয়ায় কৃতজ্ঞতা ও ধন্যবাদ জানান এবং আগামীতেও সার্বিক সহযোগিতা প্রদানের জন্য আহ্বান জানান।

প্রধান অতিথি জাতীয় কমিশনার গাইডের বিভিন্ন বৈষম্য ও সমস্যার কথা তুলে ধরেন এবং সমস্যার প্রেক্ষিতে করণীয় বিষয়ে দিক নির্দেশনা প্রদান করেন। শিক্ষা প্রতিষ্ঠানের গাইড ফি এর বিষয়ে কথা বলেন এবং গাইড ফি যথাযথভাবে আদায় করার জন্য নির্দেশনা প্রদান করেন বিশেষভাবে রাজধানী অঞ্চলের উপজেলা, স্থানীয় এসোসিয়েশন না থাকায় গাইড জেলার সাথে শিক্ষা থানার সমন্বয় করে স্থানীয় এসোসিয়েশন গঠন করে গাইড ফি আদায়ের জন্য নির্দেশ দেন। সিভিল সার্জনকে মেয়েদের জন্য উপযোগী সুযোগ সুবিধা মূলক কার্যক্রমে গার্ল গাইডকে সম্পৃক্ত করা, সদস্য সংখ্যা বৃদ্ধি এবং আধুনিক ব্যবস্থায় অনলাইনে সদস্য সংখ্যা বৃদ্ধির জন্য পদেক্ষেপ গ্রহণ করার কথা বলেন।

প্রধান আলোচক ঢাকা জেলার জেলা প্রশাসক ও রাজধানী অঞ্চলের উপদেষ্টা মোঃ শহীদুল ইসলাম তাঁর মূল্যবান বক্তব্যে গাইডের উৎস, ক্রমবিকাশ ও উৎপত্তি নিয়ে গুরুত্বপূর্ণ তথ্য তুলে ধরেন। বিভিন্ন মনীষীর উক্তির মাধ্যমে গাইডিং এর যথার্থ বর্ণনা এবং গাইড সদস্যদের উদ্দেশ্যে দিক নির্দেশনা মূলক বক্তব্য দেন। তিনি বলেন, "জেলা প্রশাসক হিসেবে ও রাজধানী অঞ্চলের উপদেষ্টা হিসেবে গার্ল গাইডের পাশে আছি এবং আমার সহযোগিতা আপনাদের জন্য সবসময় থাকবে। তিনি রাজধানী অঞ্চলের জন্য একটি ভবনে কয়েকটি কক্ষ ইতোমধ্যে বরাদ্দ দেয়ার কথা বলে তা সংস্কার করে আসবাবপত্র সহ অফিসের উপযোগী করে রাজধানী অঞ্চলকে প্রদান করবেন বলে আশা ব্যক্ত করেন "।

সম্মানিত অতিথি ঢাকা জেলার সিভিল সার্জন ডাঃ আবু হোসেন মোঃ মঈনুল আহসান তাঁর মূল্যবান বক্তব্যে গাইডিং এর বিভিন্ন দিক সম্পর্কে তথ্য বহুল আলোচনা করেন এবং গাইড বোনদের আরও সচেতন হওয়ার পরামর্শ দেন। কোভিট -১৯ এর ভ্যাকসিন এর জন্য শিক্ষা প্রতিষ্ঠানের মাধ্যমে সবাইকে প্রদান করা হবে বলে জানান এবং ভ্যাকসিন এর জন্য নিবন্ধন করার পরও টিকা পেতে সমস্যা হলে তিনি যত দ্রুত সম্ভব টিকা প্রদানে ব্যবস্থা গ্রহণ করবেন বলে আশ্বস্ত করেন। তিনি আরো বলেন যে, গার্ল গাইডস্ এসোসিয়েশন এর কর্মসূচি বা প্রশিক্ষণের মধ্যে মেয়েদের স্বাস্থ্য সচেতনতা বিষয়ক বিভিন্ন সেশন যদি থাকে তাহলে তাঁকে জানালে তিনি প্রশিক্ষিত ট্রেইনার প্রেরণের বিষয়ে যথাসাথ্য সহযোগিতা প্রদান করবেন।



সম্মানিত অতিথির বক্তব্য দেন ডাঃ আবু হোসেন মোঃ মঈনুল আহসান,
সিভিল সার্জন, ঢাকা

ধন্যবাদ জ্ঞাপনে রাজধানী অঞ্চলের অতিরিক্ত আঞ্চলিক কমিশনার হোসনে আরা বেগম অতিথিবৃন্দ ও অংশগ্রহণকারী উপস্থিত সবাইকে ধন্যবাদ জ্ঞাপন করেন এবং সকলের সহযোগিতায় গাইডিং এর কার্যক্রমকে আরও বেগবান করার আহ্বান জানিয়ে বক্তব্য শেষ করেন। এক মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠানের মধ্য দিয়ে ১ম পর্বের সমাপ্তি হয়।



আঞ্চলিক কমিশনার অতিথিবৃন্দকে নিয়ে রাজধানী আঞ্চলিক কার্যালয় পরিদর্শন

২য় পর্বে রাজধানী অঞ্চল কার্যালয় পরিদর্শন করেন প্রধান অতিথি জাতীয় কমিশনার কাজী জেবুন্নেছা বেগম, মোঃ শহীদুল ইসলাম, জেলা প্রশাসক, ঢাকা, ডাঃ আবু হোসেন মোঃ মঈনুল আহসান, সিভিল সার্জন, ঢাকা এবং ডেপুটি জাতীয় কমিশনার (প্রোগ্রাম) প্রফেসর ড. ইয়াসমিন আহমেদ। এই পর্বে সভা বিবরণী পাঠ করেন ট্রেইনার মোসাঃ কামরুন নাহার। প্রত্যেক জেলার প্রতিনিধিগণ ধারাবাহিক ভাবে ২০২০ ও ২০২১ সালের জেলা প্রতিবেদন পাঠ করেন। অঞ্চলের ২০২১-২০২২ অর্থ সালের বাৎসরিক বাজেট পাঠ করেন রাজধানী অঞ্চলের আঞ্চলিক কোষাধ্যক্ষ খায়রুন নাহার। অঞ্চলের ২০২০ সালের রেঞ্জারদের বাস্তবায়িত্ব কাজের প্রতিবেদন পাঠ করেন আঞ্চলিক রেঞ্জার কাউন্সিলের চেয়ারম্যান রেঞ্জার আলপনা আক্তার।

**নির্বাচন ঃ** ২য় পর্বে আঞ্চলিক কার্যনির্বাহী কমিটি গঠণের জন্য ৫সদস্য বিশিষ্ট নির্বাচন উপ-কমিটি গঠিত হয়। নির্বাচন উপ-পরিষদে নির্বাচন কমিশনারের দায়িত্ব পালন করেন কানিজ মাহমুদা আকতার, সদস্য, আঞ্চলিক কার্যনির্বাহী কমিটি, রাজধানী অঞ্চল ও নির্বাচন উপ-পরিষদে সদস্য সচিবের দায়িত্ব পালন করেন জাহান আরা বেগম, সদস্য, আঞ্চলিক কার্যনির্বাহী কমিটি, রাজধানী অঞ্চল এবং নির্বাচন উপ-পরিষদে সদস্য হিসেবে দায়িত্ব পালন করেন আঞ্চলিক কার্যনির্বাহী কমিটির সদস্য নূরজাহান আরা বেগম, পুরাতন ঢাকার গাইড জেলা কমিশনার ওবায়দা বানু ও মিরপুর গাইড জেলা কমিশনার শাহনাজ বেগম। নির্বাচন শেষে নির্বাচনের ফলাফল ঘোষণা করেন নির্বাচন কমিশনার কানিজ মাহমুদা আকতার, সদস্য, আঞ্চলিক কার্যনির্বাহী কমিটি, রাজধানী অঞ্চল। নির্বাচনে অতিরিক্ত আঞ্চলিক কমিশনার ইয়াসমিন আখতার বানু, আঞ্চলিক সেক্রেটারী রাজিয়া সুলতানা, আঞ্চলিক কোষাধ্যক্ষ খায়রুন নাহার ও যুবানেত্রী ইফফাত মান্নান ইভা নির্বাচিত হন। নব নির্বাচিত কার্যনির্বাহী কমিটির সদস্যদের শপথ বাক্য পাঠ করান রাজধানী অঞ্চলের আঞ্চলিক কমিশনার রওশন ইসলাম। শেষে ট্যাপ্সের মাধ্যমে অনুষ্ঠানের সমাপ্তি ঘোষণা করা হয়।




নির্বাচিত কমিটির সদস্যদের শপথ পাঠ করান আঞ্চলিক কমিশনার রওশন ইসলাম

**বৃক্ষরোপণ কর্মসূচির ঃ** ৪ সেপ্টেম্বর রাজধানী অঞ্চলের মিরপুর গাইড জেলার উদ্যোগে কল্যাণপুর গার্লস স্কুল এন্ড কলেজে বৃক্ষরোপণ কর্মসূচি অনুষ্ঠিত হয়। মিরপুর গাইড জেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের হলদে পাখি, গাইড ও রেঞ্জার সহ গাইড শিক্ষক ও জেলা কমিশনার শাহনাজ বেগম এবং গাইড সদস্যবৃন্দ উপস্থিত ছিলেন।




মিরপুর গাইড জেলায় বৃক্ষরোপণ কর্মসূচিতে অংশগ্রহণ করে হলদে পাখি, গাইড, রেঞ্জার ও গাইড সদস্যবৃন্দ

৮ সেপ্টেম্বর রাজধানী অঞ্চলের মোহাম্মদপুর গাইড জেলার উদ্যোগে সরকারি জামিলা আইনুল আনন্দ বিদ্যালয় ও কলেজ, মোহাম্মদপুরে মাস্ক বিতরণ ও বৃক্ষরোপণ কর্মসূচি অনুষ্ঠিত হয়। মোহাম্মদপুর গাইড জেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের হলদে পাখি, গাইড, রেঞ্জার ও গাইডার সহ প্রতিষ্ঠানের প্রধান শিক্ষক ও প্রাক্তন জেলা কমিশনার রোকেয়া বিলকিস এবং জেলা কমিশনার সেলিনা বেগম চৌধুরী উপস্থিত ছিলেন।





মোহাম্মদপুর জেলায় বৃক্ষরোপণ কর্মসূচিতে অংশগ্রহণ করেন জেলা কমিশনার সেলিনা বেগম চৌধুরী সহ গাইড ও গাইড সদস্যবৃন্দ

১৩ সেপ্টেম্বর তেজগাঁও গাইড জেলার উদ্যোগে বিএএফ শাহীন কলেজে, তেজগাঁও, ঢাকায় বৃক্ষরোপণ কর্মসূচি অনুষ্ঠিত হয়। তেজগাঁও গাইড জেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের হলদে পাখি, গাইড, রেঞ্জার ও গাইডার সহ প্রতিষ্ঠানের অধ্যক্ষ গ্রুপ ক্যাপ্টেন মুকিতুল আলম মিয়া এবং জেলা কমিশনার আমিনা খাতুন উপস্থিত ছিলেন।






তেজগাঁও জেলায় বৃক্ষরোপণ কর্মসূচিতে রেঞ্জার ও গাইডার সহ প্রতিষ্ঠানের অধ্যক্ষ গ্রুপ ক্যাপ্টেন মুকিতুল আলম মিয়া এবং জেলা কমিশনার আমিনা খাতুন উপস্থিত ছিলেন

২৩ সেপ্টেম্বর গুলশান বনানী গাইড জেলার উদ্যোগে আই পি এস স্কুল এন্ড কলেজ, মহাখালী বনানী বিদ্যানিকেতন স্কুল এন্ড কলেজ বৃক্ষরোপণ কর্মসূচি অনুষ্ঠিত হয়। গুলশান বনানী গাইড জেলার সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের হলদে পাখি, গাইড, রেঞ্জার, গাইডার ও সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের প্রধান সহ জেলা কমিশনার মেহেরুন নেসা ও ডেপুটি জাতীয় কমিশনার (প্রোগ্রাম) প্রফেসর ড. ইয়াসমিন আহমেদ উপস্থিত ছিলেন।



গুলশান বনানী জেলায় বৃক্ষরোপণ কর্মসূচিতে ডেপুটি জাতীয় কমিশনার, জেলা কমিশনার সহ হলদে পাখি গাইড, রেঞ্জার ও গাইড সদস্যবৃন্দ উপস্থিত ছিলেন

১৮ হতে ৩০ সেপ্টেম্বর পর্যন্ত সময়ে উত্তরা গাইড জেলার উদোগে জেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান নওয়াব হাবিবুল্লাহ মডেল স্কুল এন্ড কলেজ, সেনা পল্লী হাই স্কুল, শহীদ বীর উত্তম লেঃ আনোয়ার গার্লস কলেজ, মাইলস্টোন কলেজ ও আনোয়ারা মান্নাফ গার্লস স্কুল এন্ড কলেজে বৃক্ষরোপণ কর্মসূচি পালন করা হয়। উত্তরা গাইড জেলার সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের হলদে পাখি, গাইড, রেঞ্জার, গাইডার ও অত্র প্রতিষ্ঠানের প্রধান সহ জেলা কমিশনার সাবরিনা রশিদ চৌধুরী উপস্থিত ছিলেন।



উত্তরা জেলার বৃক্ষরোপণ কর্মসূচিতে অংশগ্রহণ করেন জেলা কমিশনার সাবরিনা রশিদ চৌধুরী সহ গাইড, রেঞ্জার ওগাইড সদস্যবৃন্দ

২ অক্টোবর পুরাতন ঢাকা গাইড জেলার উদ্যোগে গেন্ডারিয়া মহিলা সমিতি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে বৃক্ষরোপণ কর্মসূচি অনুষ্ঠিত হয়। এসময় পুরাতন ঢাকা গাইড জেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের হলদে পাখি, গাইড, রেঞ্জার, গাইডার ও অত্র প্রতিষ্ঠানের প্রধান শিক্ষক মো: রিয়াজ পারভেজ এবং জেলা সেক্রেটারী রাজিয়া সুলতানা রোজি সহ গাইড সদস্যবৃন্দ উপস্থিত ছিলেন।



পুরাতন ঢাকা জেলার বৃক্ষরোপণ কর্মসূচিতে জেলা সেক্রেটারী রাজিয়া সুলতানা সহ হলদে পাখি গাইড, রেঞ্জার ও গাইড সদস্যবৃন্দ

**কোম্পানীর হস্তক্ষেপ এবং তামাক নিয়ন্ত্রনের ভবিষ্যৎ শীর্ষক সভা ঃ** ১৬ সেপ্টেম্বর বাংলাদেশ তামাক বিরোধী জোট এবং ওয়ার্ক ফর বেটার বাংলাদেশ ট্রাস্ট এর উদ্যোগে ডাব্লিউ বিবি ট্রাস্ট এর সভা কক্ষ, রায়ের বাজার, ঢাকায় "কোম্পানীর হস্তক্ষেপ এবং তামাক নিয়ন্ত্রনের ভবিষ্যৎ" শীর্ষক সভা অনুষ্ঠিত হয়। রাজধানী অঞ্চল হতে সভায় অংশগ্রহণ করেন খায়রুন নাহার (শিল্পী), আঞ্চলিক কোষাধ্যক্ষ ও রাফাত জাহান মৌমিতা, রেঞ্জার।



কোম্পানীর হস্তক্ষেপ এবং তামাক নিয়ন্ত্রনের ভবিষ্যৎ" শীর্ষক সভায় আঞ্চলিক কোষাধ্যক্ষ ও রেঞ্জারের অংশগ্রহণ

**দীক্ষাদান ঃ** ১৬ সেপ্টেম্বর নির্মল মুক্ত দলের হলদে পাখি ও গাইডের পরীক্ষা গ্রহণ ও দীক্ষা প্রদান করা হয়। পরীক্ষা গ্রহণ ও দীক্ষা প্রদান করেন ট্রেইনার মোসা: কামরুন নাহার। ২ জন হলদে পাখি ও ৫ জন গাইড দীক্ষা গ্রহণ করে।





নির্মল মুক্ত দলের দীক্ষা প্রাপ্ত হলদে পাখি ও গাইডরা

৭ অক্টোবর গেন্ডারিয়া সরকারি বালিকা প্রাথমিক বিদ্যালয়ে হলদে পাখিদের পরীক্ষা গ্রহণ ও দীক্ষা দান করেন ওয়ারেন্ট গাইডার তাহমিনা বানু। ১২জন হলদে পাখি দীক্ষা গ্রহণ করে।

২৩ অক্টোবর সিভিল এভিয়েশন স্কুল এন্ড কলেজে রেঞ্জারদের পরীক্ষা গ্রহণ করেন ওয়ারেন্ট গাইডার হোসনে আরা বেগম ও দীক্ষাদান করেন আমিনা খাতুন, জেলা কমিশনার, তেজগাঁও গাইড জেলা। ৩০ জন রেঞ্জার টেন্ডারফুট দীক্ষা গ্রহণ করে।

২৪ অক্টোবর বি.এ.এফ শাহীন কলেজে গাইড ও রেঞ্জারদের পরীক্ষা গ্রহণ করেন ওয়ারেন্ট গাইডার হোসনে আরা বেগম ও দীক্ষা দান করেন আমিনা খাতুন, ওয়ারেন্ট গাইডার ও জেলা কমিশনার, তেজগাঁও গাইড জেলা। ২০ জন গাইড ও ৪০ জন রেঞ্জার টেন্ডারফুট দীক্ষা গ্রহণ করে।

২৫ অক্টোবর শহীদ মনুমিয়া সরকারি উচ্চ বিদ্যালয়ের হলদে পাখি ও গাইডদের পরীক্ষা গ্রহণ করেন ওয়ারেন্ট গাইডার হোসনে আরা বেগম ও দীক্ষা দান করেন আমিনা খাতুন, জেলা কমিশনার, তেজগাঁও গাইড জেলা। ২৪ জন হলদে পাখি ও ৪০ জন গাইড দীক্ষা গ্রহণ করে।

৩ নভেম্বর, ২০২১ সিদ্ধেশ্বরী গার্লস কলেজ রেঞ্জার ইউনিটের দীক্ষাদান কর্মসূচি অনুষ্ঠিত হয়। রেঞ্জরদের টেন্ডারফুট কোর্সের উপর পরিক্ষা গ্রহণ করেন ট্রেইনার মোসাঃ কামরুন নাহার। দীক্ষা প্রদান করেন রাজধানী অঞ্চলের আঞ্চলিক কমিশনার রওশন ইসলাম ও অতিরিক্ত আঞ্চলিক কমিশনার ইয়াসমিন আখতার বানু। এসময় অত্র প্রতিষ্ঠানের অধ্যক্ষ কানিজ মাহমুদা আখতার, রেঞ্জার গাইডারসহ অন্যান্য শিক্ষকমন্ডলী উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে ৬০ জন রেঞ্জার দীক্ষা গ্রহণ করে।





বিএএফ শাহীন কলেজে দীক্ষা প্রাপ্ত গাইড ও রেঞ্জার



সিদ্ধেশ্বরী গার্লস কলেজের দীক্ষাপ্রাপ্ত রেঞ্জারবৃন্দ

**আঞ্চলিক রেঞ্জার কাউন্সিল গঠন ও নির্বাচন ঃ** ৭ নভেম্বর রাজধানী অঞ্চলের আঞ্চলিক রেঞ্জার কাউন্সিল গঠন করা হয়। আঞ্চলিক রেঞ্জার কাউন্সিলে ২ বছরের জন্য চেয়ারম্যান পদে নির্বাচিত হন সরকারি কলেজ অব অ্যাপলাইড হিউম্যান সাইন্স রেঞ্জার ইউনিটের রেঞ্জার ফারিদা আক্তার আন্না, সেক্রেটারী পদে নির্বাচিত হয় লালমাটিয়া মাহিলা কলেজ রেঞ্জার ইউনিটের রেঞ্জার আরিফা আক্তার দৃষ্টি ও কোষাধ্যক্ষ পদে নির্বাচিত হয় বড় মগবাজার মুক্ত রেঞ্জার ইউনিটের রেঞ্জার জান্নাতুন নূর হায়দার চৌধুরী। এছাড়া অঞ্চলের ৮টি জেলা হতে ২জন করে মোট ১৯ জন সদস্য নিয়ে  ২বছরের জন্য আঞ্চলিক রেঞ্জার কাউন্সিল গঠন করা হয়। আঞ্চলিক রেঞ্জার কাউন্সিলে ৮টি জেলার বিভিন্ন ইউনিট হতে ৭০ জন অংশগ্রহণ করে।

১ম পর্বের অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন সিদ্ধেশ্বরী গার্লস কলেজের অধ্যক্ষ কানিজ মাহমুদা আকতার, বিশেষ অতিথি ছিলেন রেঞ্জার কমিশনার রীতা জেসমিন ও রাজধানী অঞ্চলের অতিরিক্ত আঞ্চলিক কমিশনার ইয়াসমিন আখতার বানু। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন রাজধানী অঞ্চলের আঞ্চলিক কমিশনার রওশন ইসলাম। ২য় পর্বে ৩ সদস্য বিশিষ্ট নির্বাচন কমিটি গঠিত হয়। নির্বাচন কমিটিতে নির্বাচন কমিশনার হিসেবে ছিলেন দুরন্ত মুক্ত রেঞ্জার ইউনিটের রেঞ্জার গাইডার মাসুদা বেগম এবং নির্বাচন কমিটিতে সদস্য হিসেবে ছিলেন খিলগাঁও গার্লস স্কুল এন্ড কলেজের রেঞ্জার গাইডার রোকসানা আলতাফ ও লালমাটিয়া মহিলা কলেজের রেঞ্জার গাইডার আশরাফা আক্তার। নির্বাচনের ফলাফল ঘোষণা করেন নির্বাচন কমিশনার রেঞ্জার গাইডার মাসুদা বেগম ও নবনির্বাচিতদের শপথ পাঠ করান রাজধানী অঞ্চলের আঞ্চলিক কমিশনার রওশন ইসলাম। পরিশেষে আঞ্চলিক রেঞ্জার কাউন্সিল গঠন ও নির্বাচন অনুষ্ঠান ট্যাপস্ এর মাধ্যমে সমাপ্তি করা হয়।



করোনা ভাইরাস থেকে নিজেকে রক্ষা করতে হলে বাইরে যাওয়ার সময় অবশ্যই মাস্ক ব্যবহার করুন ও অন্যকেও মাস্ক ব্যবহার করতে উৎসাহিত করুন।







আঞ্চলিক রেঞ্জার কাউন্সিল নির্বাচন ও শপথ গ্রহণের আলোকচিত্র

## যুব দিবস উদযাপন

রাজধানী অঞ্চলের উদ্যোগে ৮টি জেলার রেঞ্জারদের নিয়ে যুব দিবস উদযাপন করা হয়। রেঞ্জাররা নিজের জীবনের লক্ষ্য স্থির করে কিভাবে সামনে এগিয়ে যাবে এবং সমাজ সেবার মুলমন্ত্রে দীক্ষিত হয়ে নিজের উন্নয়ন, পরিবার ও সমাজের সেবায় কিভাবে নিজেকে নিয়োজিত করা যায় তার উপর উৎসাহ ও দিক নির্দেশনা মুলক বক্তব্য প্রদান করেন অনুষ্ঠানের প্রধান অতিথি কানিজ মাহমুদা আক্তার অধ্যক্ষ, সিদ্ধেশ্বরী গার্লস কলেজ ও বিশেষ অতিথি রিতা জেসমিন, রেঞ্জার কমিশনার। অনুষ্ঠানের সভাপতিত্ব করেন আঞ্চলিক কমিশনার রওশন ইসলাম। এছাড়া রাজধানী অঞ্চলের অতিরিক্ত আঞ্চলিক কমিশনার ইয়াসমিন আখতার বানু সহ রেঞ্জার গাইডারগণ বক্তব্য প্রদান করেন। বক্তব্য শেষে সাংস্কৃতিক অনুষ্ঠানের মধ্য দিয়ে সমাপ্তি হয়। কমিশনারবৃন্দ, রেঞ্জার গাইডার ও রেঞ্জারসহ ১০০ জন গাইড সদস্য অনুষ্ঠানে অংশগ্রহন করেন।




জাতীয় যুব দিবস উদ্‌যাপন উপলক্ষে সাংস্কৃতিক অনুষ্ঠানে নৃত্য পরিবেশনা করছে রেঞ্জার বোনেরা

**বিশ্ব টয়লেট দিবস ঃ** ১৮ নভেম্বর, ২০২১ সানন্দা মুক্ত রেঞ্জার ইউনিটের উদ্যোগে "বিশ্ব টয়লেট দিবস ২০২১" উপলক্ষে রামপুরা তিতাস রোড বস্তি এলাকায় স্বাস্থ্য সচেতনতা ও স্বাস্থ্য সুরক্ষা বিষয়ক সেশন প্রদান করাসহ মা ও শিশুদের মাঝে স্বাস্থ্য সচেতনতা সামগ্রী বিতরণ করা হয়। কর্মসূচিতে স্বাস্থ্য বিষয়ক সেশন প্রদান করে সানন্দা মুক্ত রেঞ্জার ইউনিটের রেঞ্জার ও হলি ফ্যামিলি রেড ক্রিসেন্ট মেডিকেল কলেজ ও হাসপাতালের ইন্টার্ণী চিকিৎসক চৌধুরী তন্বী তরুনিমা বিল্লাহ বিসারী সহ সানন্দা মুক্ত রেঞ্জার ইউনিটের রেঞ্জার কাকলি আক্তার ও ফাহিমা আক্তার বিথি।



বিশ্ব টয়লেট দিবস উপলক্ষে রামপুরা তিতাস রোড বস্তি এলাকায় স্বাস্থ্য সচেতনতা ও স্বাস্থ্য সুরক্ষা বিষয়ক সেশন প্রদান

ডেঙ্গু থেকে বাঁচার উপায়, বাড়ির আঙ্গিনায় বৃষ্টির পানি জমতে দেয়া যাবেনা, নিয়মিত টবের পানি ফেলে পরিষ্কার করা। সচেতনতা বৃদ্ধি করা। আসুন ডেঙ্গু থেকে বাঁচতে আমরা নিজেরা সচেতন হই, অন্যকেও উৎসাহিত করি।



## বঙ্গবন্ধু যুব মেলা



২ নভেম্বর, ২০২১ রাজধানী ঢাকার শিল্পকলা একাডেমীতে যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের আয়োজনে বঙ্গবন্ধু যুব মেলার উদ্বোধন করেন কৃষি মন্ত্রী ড. মো. আব্দুর রাজ্জাক। এ সময় উপস্থিত ছিলেন যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী ও সভাপতি মো. জাহিদ আহসান রাসেল ও অন্যান্য অতিথি।

সপ্তাহব্যাপী অনুষ্ঠিত মেলার ২য় দিন রেঞ্জার রাফাত জাহান মৌমিতা স্বপ্নকথা কুটির শিল্প সংগঠনের পক্ষে নৃত্য পরিবেশন করে ও শেষ দিন যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের সচিব জনাব মোঃ তাজুল ইসলাম চৌধুরীর কাছ থেকে প্রশংসাপত্র গ্রহন করে।

### রেঞ্জারদের হলদে পাখি গাইডার কোর্স প্রশিক্ষণ ও অভিষেক পরীক্ষা

২১ হতে ২৪ নভেম্বর, ২০২১ রাজধানী অঞ্চলের রমনা জেলায় সিদ্ধেশ্বরী গার্লস কলেজ রেঞ্জার ইউনিট, খিলগাঁও গার্লস স্কুল এন্ড কলেজে রেঞ্জার ইউনিট ও সানন্দা মুক্ত রেঞ্জার ইউনিটের রেঞ্জারদের নিয়ে হলদে পাখি গাইডার মৌলিক কোর্স প্রশিক্ষণ ও রেঞ্জার অভিষেক পরিক্ষা কর্মসূচি সিদ্ধেশ্বরী গার্লস কলেজ, ঢাকায় অনুষ্ঠিত হয়। উক্ত প্রশিক্ষণে প্রশিক্ষক হিসেবে ছিলেন রাজধানী অঞ্চলের প্রাক্তন ট্রেইনার ইয়াসমিন আখতার বানু ও জুনিয়র ট্রেইনার কামরুন নাহার ও রেঞ্জারদের রেঞ্জার ইনভেস্টিচার পরিক্ষা গ্রহণ করেন রাজধানী অঞ্চলের জুনিয়র ট্রেইনার মোসাঃ কামরুন নাহার এবং দীক্ষা প্রদান করেন রাজধানী অঞ্চলের অতিরিক্ত আঞ্চলিক কমিশনার ইয়াসমিন আখতার বানু।



রেঞ্জারদের পাও আও রিং বৃত্তে সেশন দেন প্রাক্তন ট্রেইনার ইয়াসমিন আখতার বানু




রেঞ্জারদের হলদে পাখি গাইডার কোর্স প্রশিক্ষণ ও ইনভেস্টটিচার অভিষেক কর্মসূচিতে অংশগ্রহণকারী রেঞ্জারদের সাথে কমিশনার, রমনা জেলার সদস্যবৃন্দ, গাইডার ও ট্রেইনার




রেঞ্জারদের হলদে পাখি গাইডার কোর্স প্রশিক্ষণ ও অভিষেক পরিক্ষায় পরিক্ষারত অংশগ্রহণকারী রেঞ্জাররা





সিদ্ধেশ্বরী গার্লস কলেজে হাইক-কুকরত রেঞ্জার বোনেরা

## চট্টগ্রাম অঞ্চল এপ্রিল হতে ডিসেম্বর ২০২১ পর্যন্ত বাস্তবায়িত কার্যক্রম

**কক্সবাজার জেলা ঃ** ২৯মে, ২০২১ সৈকত বালিকা উচ্চ বিদ্যালয়, বিমান বন্দর সড়ক, কক্সবাজার এর  হলরুমে কারিগরি ও মাদ্রাসা শিক্ষা প্রতিষ্ঠানে গাইডিং কার্যক্রম সম্প্রসারণের লক্ষ্যে এক দিনের ওরিয়েন্টেশন কোর্স অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন মোঃ আমিন আল পারভেজ, অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), মোঃ আবু ছুফিয়ান, অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, মোঃ ছালেহ উদ্দীন চৌধুরী, জেলা শিক্ষা কর্মকর্তা, সমর চন্দ্র দেবনাথ, প্রধান শিক্ষক, সৈকত বালিকা উচ্চ বিদ্যালয়, কক্সবাজার, নিরূপা দেওয়ান, আঞ্চলিক কমিশনার, শামসুন্নাহার বেগম, জেলা গাইড কমিশনার, কক্সবাজার জেলা। অনুষ্ঠানে কারিগরি ও মাদ্রাসা শিক্ষা প্রতিষ্ঠান হতে ৫৪জন অংশগ্রহন করেন।




কারিগরি ও মাদ্রাসা শিক্ষা প্রতিষ্ঠানে গাইডিং কার্যক্রম সম্প্রসারণের লক্ষ্যে কক্সবাজারে অনুষ্ঠিত ওরিয়েন্টেশন কোর্সে অংশগ্রহণকারীবৃন্দ

**খাগড়াছড়ি পার্বত্য  জেলা ঃ** ২ জুন, ২০২১ নতুন কুঁড়ি ক্যান্টনমেন্ট হাই স্কুল, সদর, খাগড়াছড়ি পার্বত্য জেলার শিক্ষক মিলনায়তনে কারিগরি ও মাদ্রাসা শিক্ষা প্রতিষ্ঠানে গাইডিং কার্যক্রম সম্প্রসারণের লক্ষ্যে একদিনের ওরিয়েন্টেশন কোর্স অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন নিরূপা দেওয়ান, আঞ্চলিক কমিশনার, শ্রীলা তালুকদার, জেলা গাইড কমিশনার, রুশদীনা আকতার জাহান, স্থানীয় গাইড কমিশনার, খাগড়াছড়ি পার্বত্য জেলা। এছাড়া বিভিন্ন কারিগরি ও মাদ্রাসা শিক্ষা  প্রতিষ্ঠান  হতে ৪৮জন শিক্ষক  উপস্থিত ছিলেন।

**চট্টগ্রাম জেলা ঃ** ১০ জুন, ২০২১ ওমর গণি এম.ই.এস. কলেজ, নাছিরাবাদ, চট্টগ্রাম এর  শিক্ষক মিলনায়তনে কারিগরি ও মাদ্রাসা শিক্ষা প্রতিষ্ঠানে গাইডিং কার্যক্রম সম্প্রসারণের লক্ষ্যে একদিনের ওরিয়েন্টেশন কোর্স অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন এ.এন.এম.সরওয়ার আলম, অধ্যক্ষ, ওমর গণি এম.ই.এস. কলেজ, প্রফেসর  রীতা দত্ত, স্থানীয় গাইড কমিশনার, চট্টগ্রাম জেলা সদর, মোশফেকা আকতার চৌধুরী, আঞ্চলিক সচিব, চৌধুরী ফাহমী নাহিদা নাজনীন, আঞ্চলিক ট্রেজারার এবং নাজনীন হক চৌধুরী, আঞ্চলিক সদস্যা, চট্টগ্রাম অঞ্চল। অনুষ্ঠানে বিভিন্ন কারিগরি, মাদ্রাসা শিক্ষা প্রতিষ্ঠান এবং গাইড সদস্যাসহ ৪৭জন উপস্থিত ছিলেন।

**গাইড গাইডার প্রশিক্ষণ (কক্সবাজার জেলা) ঃ** ২৩ হতে ২৮মে, ২০২১ পর্যন্ত সৈকত বালিকা উচ্চ বিদ্যালয়, বিমান বন্দর সড়ক, কক্সবাজারে সরকারি বিধি মোতাবেক সামাজিক দূরত্ব বজায় রেখে ৫দিন ব্যাপী কারিগরি ও মাদ্রাসা শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষিকাদের গাইড গাইডার প্রশিক্ষণ কোর্স অনুষ্ঠিত হয়।  প্রশিক্ষণে ৪৬জন প্রশিক্ষণার্থী অংশগ্রহন করেন।

প্রশিক্ষণে অংশগ্রহনকারীদের দীক্ষাদান করেন নিরূপা দেওয়ান, আঞ্চলিক কমিশনার, চট্টগ্রাম অঞ্চল, শামসুন্নাহার বেগম, জেলা গাইড কমিশনার, কক্সবাজার জেলা। প্রশিক্ষণ পরিচালনা করেন ইসরাত জাহান শিল্পী, ট্রেইনার এবং সহযোগিতায় ছিলেন শায়লা শাবরিন, জুনিয়র ট্রেইনার, চট্টগ্রাম অঞ্চল। ট্যাপস এর মাধ্যমে প্রশিক্ষণের সমাপ্তি ঘোষণা করা হয়।

**আঞ্চলিক কার্যনির্বাহী কমিটির সভা ঃ** ১৪ জুন, ১২ সেপ্টেম্বর, ২০২১ চট্টগ্রাম আঞ্চলিক কার্যনির্বাহী কমিটির সভা কে.বি.আমান আলী রোড,পশ্চিম বাকলিয়া, চকবাজার, চট্টগ্রাম এর অস্থায়ী কার্যালয়ে অনুষ্ঠিত হয়।

**পুরাতন হলদে পাখিদের নৈপূণ্য সূচক ব্যাজ ও সনদপত্র বিতরণ ঃ** ২২ জুন, ২০২১ রাউজান উপজেলায় প্রধান শিক্ষক ও বিজ্ঞপাখিদের উপস্থিতিতে নৈপূণ্য সূচক ব্যাজ ও সনদপত্র হলদে পাখিদের হাতে তুলে দেওয়া হয়।



করোনা ভাইরাস থেকে নিজেকে রক্ষা করতে হলে বাইরে যাওয়ার সময় অবশ্যই মাস্ক ব্যবহার করুন ও অন্যকেও মাস্ক ব্যবহার করতে উৎসাহিত করুন।




কক্সবাজার জেলার সৈকত বালিকা উচ্চ বিদ্যালয়ে অনুষ্ঠিত কারিগরি ও মাদ্রাসা শিক্ষা প্রতিষ্ঠানে গাইডিং কার্যক্রম সম্প্রসারণের লক্ষ্যে গাইড গাইডার মৌলিক প্রশিক্ষণে অংশগ্রহণকারী গাইডাররা

২ সেপ্টেম্বর, ২০২১ রাঙ্গামাটি পার্বত্য জেলায় রাঙ্গামাটি শিশু নিকেতনে ৫৪ জন পুরাতন হলদে পাখিকে নৈপুণ্য সূচক ব্যাজ ও সনদপত্র বিতরণ করা হয়। সনদপত্র বিতরণ করেন আঞ্চলিক কমিশনার নিরূপা দেওয়ান এবং রাঙ্গামাটি পার্বত্য জেলা সদরের স্থানীয় গাইড কমিশনার গৈরিকা চাকমা।



হলদে পাখিদের হাতে সনদপত্র তুলে দেওয়া হয়

**গাইড গাইডার প্রশিক্ষণ ঃ** ১২ হতে ১৬ সেপ্টেম্বর, ২০২১ পর্যন্ত চট্টগ্রাম অঞ্চলের উদ্যোগে চট্টগ্রাম জেলা সদরের ওমর গণি এম.ই.এস. কলেজে ৫দিন ব্যাপী কারিগরি ও মাদ্রাসা শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষিকাদের নিয়ে গাইড গাইডার প্রশিক্ষণ কোর্স অনুষ্ঠিত হয়। প্রশিক্ষণের সমাপনী দিনে প্রশিক্ষণার্থীদের হাতে সনদপত্র তুলে দেন কলেজের অধ্যক্ষ এ. এন.এ ম. সরওয়ার আলম। দীক্ষা দেন আঞ্চলিক কমিশনার নিরূপা দেওয়ান এবং স্থানীয় গাইড কমিশনার প্রফেসর রীতা দত্ত। প্রশিক্ষণে ১৮জন শিক্ষিকা অংশগ্রহন করেন। ট্যাপস্ এর মাধ্যমে অনুষ্ঠানের সমাপ্তি ঘোষণা করা হয়।




**গাইড গাইডার মৌলিক প্রশিক্ষণ ঃ** "সুস্থ থাকি, সুস্থ রাখি"-মর্মবাণীকে লক্ষ্য রেখে ২৬ হতে ৩০ সেপ্টেম্বর, ২০২১ পর্যন্ত চট্টগ্রাম অঞ্চলের উদ্যোগে চট্টগ্রাম জেলার ফটিকছড়ি উপজেলায় ধুরং খুলশী লায়ন্স স্কুলে ৫দিন ব্যাপী কারিগরি ও মাদ্রাসা শিক্ষিকাদের নিয়ে গাইড গাইডার মৌলিক প্রশিক্ষণ

অনুষ্ঠিত হয়। প্রশিক্ষণে ২৫জন শিক্ষিকা অংশগ্রহন করেন। সমাপনী অনুষ্ঠানে প্রশিক্ষণার্থীদের মাঝে সনদপত্র বিতরণ করেন সেলিম রেজা, উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, ফটিকছড়ি, চট্টগ্রাম এবং দীক্ষাদান করেন আঞ্চলিক কার্যনির্বাহী কমিটির সদস্য নাজনীন হক চৌধুরী। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন ঝর্ণা রাণী পাল, স্থানীয় গাইড কমিশনার, ফটিকছড়ি উপজেলা এবং অত্র স্কুলের প্রধান শিক্ষক। ট্যাপস্ এর মাধ্যমে প্রশিক্ষণ এর সমাপ্তি ঘোষণা করা হয়।

**জেলা গাইডার সম্মেলন, কক্সবাজার জেলা ঃ** ১৭ সেপ্টেম্বর, ২০২১ কক্সবাজার জেলায় জেলা গাইডার সম্মেলন, ২০২১ অনুষ্ঠিত হয়। সভাপতিত্ব করেন শামসুন্নাহার বেগম, জেলা গাইড কমিশনার, কক্সবাজার জেলা। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন কাজী জেবুন্নেছা বেগম, জাতীয় কমিশনার। অনুষ্ঠানে ৬৮ জন গাইড সদস্য অংশগ্রহন করেন।



গাইডার ও গাইডরা জাতীয় কমিশনারকে স্বাগত জানায়

**দীক্ষাদান ঃ** ২৩ সেপ্টেম্বর, ২০২১ নতুন কুঁড়ি ক্যান্টনমেন্ট হাই স্কুলের ৩০ জন গাইডের পরীক্ষা গ্রহন ও দীক্ষাদান কর্মসূচী অনুষ্ঠিত হয়। পরীক্ষা গ্রহন করেন মোছাঃ শায়লা শাবরিন, ট্রেইনার, চট্টগ্রাম অঞ্চল এবং দীক্ষাদান করেন রুশদীনা আখতার জাহান, স্থানীয় গাইড কমিশনার, খাগড়াছড়ি পার্বত্য জেলা সদর, খাগড়াছড়ি। ৩০ সেপ্টেম্বর গাইড গাইডার প্রশিক্ষণ শেষে ধুরং খুলশী লায়ন্স উচ্চ বিদ্যালয়ের ৫০ জন গাইডের পরীক্ষা গ্রহন ও দীক্ষাদান করা হয়।



গাইডের পরীক্ষা গ্রহন ও দীক্ষাদানের পর ব্যাজ পড়ানো হয়

**জাতীয় শোক দিবস পালন ঃ** চট্টগ্রাম অঞ্চলের ব্যবস্থাপনায় হাজার বছরের শ্রেষ্ঠ বাঙ্গালী জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর ৪৬তম শাহাদাত বার্ষিকী উপলক্ষে চট্টগ্রাম সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, নাছিরাবাদ, চট্টগ্রাম-এর প্রধান শিক্ষিকার সভাকক্ষে সরকারি বিধি নিষেধ মেনে সামাজিক দূরত্ব বজায় রেখে শোক সভা ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়। সভাপতিত্ব করেন হাসমত জাহান- জেলা গাইড কমিশনার, চট্টগ্রাম জেলা। প্রধান বক্তা হিসেবে বক্তব্য দেন প্রফেসর রীতা দত্ত, স্থানীয় কমিশনার, চট্টগ্রাম জেলা সদর। এসময়ে চট্টগ্রাম জেলা এবং চট্টগ্রাম জেলা সদর স্থানীয় কমিটির সকল সদস্য উপস্থিত ছিলেন।

বিকেলে ওমর গণি এম.ই.এস. বিশ্ববিদ্যালয় কলেজ এ রেঞ্জার, গাইডার, চট্টগ্রাম অঞ্চল, জেলা ও জেলা সদর স্থানীয় কমিটির সদস্যগণ বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পন করেন। পুষ্পস্তবক অর্পন শেষে ২৫টি অস্বচ্ছল পরিবারকে প্রয়োজনীয় সামগ্রী বিতরণ করেন প্রফেসর রীতা দত্ত, স্থানীয় কমিশনার, চট্টগ্রাম জেলা সদর, মোশফেকা আকতার চৌধুরী, আঞ্চলিক সেক্রেটারী, চৌধুরী ফাহমী নাহিদা নাজনীন, আঞ্চলিক কোষাধ্যক্ষ এবং নাজনীন হক চৌধুরী, আঞ্চলিক সদস্যা, চট্টগ্রাম অঞ্চল। কর্মসূচী বাস্তবায়নে সার্বিক দায়িত্ব পালন করেন ইসরাত জাহান শিল্পী, ট্রেইনার, চট্টগ্রাম অঞ্চল।



জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর ৪৬তম শাহাদাত বার্ষিকী পালন অনুষ্ঠানে বক্তব্য দেন প্রফেসর রীতা দত্ত, স্থানীয় কমিশনার, চট্টগ্রাম জেলা

একই দিনে চট্টগ্রাম অঞ্চলের আওতাধীন কক্সবাজার জেলা, রাঙ্গামাটি পার্বত্য জেলা, খাগড়াছড়ি পার্বত্য জেলা এবং বান্দরবান পার্বত্য জেলা এবং উপজেলা সমূহে যথাযোগ্য মর্যাদায় ১৫ আগস্ট জাতীয় শোক দিবসের বিভিন্ন কর্মসূচী পালন করা হয়।

**আঞ্চলিক রেঞ্জার কাউন্সিল অধিবেশন ঃ** ১৮ হতে ২০ নভেম্বর, ২০২১ পর্যন্ত ১২তম আঞ্চলিক রেঞ্জার কাউন্সিল অধিবেশন ও নির্বাচন সৈকত বালিকা উচ্চ বিদ্যালয়, কক্সবাজার জেলা সদর, কক্সবাজারে অনুষ্ঠিত হয়। "সেবার জন্য আমরা গার্ল গাইডস্" থিমকে কেন্দ্র করে বিভিন্ন কর্মসূচীর মধ্য দিয়ে অধিবেশন অনুষ্ঠিত হয়। সী বিচ পর্যটন এলাকায় পরিস্কার পরিচ্ছন্নতা, বৃক্ষ রোপণ কর্মসূচী, Free Being Me, YESS Girls Movement এবং প্রকৃতি পর্যবেক্ষণ। অনুষ্ঠানে সেশন প্রদান করেন উজানী চাকমা ও বিথী চাকমা - যুবানেত্রী, চট্টগ্রাম অঞ্চল। কর্মসূচীতে ৬০ জন রেঞ্জার ও রেঞ্জার গাইডার অংশগ্রহন করেন।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন নিরূপা দেওয়ান, আঞ্চলিক কমিশনার, চট্টগ্রাম অঞ্চল। প্রধান অতিথি ছিলেন সমর চন্দ্র দেব নাথ, প্রধান শিক্ষক, সৈকত বালিকা উচ্চ বিদ্যালয়। উপস্থিত ছিলেন শামসুন্নাহার বেগম, জেলা গাইড কমিশনার, কক্সবাজার জেলা, বীনা প্রভা চাকমা, জেলা গাইড কমিশনার, রাঙ্গামাটি পার্বত্য জেলা, প্রফেসর রীতা দত্ত, আঞ্চলিক রেঞ্জার কাউন্সিলর, চট্টগ্রাম অঞ্চল, মাসুদা মোর্শেদা আইভি, প্রধান শিক্ষক, কক্সবাজার সরকারি বালিকা উচ্চ বিদ্যালয় এবং স্থানীয় গাইড কমিশনার, কক্সবাজার জেলা সদর এবং নাজনীন হক চৌধুরী, আঞ্চলিক কার্য নির্বাহী কমিটির সদস্য, চট্টগ্রাম অঞ্চল। ট্যাপস্ এর মাধ্যমে কর্মসূচীর সমাপ্তি ঘোষণা করা হয়। অধিবেশন এর সকল কর্মসূচী পরিচালনা করেন ইসরাত জাহান শিল্পী ট্রেইনার, চট্টগ্রাম অঞ্চল।




আঞ্চলিক রেঞ্জার কাউন্সিল অধিবেশন ও নির্বাচনে অংশগ্রহনকারী রেঞ্জাররা পরিবেশ রক্ষা ও মানুষকে সচেতন করার জন্য বিভিন্ন থিম স্বম্বলিত প্ল্যাকার্ড হাতে বার্তা পৌঁছে দেয়

**জেলা পরিষদ অধিবেশন, খাগড়াছড়ি পার্বত্য জেলা ঃ** ৩ ডিসেম্বর খাগড়াছড়ি পার্বত্য জেলার "জেলা পরিষদ অধিবেশন" জিরো পয়েন্ট, খাগড়াছড়িতে অনুষ্ঠিত হয়। কর্মসূচীতে প্রধান অতিথি ছিলেন উত্তম খীসা, জেলা শিক্ষা কর্মকর্তা, খাগড়াছড়ি পার্বত্য জেলা। সভাপতিত্ব করেন শ্রীলা তালুকদার, জেলা গাইড কমিশনার, খাগড়াছড়ি পার্বত্য জেলা। অধিবেশনে বিজ্ঞ পাখি, গাইড গাইডার, রেঞ্জার গাইডার, গাইড সদস্য এবং কমিশনার সহ ৮ উপজেলা হতে ৮১জন অংশগ্রহন করেন। ট্যাপস্ এর মাধ্যমে অনুষ্ঠানের সমাপ্তি ঘোষণা করা হয়।



জেলা পরিষদ অধিবেশনে প্রধান অতিথিকে ফুলেল শুভেচ্ছা জানানো হয়

**রেঞ্জার কর্মসূচী ঃ** ২৬ হতে ২৮ ডিসেম্বর "Yoth Exchange South to South" YESS Girls Movement National Task force Team" "Connect to YESS" প্রোগ্রাম জাতীয় কার্যালয়, নিউ বেইলী রোড, ঢাকায় অনুষ্ঠিত হয়। কর্মসূচীতে ১০জন রেঞ্জার এবং ১জন রেঞ্জার গাইডার অংশগ্রহন করেন।

**প্রাতিষ্ঠানিক কাঠামো ও ব্যবস্থাপনা ঃ** ৩১ অক্টোবর সীতাকুন্ড মহিলা কলেজ এ সীতাকুন্ড উপজেলা স্থানীয় এসোসিয়েশন এর কমিটি গঠিত হয়। একই দিন রাঙ্গুনিয়া উপজেলায় স্থানীয় এসোসিয়েশন এর কমিটি গঠন করা হয়।

**চট্টগ্রাম জেলা সদর স্থানীয় এসোসিয়েশন এর কমিটি গঠন ঃ** ২ নভেম্বর চট্টগ্রাম অঞ্চল এর অস্থায়ী কার্যালয়ে চট্টগ্রাম জেলা সদর স্থানীয় এসোসিয়েশন এর কমিটি গঠন করা হয়।

**কক্সবাজার জেলা এবং স্থানীয় এসোসিয়েশন এর কমিটি গঠন ঃ** ১২ নভেম্বর কক্সবাজার সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ে কক্সবাজার জেলা এসোসিয়েশন এবং কক্সবাজার জেলা সদর স্থানীয় এসোসিয়েশন এর কমিটি গঠন করা হয়।

**সভা ঃ** ২৪ নভেম্বর "মহান বিজয় দিবস" উদ্‌যাপন কর্মসূচীর পূর্ব প্রস্তুতিমূলক আলোচনা সভা চট্টগ্রাম কোর্ট বিল্ডিং, জেলা প্রশাসক এর কার্যালয়ে অনুষ্ঠিত হয়। সভায় ট্রেইনার শায়লা শাবরিন উপস্থিত ছিলেন।

৯ ডিসেম্বর চট্টগ্রাম বিভাগীয় কমিশনার এর সম্মেলন কক্ষে "বিজয়ের সুবর্ণ জয়ন্তী ও মুজিব বর্ষের শপথ অনুষ্ঠানের পুর্ব প্রস্তুতি মূলক আলোচনা সভায় মোশফেকা আকতার চৌধুরী, আঞ্চলিক সচিব এবং ইসরাত জাহান শিল্পী, ট্রেইনার, চট্টগ্রাম অঞ্চল অংশগ্রহণ করেন।

১০ ডিসেম্বর বিশ্ব মানবাধিকার দিবস উপলক্ষে চট্টগ্রাম জেলা প্রশাসন আয়োজিত সভায় ইসরাত জাহান শিল্পী, ট্রেইনার, চট্টগ্রাম অঞ্চল অংশগ্রহন করেন।

১৩ ডিসেম্বর বান্দরবান সরকারি বালিকা উচ্চ বিদ্যালয় এর মিলনায়তনে জেলা গাইড ডে-ক্যাম্প এর পূর্ব প্রস্তুতিমূলক সভায় ৮টি স্কুল এবং কলেজ এর গাইড গাইডার, রেঞ্জার গাইডার এবং ট্রেইনারসহ ১৩জন উপস্থিত ছিলেন। সভায় সভাপতিত্ব করেন স্মৃতি কণা দে, জেলা

**দীক্ষাদান ঃ** ১৩ নভেম্বর, বায়তুশ শরফ জব্বারিয়া একাডেমীর ৪০জন হলদে পাখি এবং ৮০জন গাইড এর পরীক্ষা ও দীক্ষাদান অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন আলহাজ্ব মোহাম্মদ সিরাজুল ইসলাম সভাপতি এবং মোহাম্মদ ছৈয়দ করিম, প্রধান শিক্ষক, বায়তুশ শরফ জব্বারিয়া

একাডেমী। পরীক্ষা গ্রহন করেন ইসরাত জাহান শিল্পী, ট্রেইনার, চট্টগ্রাম অঞ্চল এবং দীক্ষা দান করেন শামসুন্নাহার বেগম, জেলা গাইড কমিশনার, কক্সবাজার জেলা।

**মহান বিজয় দিবস উদযাপন ঃ** ১৬ ডিসেম্বর, চট্টগ্রাম জেলা প্রশাসনের উদ্যোগে এম.এ.আজিজ স্টেডিয়ামে বিজয় দিবস উপলক্ষে কুচকাওয়াজ অনুষ্ঠিত হয়। কর্মসূচীতে অপর্ণাচরণ সিটি কর্পোরেশন বালিকা উচ্চ বিদ্যালয় এন্ড কলেজ, প্রবর্তক স্কুল এন্ড কলেজ, ডাঃ খাস্তগীর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, সেন্ট স্কলাসটিকা বালিকা স্কুল এন্ড কলেজ, রহমানিয়া উচ্চ বিদ্যালয় এর গাইড, গাইডার এবং অফিস স্টাফসহ ১০০জন অংশগ্রহন করেন। এছাড়াও চট্টগ্রাম অঞ্চলের সকল জেলা-উপজেলায় যথাযোগ্য মর্যাদায় দিবসটি পালন করা হয়।



বিজয় দিবস উপলক্ষে কুচকাওয়াজ অনুষ্ঠানে রেঞ্জারদের অংশগ্রহন

**শপথ বাক্য গ্রহন ঃ** স্বাধীনতার সূবর্ণ জয়ন্তী মহান বিজয় দিবস এর ৫০বছর পূর্তি উপলক্ষে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এর মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা শপথ বাক্য পাঠ করান। চট্টগ্রাম এম.এ.আজিজ স্টেডিয়ামে অনুষ্ঠিত কর্মসূচীতে শৃঙ্খলার দায়িত্বে আগ্রাবাদ মহিলা কলেজ, ওমরগণি এম.ই.এস.কলেজ, প্রবর্তক স্কুল এন্ড কলেজ, অপর্ণা চরণ সিটি কর্পোরেশন বালিকা স্কুল এন্ড কলেজ এবং মহিলা কলেজ চট্টগ্রাম এর রেঞ্জার, রেঞ্জার গাইডার এবং অফিস স্টাফসহ ৮৮জন অংশগ্রহন করেন।




বিজয়ের সুবর্ণজয়ন্তী ও মুজিববর্ষ উপলক্ষে শপথ অনুষ্ঠানে গাইড সদস্যদের অংশগ্রহণ

**আন্তর্জাতিক দুর্নীতি বিরোধী দিবস এর র‌্যালী ঃ** ৯ ডিসেম্বর, "আন্তর্জাতিক দূর্নীতি বিরোধী দিবস" এর মানববন্ধন ও র‌্যালী চট্টগ্রাম সার্কিট হাউজে অনুষ্ঠিত হয়। কর্মসূচীতে বাকলিয়া সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, অপর্ণাচরণ সিটি কর্পোরেশন বালিকা স্কুল এন্ড কলেজ, ওমর গণি এম.ই.এস.কলেজ এর গাইড, রেঞ্জার, গাইড গাইডার, রেঞ্জার গাইডার এবং অফিস স্টাফসহ ৪৫জন অংশগ্রহন করেন।




আন্তর্জাতিক দুর্নীতি বিরোধী দিবস এর মানববন্ধন ও র‌্যালীতে গাইড সদস্যদের অংশগ্রহন

**বিজয় দিবস এর কনসার্ট ঃ** ১৭ ডিসেম্বর বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্মশত বার্ষিকী ও বিজয়ের সূবর্ণ জয়ন্তী উপলক্ষে চট্টগ্রাম জেলা প্রশাসন ও সি.জে.কে.এস এর যৌথ উদ্যোগে চট্টগ্রাম এম.এ.আজিজ স্টেডিয়ামে কনসার্ট অনুষ্ঠিত হয়। প্রধান অতিথি, বিশেষ অতিথি মহোদয়দের অভ্যর্থনা এবং সহযোগিতা প্রদানের জন্য ৫০জন রেঞ্জার ও ট্রেইনারদ্বয় দায়িত্ব পালন করেন।

## কুমিল্লা অঞ্চল এপ্রিল হতে ডিসেম্বর ২০২১ পর্যন্ত বাস্তবায়িত কার্যক্রম

**ওরিয়েন্টেশন কোর্স ফেনী ঃ** ১ এপ্রিল, ২০২১ ফেনী সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ের অডিটোরিয়ামে ১ দিনের ওরিয়েন্টেশন কোর্স অনুষ্ঠিত হয়। জেলার বিভিন্ন উপজেলা হতে ৪৫ জন সহকারি শিক্ষিকা কোর্সে অংশগ্রহণ করেন। কোর্স শেষে সনদপত্র বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন ফেরদৌস আরা বেগম, সহকারি জেলা শিক্ষা অফিসার, ফেনী জেলা। বিশেষ অতিথি ছিলেন সানজিদা খানম, সিনিয়র শিক্ষিকা, ফেনী সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়। সভাপতিত্ব করেন জাহান আরা বেগম, আঞ্চলিক কমিশনার, কুমিল্লা অঞ্চল। গাইড জেলা কমিশনার, স্থানীয় গাইড কমিশনার ও সদস্যবৃন্দ এসময় উপস্থিত ছিলেন । সি.জে.কে.এস এর যৌথ উদ্যোগে চট্টগ্রাম এম.এ.আজিজ স্টেডিয়ামে কনসার্ট অনুষ্ঠিত হয়। প্রধান অতিথি, বিশেষ অতিথি মহোদয়দের অভ্যর্থনা এবং সহযোগিতা প্রদানের জন্য ৫০জন রেঞ্জার ও ট্রেইনারদ্বয় দায়িত্ব পালন করেন।



ফেনী জেলায় কারিগরি ও মাদ্রাসা শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষকদের এক দিনের ওরিয়েন্টেশন

**চাঁদপুর ঃ** ২৪ জুন, ২০২১ মাতৃপীঠ সরকারি বালিকা উচ্চ বিদ্যালয় অডিটোরিয়াম, চাঁদপুরে ১ দিনের ওরিয়েন্টেশন কোর্স অনুষ্ঠিত হয়। জেলার বিভিন্ন উপজেলা হতে ৪৫ জন কারিগরি ও মাদ্রাসা শিক্ষা প্রতিষ্ঠানের সহকারি শিক্ষিকা কোর্সে অংশগ্রহণ করেন। কোর্স শেষে সনদপত্র বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন মোঃ গিয়াস উদ্দিন পাটোয়ারী, জেলা শিক্ষা অফিসার, চাঁদপুর জেলা। কার্যনির্বাহী কমিটির সদস্যগণ, চাঁদপুর জেলার জেলা ও স্থানীয় গাইড কমিশনার এসময় উপস্তিত ছিলেন । কোর্সে সভাপতিত্ব করেন জাহান আরা বেগম, আঞ্চলিক কমিশনার।

**মৌলিক প্রশিক্ষণ ঃ** ১৬ হতে ২০ জুন, ২০২১ অঞ্চল পর্যায়ে কুমিল্লা জেলার বিভিন্ন উপজেলার কারিগরি ও মাদ্রাসা শিক্ষা প্রতিষ্ঠানের ৪৫ জন সহকারি শিক্ষিকাদের নিয়ে ৫ দিন ব্যাপী মৌলিক প্রশিক্ষণ নবাব ফয়জুন্নেছা সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ের অডিটোরিয়ামে অনুষ্ঠিত হয়। প্রশিক্ষণটি উদ্বোধন করেন রোকসানা ফেরদৌস মজুমদার, উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, কুমিল্লা অঞ্চল, কুমিল্লা। সভাপতিত্ব করেন জাহান আরা বেগম, আঞ্চলিক কমিশনার, কুমিল্লা অঞ্চল। কুমিল্লা অঞ্চলের আঞ্চলিক কার্যনির্বাহী কমিটির সদস্যবৃন্দ প্রশিক্ষণে উপস্থিত ছিলেন ।




সনদপত্র বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্য দেন মোহাম্মদ সাফায়েত মিয়া, উপ-সচিব (একাডেমিক), মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ড, কুমিল্লা

কোর্স শেষে সনদপত্র বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন মোহাম্মদ সাফায়েত মিয়া, উপ-সচিব (একাডেমিক), মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ড, কুমিল্লা। বিশেষ অতিথি ছিলেন রোকসানা ফেরদৌস মজুমদার, উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা, কুমিল্লা অঞ্চল, কুমিল্লা, মোঃ আব্দুল মজিদ, জেলা শিক্ষা অফিসার, কুমিল্লা। আঞ্চলিক কার্যনির্বাহী কমিটির সদস্যগণ এসময় উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন পাপড়ী বসু, অতিরিক্ত আঞ্চলিক কমিশনার, কুমিল্লা অঞ্চল। ৫ দিনের মৌলিক প্রশিক্ষণ পরিচলনা করেন ট্রেইনার নূরুন নাহার।







অঞ্চল পর্যায়ে কারিগরি ও মাদ্রাসা শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষিকাদের নিয়ে মৌলিক প্রশিক্ষণের আলোকচিত্র



করোনা ভাইরাস থেকে নিজেকে রক্ষা করতে হলে বাইরে যাওয়ার সময় অবশ্যই মাস্ক ব্যবহার করুন ও অন্যকেও মাস্ক ব্যবহার করতে উৎসাহিত করুন।

**আঞ্চলিক কার্যনির্বাহী কমিটির সভা ঃ** ১৬ জুন, ১৫ অক্টোবর, ২০২১ আঞ্চলিক কার্যনির্বাহী কমিটির ১১ ও ১২ তম সভা কুমিল্লা আঞ্চলিক কার্যালয়ের অফিস কক্ষে অনুষ্ঠিত হয়। সভায় আঞ্চলিক কার্যনির্বাহী কমিটির সদস্যগণ উপস্থিত ছিলেন। সভাপতিত্ব করেন জাহান আরা বেগম, আঞ্চলিক কমিশনার, কুমিল্লা অঞ্চল।





আঞ্চলিক কার্যনির্বাহী কমিটির সভায় উপস্থিত সদস্যগণ

**১৫ আগস্ট জাতীয় শোক দিবস ঃ** কুমিল্লা অঞ্চলের উদ্যোগে ১৫ আগস্ট জাতীয় শোক দিবস উপলক্ষে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে গাইড, গাইডার, কমিশনার ও ট্রেইনার পুষ্পস্তবক অর্পণ করেন। ঐ দিন সংরাইশ সরকারি শিশু পরিবারে কুমিল্লা অঞ্চলের উদ্যোগে দোয়া মাহফিলের আয়োজন করা হয়। গাইড, গাইডার, ট্রেইনার, আঞ্চলিক কার্যনির্বাহী কমিটির সদস্য, উপ-তত্ত্বাবধায়ক প্রতিষ্ঠানের ব্যক্তিবর্গসহ ১৩৫ জন উপস্থিত ছিলেন। বিদসটি উপলক্ষে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের পরিবারে সকল সদস্যের বিদেহী আত্মার মাগফিরাত কামনা করা হয়।



১৫ আগস্ট জাতীয় শোক দিবসে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ

**বৃক্ষরোপন ঃ** কুমিল্লা অঞ্চলের উদ্যোগে ২৩ আগস্ট, ২০২১ নবাব ফয়জুন্নেছা সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ের মাঠ প্রাঙ্গণে ফলদ, বনজ, ঔষধী ও বকুল ফুলের গাছের চারা রোপন করা হয়। কুমিল্লা মহানগরের ২টি শিক্ষা প্রতিষ্ঠানে গাইড, গাইডার, ট্রেইনার, কমিশনার ও গাইড সদস্যসহ ১৮জন উপস্থিত ছিলেন।



বৃক্ষরোপন কর্মসূচি পালন

**ডায়াবেটিস ও উচ্চ রক্তচাপ নির্ণয় ঃ** বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশনের সহযোগিতায় বাংলাদেশ ডায়াবেটিস সমিতির উদ্যোগে চাঁদপুর জেলায় ১৭-১৮ সেপ্টেম্বর, ২০২১ পর্যন্ত ১৫-৩৫ বছর বয়সী তরুণীদের ডায়াবেটিস ও উচ্চ রক্তচাপ নির্ণয়ে ১০ জন গাইড ও রেঞ্জার ভলান্টিয়ারের দায়িত্ব পালন করে। জেলার ২টি ভেন্যু-চাঁদপুর শহর ও রামপুর ইউনিয়নে অনুষ্ঠিত হয়। ২টি ভেন্যুতে ১৫০ জন ডায়াবেটিস ও উচ্চ রক্তচাপ বিষয়ক স্বাস্থ্য সমীক্ষায় অংশগ্রহণ করে। বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের গাইডারগণ, মোর্শেদা ইয়াসমিন, স্থানীয় কমিশনার, আলেয়া ফেরদৌসী, গা্ইড জেলা কমিশনার, সম্প্রসারণ গাইড কমিশনার নুরজাহান আরা বেগম, প্রকাশনা কমিশনার শাহনাজ মালিক আহমেদ, জাহান আরা বেগম, আঞ্চলিক কমিশনার ও কুমিল্লা অঞ্চলের ট্রেইনার নূরুন নাহার উপস্থিত ছিলেন।



ডায়াবেটিস ও উচ্চ রক্তচাপ বিষয়ক স্বাস্থ্য সমীক্ষা

**গাইড গাইডার কোর্স প্রশিক্ষণ, বরুড়া উপজেলা ঃ** কুমিল্লা অঞ্চলের উদ্যোগে বরুড়া উপজেলায় 'বরুড়া সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ে' ২৬-৩০ সেপ্টেম্বর, ২০২১ পর্যন্ত ৫ দিন ব্যাপী গাইড গাইডার কোর্স প্রশিক্ষণ

অনুষ্ঠিত হয়। প্রশিক্ষণে বরুড়া উপজেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান হতে ৪৯ জন প্রশিক্ষণার্থী অংশগ্রহণ করেন। প্রশিক্ষণের প্রতিপাদ্য বিষয় "সুন্দর জীবনের প্রত্যাশায় গার্ল গাইডিং"। প্রশিক্ষণ কোর্সের উদ্বোধন করেন মোঃ সাইফুল ইসলাম উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, বরুড়া উপজেলা। বরুড়া উপজেলা স্থানীয় এসোসিয়েশনের গাইড কমিশনার আয়েশা সুলতানা উপস্থিত ছিলেন। সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন মো ঃ আনিসুল ইসলাম উপজেলা নির্বাহী কর্মকর্তা, বরুড়া উপজেলা এবং বিশেষ অতিথি ছিলেন মোঃ সাইফুল ইসলাম, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার। অনুষ্ঠানে সভাপতি ছিলেন জাহান আরা বেগম, আঞ্চলিক কমিশনার। সমাপনী অনুষ্ঠানে প্রশিক্ষণার্থীদের মাঝে সনদপত্র প্রদান করেন মোঃ আনিসুল ইসলাম। ৩০ সেপ্টেম্বর দুইটি সেশন দেন হোসনে আরা বেগম, ট্রেইনার (অবসরপ্রাপ্ত)। প্রশিক্ষণ পরিচালনা করেন ট্রেইনার নূরুন নাহার।




বরুড়া উপজেলা, কুমিল্লায় গাইড গাইডার কোর্স প্রশিক্ষণ শেষে অংশগ্রহণকারীদের মধ্যে সনদ বিতরণ করা হয়

**২য় আঞ্চলিক পরিষদ অধিবেশন ঃ** কুমিল্লা অঞ্চলের ২য় আঞ্চলিক পরিষদ অধিবেশন ১২ নভেম্বর নবাব ফয়জুন্নেছা সরকারি বালিকা উচ্চ বিদ্যালয় অডিটোরিয়াম, কুমিল্লায় অনুষ্ঠিত হয়। অধিবেশনে প্রধান অতিথি ছিলেন কাজী জেবুন্নেছা বেগম, জাতীয় কমিশনার, বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশন ও অতিরিক্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়। বিশেষ অতিথি ছিলেন মোহাম্মদ কামরুল হাসান, জেলা প্রশাসক, কুমিল্লা ও মো ঃ শাফায়েত মিয়া, উপ-সচিব, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ড, কুমিল্লা। আরো উপস্থিত ছিলেন সাবিনা ফেরদৌস, ডেপুটি জাতীয় কমিশনার (প্রশাসন) প্রফেসর ড. ইয়াসমিন আহমেদ, ডেপুটি জাতীয় কমিশনার (প্রোগ্রাম), অধ্যক্ষ রফিকা আফরোজ, সহযোগী কোষাধ্যক্ষ, শাহনাজ মালিক আহমেদ, প্রকাশনা কমিশনার, নুরজাহান আরা বেগম, গাইড কমিশনার, রীতা জেসমিন, রেঞ্জার কমিশনার এবং কুমিল্লা অঞ্চলের অধীন ৬ জেলার (কুমিল্লা, ফেনী, নোয়াখালী, চাঁদপুর, লক্ষ্মীপুর, ব্রাহ্মণবাড়িয়া) জেলা কমিশনার, ট্রেজারার, গাইডার, গাইড, রেঞ্জার, আঞ্চলিক ট্রেজারার, আঞ্চলিক সেক্রেটারীসহ ২০০ জন উপস্থিত ছিলেন। অনুষ্ঠানের সভাপতিত্ব করেন জাহান আরা বেগম, আঞ্চলিক কমিশনার।



আঞ্চলিক পরিষদ অধিবেশনে প্রধান অতিথিকে স্বাগত জানানো হয়



আঞ্চলিক পরিষদ অধিবেশনে প্রধান অতিথির বক্তব্য দেন জাতীয় কমিশনার কাজী জেবুন্নেছা বেগম



আঞ্চলিক পরিষদ অধিবেশনে জেলা প্রশাসক মোহাম্মদ কামরুল হাসান কাউন্সিলরদের উদ্দেশ্যে বক্তব্য দেন




আঞ্চলিক পরিষদ অধিবেশনের আলোকচিত্র

**ডে-ক্যাম্প ঃ** ১২ ডিসেম্বর সংরাইশ সালেহা বালিকা উচ্চ বিদ্যালয় আদর্শ সদর, কুমিল্লায় দিনব্যাপী গাইডদের ডে-ক্যাম্প অনুষ্ঠিত হয়। ক্যাম্পে ৭০ জন মেয়ের টেন্ডারফুট পরীক্ষা গ্রহণ শেষে দীক্ষাদেন এড. ফাহমিদা জেবিন, স্থানীয় গাইড কমিশনার, আদর্শ সদর উপজেলা, কুমিল্লা।






সংরাইশ সালেহা বালিকা উচ্চ বিদ্যালয়ের গাইড মেয়েদের দীক্ষাদান

## দীক্ষাদান

১৮ নভেম্বর কুমিল্লা সদর দক্ষিণ উপজেলার গভর্ণমেন্ট ল্যাবরেটরী হাইস্কুলের ১৩০ জন এবং বর্ডার গার্ড পাবলিক স্কুলের ৭০ জন সহ ২০০ জন মেয়ের টেন্ডারফুট পরীক্ষা শেষে দীক্ষাদেন আঞ্চলিক ট্রেইনার নূরুন নাহার। দীক্ষাদান অনুষ্ঠানে উপস্থিত ছিলেন অত্র বিদ্যালয়ের প্রধান শিক্ষক, গাইডার ও স্থানীয় গাইড কমিশনার সেলিনা পারভীন।

**শাকতলা উচ্চ বিদ্যালয় ঃ** ২১ নভেম্বর কুমিল্লা সদর দক্ষিণ উপজেলার শাকতলা উচ্চ বিদ্যালয়ের ৪০ জন গাইডের টেন্ডারফুট পরীক্ষা শেষে দীক্ষা দেন কুমিল্লা অঞ্চলের ট্রেইনার নূরুন নাহার। দীক্ষাদান অনুষ্ঠানে উপস্থিত ছিলেন অত্র বিদ্যালয়ের প্রধান শিক্ষক, সহকারী প্রধান শিক্ষিকা ও কুমিল্লা সদর দক্ষিণ উপজেলার স্থানীয় কমিশনার প্রমুখ।



শাকতলা উচ্চ বিদ্যালয়ে দীক্ষাপ্রাপ্ত গাইডবৃন্দ

**দেবিদ্বার উপজেলা ঃ** ৫ ডিসেম্বর দেবিদ্বার উপজেলার ৪টি শিক্ষা প্রতিষ্ঠানে ৩৫০ জন গাইডের পরীক্ষা গ্রহণ শেষে দীক্ষা দেন স্থানীয় গাইড কমিশনার আয়েশা সিদ্দিকা। অনুষ্ঠানে ট্রেইনার নূরুন নাহারসহ প্রতিষ্ঠানের শিক্ষক ও শিক্ষিকাগণ উপস্থিত ছিলেন।






দেবিদ্বার উপজেলার শিক্ষা প্রতিষ্ঠানে গাইড মেয়েদের দীক্ষা দান

**মালেকা মমতাজ বালিকা উচ্চ বিদ্যালয় ঃ** ২০ ডিসেম্বর মালেকা মমতাজ বালিকা উচ্চ বিদ্যালয়ের ৭২ জন গাইডের টেন্ডারফুট পরীক্ষা শেষে দীক্ষা দেন ট্রেইনার নূরুন নাহার। দীক্ষা দান অনুষ্ঠানে উপস্থিত ছিলেন অত্র বিদ্যালয়ের প্রধান শিক্ষক, সহকারি প্রধান শিক্ষক ও গাইডার হামিদা আক্তার প্রমুখ।





মালেকা মমতাজ বালিকা উচ্চ বিদ্যালয়ের গাইড মেয়েদের দীক্ষা দান




মালেকা মমতাজ বালিকা উচ্চ বিদ্যালয়ের দীক্ষাপ্রাপ্ত গাইডবৃন্দ

**বিজয় দিবস ঃ** ১৬ ডিসেম্বর কুমিল্লা জেলার জেলা প্রশাসকের উদ্যোগে কুমিল্লা স্টেডিয়ামে কুচকাওয়াজ অনুষ্ঠানে জেলার আদর্শ সদর উপজেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের হলদে পাখি ও গাইড দল অংশগ্রহণ করে।









বিজয় দিবসে হলদে পাখি ও গাইডদের কুচকাওয়াজে অংশগ্রহণ

**Yess প্রোগ্রাম ঃ** জাতীয় কার্যালয়ে ২২ জুন ও ১১ জুলাই, ২০২১ হলদে পাখি 'ক' গ্রুপ করোনা সুপার হিরো কর্মসূচি অনুষ্ঠিত হয়। কর্মসূচিতে কুমিল্লা অঞ্চল হতে ৩ জন হলদে পাখি অংশগ্রহণ করে। অঞ্চলের পক্ষে নবাব ফয়জুন্নেছা সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ের রাজন্যা সাহা, ৫ম শ্রেণি, দিবা শাখা, ১ম স্থান অধিকার করে।

২৭ জুন, ২০২১ Yess প্রোগ্রমে 'Make Your Mask' প্রশিক্ষণে কুমিল্লা অঞ্চল হতে ৮ জন রেঞ্জার অংশগ্রহণ করেন। গাইড 'খ' গ্রুপ ঃ জাতীয় কার্যালয় কর্তৃক ২২ জুন ও ১১ জুলাই, ২০২১ পর্যন্ত গাইড কোয়ারেন্টটাইনের গল্প কর্মসূচি অনুষ্ঠিত হয়। কর্মসূচিতে কুমিল্লা অঞ্চল হতে ৩ জন গাইড অংশগ্রহণ করে।

২৭ ডিসেম্বর জাতীয় কার্যালয় কর্তৃক আয়োজিত দিনব্যাপী YESS (National Task Force 2021 team member) প্রোগ্রাম অনুষ্ঠিত হয়। কর্মসূচিতে কুমিল্লা অঞ্চল হতে ১০ জন রেঞ্জার ও ১ জন রেঞ্জার গাইডার অংশগ্রহণ করে।

**গাইড গাইডার প্রশিক্ষণ কোর্স ঃ** কুমিল্লা অঞ্চল আয়োজিত ২৬ হতে ৩০ ডিসেম্বর ৫ দিনব্যাপী গাইড গাইডার কোর্স প্রশিক্ষণ ফেনী জেলায় 'ফেনী সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ে' অনুষ্ঠিত হয়। কোর্সের সমাপনী ও সদনপত্র বিতরণ অনুষ্ঠানের প্রধান অতিথি ছিলেন আবু সেলিম মাহমুদ-উল হাসান, জেলা প্রশাসক, ফেনী জেলা, বিশেষ অতিথি ছিলেন কাজি সলিম উল্লাহ, জেলা শিক্ষা অফিসার, ফেনী জেলা। আরো উপস্থিত ছিলেন অত্র অঞ্চলের কার্যনির্বাহী কমিটির সদস্যবৃন্দসহ ফেনী জেলা গাইড সদস্যবৃন্দ। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন জাহান আরা বেগম, আঞ্চলিক কমিশনার, কুমিল্লা অঞ্চল।





গাইড গাইডার প্রশিক্ষণকোর্সে অংশগ্রহণকারীদের দীক্ষাদান ও সনদপত্র প্রদান করা হয়





ফেনী সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ে গাইড গাইডার কোর্স প্রশিক্ষণের আলোকচিত্র

## ঢাকা অঞ্চল এপ্রিল হতে অক্টোবর, ২০২১ পর্যন্ত বাস্তবায়িত কার্যক্রম

**ওরিয়েন্টেশন কর্মসূচি, নারায়নগঞ্জ জেলা :** ১ এপ্রিল, ২০২১ নারায়নগঞ্জ জেলায় ১ দিনের ওরিয়েন্টেশন কর্মসূচি নারায়নগঞ্জ সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ে অনুষ্ঠিত হয়। কর্মসূচিতে প্রধান অতিথি ছিলেন মোঃ শরিফুল ইসলাম, জেলা শিক্ষা অফিসার, নারায়নগঞ্জ জেলা। বিশেষ অতিথি ছিলেন এস এম আবু তালেব, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, নারায়নগঞ্জ সদর। সভাপতিত্ব করেন আঞ্জুমান আরা আকসির, জেলা গাইড কমিশনার, নারায়নগঞ্জ জেলা। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন ময়না বেগম, সদস্য, আঞ্চলিক কার্যনির্বাহী কমিটি। কারিগরি ও মাদ্রাসা শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান শিক্ষক, সহকারী শিক্ষক জেলা কমিটির সদস্য সহ  ৫০ জন অনুষ্ঠানে উপস্থিত ছিলেন। কর্মসূচিতে প্রশিক্ষণ প্রদান করেন তাছলিমা আক্তার ও কাজী শামীমা, ট্রেইনার, ঢাকা অঞ্চল।



ওরিয়েন্টেশন কোর্সে কারিগরি ও মাদ্রাসা শিক্ষা প্রতিষ্ঠান হতে অংশগ্রহণকারী প্রশিক্ষণার্থীদের মাঝে সার্টিফিকেট বিতরণ করেন জেলা শিক্ষা অফিসার মোঃ শরিফুল ইসলাম

**কিশোরগঞ্জ জেলা ঃ** ১৪ জুন, ২০২১ কিশোরগঞ্জ জেলায় ১দিনের ওরিয়েন্টেশন কর্মসূচি কিশোরগঞ্জ এস ভি সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ে অনুষ্ঠিত হয়। কর্মসূচিতে প্রধান অতিথি ছিলেন শামছুন নাহার মাকসুদা, জেলা শিক্ষা অফিসার, কিশোরগঞ্জ জেলা। বিশেষ অতিথি ছিলেন মোহাম্মদ ফজলুল হক, উপজেলা  মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, সদর উপজেলা কিশোরগঞ্জ। এছাড়া আঞ্চলিক কার্যালয় হতে উপস্থিত ছিলেন রওশন আক্তার হায়দার, ময়না বেগম এবং শাহনাজ কবীর, জেলা কমিশনার ও প্রধান শিক্ষক, এস ভি সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, কিশোরগঞ্জ, রাবেয়া আক্তার, স্থানীয় গাইড কমিশনার ও প্রধান শিক্ষক, কিশোরগঞ্জ সদর উপজেলা  গার্ল গাইডস্ এসোসিয়েশন।




জেলা গাইড কমিশনার শাহনাজ কবীর অনুষ্ঠানে বক্তব্য দেন

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন শাহনাজ কবীর, জেলা গাইড কমিশনার ও প্রধান শিক্ষক, এস ভি সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, কিশোরগঞ্জ। কিশোরগঞ্জ জেলা হতে কারিগরি ও মাদ্রাসা শিক্ষা প্রতিষ্ঠান হতে প্রতিষ্ঠান প্রধান, সহকারী শিক্ষক, মৌলভী সহ জেলা ও উপজেলার ৫০ জন অনুষ্ঠানে উপস্থিত ছিলেন। ওরিয়েন্টেশন কর্মসূচি পরিচালনা করেন ট্রেইনার তাছলিমা আক্তার ও কাজী শামীমা, ঢাকা অঞ্চল।



নারায়নগঞ্জে অনুষ্ঠিত ১দিনের ওরিয়েন্টেশন কোর্সে অংশগ্রহণকারী কারিগরি ও মাদ্রাসা শিক্ষা  প্রতিষ্ঠানের শিক্ষকদের প্রশিক্ষণ প্রদান করেন তাছলিমা আক্তার, ট্রেইনার

ডেঙ্গু থেকে বাঁচার উপায়, বাড়ির আঙ্গিনায় বৃষ্টির পানি জমতে দেয়া যাবেনা, নিয়মিত টবের পানি ফেলে পরিষ্কার করা। সচেতনতা বৃদ্ধি করা। আসুন ডেঙ্গু থেকে বাঁচতে আমরা নিজেরা সচেতন হই, অন্যকেও উৎসাহিত করি।





ওরিয়েন্টেশন কোর্সে বক্তব্য দেন রওশন আক্তার হায়দার সদস্য, আঞ্চলিক কার্যনির্বাহী কমিটি

**ঢাকা জেলা ঃ** ১৬ জুন, ২০২১ বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশন, ঢাকা অঞ্চল কর্তৃক আয়োজিত কারিগরি ও মাদ্রাসা শিক্ষা প্রতিষ্ঠানে গাইডিং কার্যক্রম সম্প্রসারণের লক্ষ্যে ঢাকা জেলায় ১ দিনের ওরিয়েন্টেশন কোর্স অনুষ্ঠিত হয়। ঢাকা জেলার বিভিন্ন উপজেলার মোট ৪৫ টি কারিগরি ও মাদ্রাসা শিক্ষা প্রতিষ্ঠানের ৪৫ জন সহকারি শিক্ষিকা কোর্সে অংশগ্রহণ করেন। উক্ত ওরিয়েন্টেশন কোর্স অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব মঞ্জুরুল আলম, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সাভার, ঢাকা, আরও উপস্থিত ছিলেন মোছাঃ সাহারা খানম, আঞ্চলিক কমিশনার, ঢাকা অঞ্চল, ও রওশন হায়দার, আঞ্চলিক কার্যনির্বাহী কমিটির সদস্য, ঢাকা অঞ্চল। ওরিয়েন্টেশ অনুষ্ঠানে সভাপতিত্ব করেন কামরুন্নাহার, জেলা কমিশনার, ঢাকা জেলা ও উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সাভার, ঢাকা। ওরিয়েন্টেশন কর্মসূচি পরিচালনা করেন জুনিয়র ট্রেইনার নাজনীন ইসলাম, ঢাকা অঞ্চল।



সাভারে অনুষ্ঠিত এক দিনের ওরিয়েন্টেশন কোর্সে প্রধান অতিথির বক্তব্য দেন আঞ্চলিক কমিশনার

**মৌলিক প্রশিক্ষণ :** বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশন ঢাকা অঞ্চল আয়োজিত কারিগরি ও মাদ্রাসা শিক্ষা প্রতিষ্ঠানে গাইডিং কার্যক্রম সম্প্রসারণের লক্ষ্যে ১৯-২৩ জুন, ২০২১ পর্যন্ত জাতীয় কার্যালয়, গাইড হাউজ, নিউ বেইলী রোড, ঢাকায় ৫ দিন ব্যাপি গাইড গাইডার মৌলিক কোর্স প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়। প্রশিক্ষনে ঢাকা অঞ্চলের ৪৫ টি কারিগরি ও মাদ্রাসা শিক্ষা প্রতিষ্ঠান হতে ৪৫ জন প্রশিক্ষণার্থী অংশগ্রহণ করেন। উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন কাজী জেবুন্নেছা বেগম, জাতীয় কমিশনার, বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশন ও অতিরিক্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়। এসময় উপস্থিত ছিলেন প্রশিক্ষণ কমিশনার, ঢাকা অঞ্চলের কোষাধ্যক্ষ সহ আঞ্চলিক কার্যনির্বাহী কমিটির সদস্যবৃন্দ। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন মোছাঃ সাহারা খানম, আঞ্চলিক কমিশনার ঢাকা অঞ্চল, ঢাকা। প্রশিক্ষণ পরিচালনা করেন তাছলিমা আক্তার, নাজনীন ইসলাম ও কাজী শামীমা, ট্রেইনার, ঢাকা অঞ্চল। প্রশিক্ষণে গাইডারের দায়িত্ব ও কর্তব্য বিষয়ক সেশন প্রদান করেন রাহেলা খানম, আঞ্চলিক কোষাধ্যক্ষ, আইন বিষয়ক সেশন প্রদান করেন রওশন আক্তার হায়দার, আঞ্চলিক কার্যনির্বাহী কমিটির সদস্য, ঢাকা অঞ্চল। ৫ দিন ব্যাপী প্রশিক্ষণের সমাপনী অনুষ্ঠানে আঞ্চলিক কমিশনার উপস্থিত থেকে সার্টিফিকেট বিতরণ ও দীক্ষা প্রদান করেন। ট্যাপস্ এর মাধ্যমে প্রশিক্ষণের সমাপ্তি ঘোষণা করা হয়।



কারিগরি ও মাদ্রাসা শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষকদের গাইড গাইডার মৌলিক প্রশিক্ষণের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্য দেন জাতীয় কমিশনার কাজী জেবুন্নেছা বেগম অতিরিক্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়



মাদ্রাসা শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষকদের গাইড গাইডার মৌলিক প্রশিক্ষণের উদ্বোধনী অনুষ্ঠানে সভাপতির বক্তব্য দেন মোছাঃ সাহারা খানম আঞ্চলিক কমিশনার



মাদ্রাসা শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষকদের গাইড গাইডার মৌলিক প্রশিক্ষণে গাইডারদের পতাকা উত্তোলন সেশন প্রদান করা হচ্ছে



মাদ্রাসা শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষকদের গাইড গাইডার মৌলিক প্রশিক্ষণ শেষে গাইডারদের দীক্ষাদান করা হয়

৮ জুলাই, ২০২১ বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশন, মুন্সিগঞ্জ জেলা এর পক্ষ থেকে নবনিযুক্ত জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট কাজী নাহিদ রসুলকে ফুলেল শুভেচ্ছা জানান জেলা গার্ল গাইডস্ কমিটির সদস্যবৃন্দ সহ শিউলি আক্তার জেলা কমিশনার মুন্সিগঞ্জ।

২৭ জুলাই ভার্চুয়ালি জুম এপস্ এর মাধ্যমে জাতীয় রেঞ্জার কাউন্সিল এর ৪র্থ সভা অনুষ্ঠিত হয়। সভায় ঢাকা অঞ্চলের রেঞ্জার আফরোজা আক্তার ভার্চুয়ালি যুক্ত হন।

২৯ জুলাই মুন্সিগঞ্জ জেলায় হেলমেট আয়োজিত ২ টাকার খাবার বিতরণ অনুষ্ঠানে মুন্সিগঞ্জ জেলা গার্ল গাইডস্ এসোসিয়েশন খাদ্য সামগ্রী ও ঈদ উপহার প্রদান করে।

২৯ জুলাই গার্ল গাইডস্ এসোসিয়েশন সিরাজদিখান উপজেলা এর পক্ষ থেকে মাস্ক বিতরণ করা হয়। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন সিরাজদিখান থানার অফিসার ইনচার্জ মোহাম্মদ বোরহান উদ্দিন।

২ হতে ২০ আগস্ট পর্যন্ত ১৮তম আন্তর্জাতিক E-Camp কোরিয়তে ভার্চুয়ালি অনুষ্ঠিত হয়। ক্যাম্পে ঢাকা অঞ্চল হতে ২ জন রেঞ্জার আফরোজা আক্তার ও সুমাইয়া ইসলাম অংশ গ্রহণ করেন।

৫ আগস্ট মুন্সিগঞ্জ সদরের কে কে গভ: ইনস্টিটিউট স্কুলে মুন্সিগঞ্জ জেলা গার্ল গাইডস এসোসিয়েশন এর পক্ষ থেকে ৫০ টি পরিবারকে খাদ্য সামগ্রী বিতরণ করা হয়। খাদ্য সামগ্রীর মধ্যে ছিলো চাল, ডাল, তৈল, পিয়াজ ও আলু। অনুষ্ঠানে জেলা গার্ল গাইডস্ কমিটির সদস্যবৃন্দ ও জেলা কমিশনার শিউলি আক্তার উপস্থিত থেকে খাদ্য সামগ্রী বিতরণ করেন।

১০ আগস্ট মুন্সিগঞ্জ জেলা এবং সিরাজদিখান উপজেলা গার্ল গাইডস্ এসোসিয়েশন খাদ্য সামগ্রী বিতরণ ও বৃক্ষরোপণ এবং কোভিড-১৯ টিকার ফ্রি রেজিস্ট্রেশন কার্যক্রম অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানের প্রধান অতিথি ছিলেন সৈয়দ ফয়েজুল ইসলাম, উপজেলা নির্বাহী অফিসার, সিরাজদিখান এবং সভাপতিত্ব করেন শিউলি আক্তার জেলা কমিশনার।

১৩-১৪ আগস্ট জাতীয় কার্যালয় আয়োজিত কোভিড-১৯ Movement Response Team programe এর ভার্চুয়ালি অনুষ্ঠিত হয়। প্রোগ্রামে ঢাকা অঞ্চল হতে ৮ জন রেঞ্জার অংশগ্রহণ করে।

১৫ আগস্ট জাতীয় শোক দিবস উপলক্ষে ঢাকা আঞ্চলিক কার্যালয়ে আঞ্চলিক কমিশনারের নেতৃত্বে জাতীয় পতাকা অর্ধনমিতকরণ, কালো ব্যাজ ধারন, দোয়া মাহফিল ও মোনাজাত অনুষ্ঠিত হয়। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৬ তম শাহাদাত বার্ষিকী ও জাতীয় শোক দিবস অনুষ্ঠানে হলদে পাখি, গাইড ও রেঞ্জারদের রচনা প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। সবশেষে ১৯৭৫ সালের

১৫ আগস্ট জাতীর পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সহধর্মিণী বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা সহ পরিবারের অন্যান্য সদস্য যে নির্মম হত্যাযজ্ঞের শিকার হন তাদের আত্মার মাগফেরাত কামনা করে দোয়া করা হয়। অনুষ্ঠানে ঢাকা আঞ্চলিক কার্যনির্বাহী কমিটির সদস্যগণ উপস্থিত ছিলেন।

৪ সেপ্টেম্বর নরসিংদী জেলায় মতবিনিময় সভা এবং বৃক্ষ রোপণ কর্মসূচি অনুষ্ঠিত হয়। মতবিনিময় সভায় প্রধান অতিথি ছিলেন সাবিনা ফেরদৌস, ডেপুটি জাতীয় কমিশনার (প্রশাসন), বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশন। বিশেষ অতিথি ছিলেন গৌতম চন্দ্র মিত্র, জেলা শিক্ষা অফিসার, নরসিংদী। সভাপতিত্ব করেন মোছা: সাহারা খানম, আঞ্চলিক কমিশনার, ঢাকা অঞ্চল, ঢাকা। আরও উপস্থিত ছিলেন জেলা কমিশনার তাহমিনা ফেরদৌসী, নরসিংদী জেলার সকল স্থানীয় কমিশনার, গাইডার সদস্য ও গাইডবৃন্দ। জাতীয় কার্যালয় থেকে মতবিনিময় সভায় আরও যোগদেন সাবিনা বেগম, জনসংযোগ, প্রচার ও প্রকাশনা কর্মকর্তা, মালেকা পারভীন, জাতীয় কমিশনার এর ব্যক্তিগত কর্মকর্তা ও ঢাকা অঞ্চলের ট্রেইনার, তাছলিমা আক্তার। মতবিনিময় সভায় প্রধান অতিথি



নরসিংদী জেলায় মত বিনিময় সভা শেষে বৃক্ষরোপন কর্মসূচি পালন

বলেন জেলায় কাজের গতি আরো বাড়াতে হবে। প্রতিটি সরকারি বিদ্যালয়ে গাইডিং কার্যক্রম পরিচালনার জন্য ২টি কক্ষের ব্যবস্থা করতে হবে। বিশেষ করে নরসিংদী সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক (ভারপ্রাপ্ত) আমির হোসেনকে অনুরোধ করেন গাইডের অফিস কার্যক্রম পরিচালনার জন্য বিদ্যালয়ের ২টি কক্ষ যেন নরসিংদী জেলা গার্ল গাইডস্ এসোসিয়েশনকে ব্যবহারের জন্য দেওয়া হয় এবং সেখানে একটি গার্ল গাইডের সাইনবোর্ড যেন লাগানো হয়। এরপর শিক্ষা অফিসার গৌতম চন্দ্র মিত্র বলেন তিনি সবসময় গাইডিং এর সাথে ছিলেন এখনও আছেন। গাইডিংকে এগিয়ে নিতে ওনার পক্ষ থেকে যতটুকু সাহায্য করা দরকার তা করবেন। সভাপতি মোছা: সাহারা খানম ছোট পরিসরে এ আয়োজন করার জন্য এবং এ জেলা পরিদর্শনে আসার জন্য ডেপুটি জাতীয় কমিশনারকে ধন্যবাদ জানান। পর্যায়ক্রমে সকল সদস্য তাদের মতামত ব্যক্ত করেন। ২য় পর্যায়ে বৃক্ষরোপণ কর্মসূচি করা হয় বিকেলে। বৃক্ষরোপণ করা হয় পৌরসভা লোকমান হোসেন উচ্চ বিদ্যালয়ে। সেখানে বিভিন্ন ঔষধী বৃক্ষ রোপণ করেন ডেপুটি জাতীয় কমিশনার ও সদস্যবৃন্দ। তাদেরকে সাহায্য করেন বিদ্যালয়ের প্রধান শিক্ষক ও অন্যান্য শিক্ষক। শেষে সকলকে ধন্যবাদ জানিয়ে কর্মসূচি সমাপ্ত ঘোষনা করা হয়।

৬ সেপ্টেম্বর, বাংলাদেশ ডায়বেটিক সমিতি ও নন কমিউনিকেবল ডিজিজ কন্ট্রোল প্রোগ্রাম, স্বাস্থ্য অধিদপ্তরের সহায়তায় বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশন এর উদ্যোগে দেশব্যাপী ১৫-৩৫ বছর বয়সী "কিশোর ও তরুণদের মধ্যে ডায়াবেটিস ও উচ্চ রক্তচাপ নির্নয়" বিষয়ক বৈজ্ঞানিক সমীক্ষা কর্মসূচি ঢাকা অঞ্চলের রাজবাড়ী জেলায় রাজবাড়ী মেডিকেল সেন্টারে অনুষ্ঠিত হয়। ১৫-৩৫ বছরের ৮৪ জন কিশোর ও তরুণের ডায়বেটিস ও উচ্চ রক্তচাপ পরীক্ষা করা হয়। এর মধ্যে ১২ জনের ডায়বেটিস ধরা পরে এবং ৭-৮ জনের মধ্যে ডায়বেটিস পূর্বাবস্থায় আছে। অনুষ্ঠানটি সকাল ৭:০০ টা হতে দুপুর ২:০০ টা পর্যন্ত চলে। অনুষ্ঠানে ঢাকা

অঞ্চল হতে মোছা: সাহারা খানম আঞ্চলিক কমিশনার ও কাজী শামীমা ট্রেইনার ঢাকা অঞ্চল এবং রাজবাড়ী জেলা হতে রেহেনা পারভীন জেলা কমিশনার রাজবাড়ী জেলা ও চায়না রানী, জেলা সেক্রেটারী রাজবাড়ী জেলা, উপস্থিত ছিলেন। বাংলাদেশ ডায়বেটিক সমিতির ডাঃ রাজীব সহ ৬ সদস্যের টিম অনুষ্ঠান পরিচালনা করেন।

১৩ সেপ্টেম্বর গোপালগঞ্জ জেলার কারিগরি ও মাদ্রাসা শিক্ষা প্রতিষ্ঠানে গাইডিং কার্যক্রম সম্প্রসারণের লক্ষ্যে ১ দিনের ওরিয়েন্টেশন কর্মসূচি বীনাপাণি সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, গোপালগঞ্জে অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে প্রশিক্ষণের উদ্বোধন করেন জেলা শিক্ষা অফিসার মুহাম্মদ সিদ্দিকুল ইসলাম, গোপালগঞ্জ জেলা। সভাপতিত্ব করেন বিদ্যালয়ের প্রধান শিক্ষক মৃন্ময় বাড়ৈ, জেলা কমিশনার নাসিমা খানম অনুষ্ঠানের আয়োজন করেন। বিভিন্ন কারিগরি ও মাদ্রাসা শিক্ষা প্রতিষ্ঠান হতে সুপারিটেন্ডেন্ট ও সহকারি শিক্ষকগণ অনুষ্ঠানে অংশগ্রহণ করেন।

১৪ সেপ্টেম্বর মাদারীপুর জেলায় মাদ্রাসা ও কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানে গাইডিং সম্প্রসারনের লক্ষ্যে ১ দিনের ওরিয়েন্টেশন কর্মসূচি সামসুন্নাহার ভূইয়া বালিকা উচ্চ বিদ্যালয় মাদারীপুর এ অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন সুবল চন্দ্র দাস জেলা শিক্ষা অফিসার মাদারীপুর। বিশেষ অতিথি ছিলেন খন্দকার মো: মাকসুদুর রহমান, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, মাদারীপুর সদর, মাদারীপুর। অনুষ্ঠানের সভাপতিত্ব করেন বিদ্যালয়ের প্রধান শিক্ষক ও জেলা কমিশনার এস এম এমারাতুন্নেছা। বিভিন্ন মাদ্রাসা ও কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানের সুপার ও সহ: শিক্ষকগণ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।

১৫ সেপ্টেম্বর শরীয়তপুর জেলার কারিগরি ও মাদ্রসা শিক্ষা প্রতিষ্ঠানে গাইডিং কার্যক্রম সম্প্রসারণের লক্ষ্যে ১ দিনের ওরিয়েন্টেশন কর্মসূচি পালং তুলাসার গুরুদান সরকারি উচ্চ বিদ্যালয়, শরীয়তপুরে অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে প্রশিক্ষণের উদ্বোধন করেন জেলা শিক্ষা অফিসার ও প্রধান শিক্ষ মোঃ এমারত হোসেন মিয়া, শরীয়তপুর জেলা। বিভিন্ন কারিগরি ও মাদ্রাসা শিক্ষা প্রতিষ্ঠান হতে সুপারিটেডেন্ট ও সহকারি শিক্ষকগণ অনুষ্ঠানে অংশগ্রহণ করেন।

১৬ সেপ্টেম্বর রাজবাড়ী জেলায় কারিগরি ও মাদ্রাসা শিক্ষা প্রতিষ্ঠানে গাইডিং কার্যক্রম সম্প্রসারণের লক্ষ্যে ১ দিনের ওরিয়েন্টেশন কর্মসূচি রাজবাড়ী সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ে অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন মো: হাসিবুর রহমান, জেলা শিক্ষা অফিসার, রাজবাড়ী। বিশেষ অতিথি ছিলেন অমরেশ চন্দ্র বিশ্বাস, প্রধান শিক্ষক, রাজবাড়ী সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, রাজবাড়ী। সভাপতিত্ব করেন রেহানা পারভীন, জেলা কমিশনার, রাজবাড়ী। বিভিন্ন কারিগরি ও মাদ্রাসা শিক্ষা প্রতিষ্ঠান হতে সুপারিটেডেন্ট ও সহকারী শিক্ষকগণ অনুষ্ঠানে অংশগ্রহণ করেন।

১৬ সেপ্টেম্বর মানিকগঞ্জ জেলার কারিগরি ও মাদ্রাসা শিক্ষা প্রতিষ্ঠানে গাইডিং কার্যক্রম সম্প্রসারণের লক্ষ্যে ১ দিনের ওরিয়েন্টেশন কর্মসূচি এস কে সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, মানিকগঞ্জ জেলায় অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন নারগিস সুলতানা, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, মানিকগঞ্জ সদর উপজেলা। আরও উপস্থিত ছিলেন এস কে গভঃ গার্লস স্কুল এর সহকারি প্রধান শিক্ষক কামরুন নাহার, দৌলতপুর উপজেলার স্থানীয় কমিশনার, আয়শা আক্তার এবং সালমা আক্তার শিলু, সেক্রেটারী, মানিকগঞ্জ জেলা গার্ল গাইডস্ এসোসিয়েশন এবং রওশন আক্তার হায়দার আঞ্চলিক কার্যনির্বাহী কমিটির সদস্য, ঢাকা অঞ্চল। অনুষ্ঠানে মানিকগঞ্জ জেলার বিভিন্ন কারিগরি ও মাদ্রসা শিক্ষা প্রতিষ্ঠানের সুপারিটেন্ডেন্ট ও সহকারী শিক্ষকগণ অংশগ্রহণ করেন। ওরিয়েন্টেশন কর্মসূচিগুলোতে অঞ্চলের ট্রেইনাররা প্রশিক্ষণ প্রদান করেন।

**আঞ্চলিক রেঞ্জার কাউন্সিল সভা ও বিশ্ব কন্যা শিশু দিবস ঃ** ৬ অক্টোবর, ২০২১ ঢাকা আঞ্চলিক কার্যালয়ে আঞ্চলিক রেঞ্জার কাউন্সিলের ৫ম সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করে আঞ্চলিক রেঞ্জার চেয়ারম্যান সুমাইয়া ইসলাম। সভায় উপস্থিত ছিলেন আঞ্চলিক রেঞ্জার উপদেষ্টা বেদৌরা আলী ও ঢাকা অঞ্চলের সকল কর্মকর্তা কর্মচারীগণ।






সভা শেষে ঢাকা অঞ্চলের বিভিন্ন জেলা থেকে আগত রেঞ্জারদের নিয়ে আন্তর্জাতিক কন্যা দিবস পালন করা হয়। অনুষ্ঠানে অতিথি ছিলেন আঞ্চলিক কার্যনিবার্হী কমিটি সদস্য কাজল ইসলাম ও রওশান হায়দার। দিবসটি বিভিন্ন আলোচনা ও সেশন প্রদানের মাধ্যমে পালন করা হয়। সেশন প্রদান করে আঞ্চলিক রেঞ্জার কাউন্সিলের চেয়ারম্যান সুমাইয়া ইসলাম ও সেক্রেটারি আফরোজা আক্তার।





**বৃক্ষরোপন কর্মসূচি ঃ** নরসিংদী জেলার শিবপুর উপজেলা এর উদ্যোগে ৭ অক্টোবর বৃক্ষ রোপণ কর্মসুচি পালন করা হয়। কর্মসূচিতে উপস্থিত ছিলেন শিবপুর উপজেলার উপজেলা নির্বাহী অফিসার ও শিবপুর উপজেলা গার্ল গাইডস্ এসোসিয়েশন এর উপদেষ্টা কাবিরুল ইসলাম খান, শিবপুর উপজেলা পরিষদের মহিলা ভাইস চেয়ারম্যান তাপসী রাবেয়া। উপস্থিত ছিলেন তাহমিনা ফেরদৌসী, জেলা কমিশনার, নরসিংদী জেলা, শিবপুর উপজেলার স্থানীয় কমিশনার নার্গিস সুলতানা ও বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের থেকে আগত গাইডবৃন্দ।





৬ অক্টোবর আঞ্চলিক রেঞ্জার কাউন্সিল সভার সিদ্ধান্ত অনুযায়ী ঢাকা আঞ্চলিক রেঞ্জার কাউন্সিল এর উদ্যেগে ১২ অক্টোবর মর্গ্যান স্কুল এন্ড কলেজ, নারায়ণগঞ্জে বৃক্ষরোপণ কর্মসূচি সম্পন্ন করা হয়। কর্মসূচিতে প্রধান অতিথি ছিলেন মো: আবুল কালাম আজাদ, অধ্যক্ষ মর্গ্যান স্কুল এন্ড কলেজ, নারায়ণগঞ্জ। বিশেষ অতিথি ছিলেন আঞ্জুমান আরা আকসির, জেলা কমিশনার, নারায়ণগঞ্জ। উপস্থিত ছিলেন রওশন আক্তার হায়দার ও ময়না বেগম আঞ্চলিক কার্যনির্বাহী কমিটির সদস্য ও রেঞ্জার গাইডার, নারায়ণগঞ্জ সরকারি মহিলা কলেজ। কর্মসূচিতে গাইড, রেঞ্জার ও গাইডার সহ ৩০ জন উপস্থিত ছিলেন। যে সকল বৃক্ষরোপণ করা হয় তার মধ্যে ছিলো কাঁঠাল, আমলকী, আমড়া, কালোজাম, চালতা, পেয়ারা, তেতুল, ডালিম, হরিতকি, নিম ও অন্যান্য গাছ।





এছাড়া ঢাকা অঞ্চল হতে বন্দর উপজেলা গার্ল গাইডস্ এসোসিয়েশনকে বিভিন্ন ধরনের ১৫ টি বৃক্ষের চারা প্রদান করা হয়। কর্মসূচি পরিচালনা করেন তাছলিমা আক্তার, ট্রেইনার, সুমাইয়া ইসলাম, চেয়ারম্যান এবং আফরোজা আক্তার, সেক্রেটারী, আঞ্চলিক রেঞ্জার কাউন্সিল, ঢাকা অঞ্চল।

**হলদে পাখি গাইডার বেসিক কোর্স প্রশিক্ষণ ঃ** ২৪ হতে ২৮ অক্টোবর পর্যন্ত নরসিংদী জেলার শিবপুর উপজেলা গার্ল গাইডস্ এসোসিয়েশন আয়োজিত ৫ দিন ব্যাপি হলদে পাখি গাইডার বেসিক কোর্স প্রশিক্ষণ শিবপুর পাইলট মডেল উচ্চ বিদ্যালয়ে অনুষ্ঠিত হয়। ২৪ অক্টোবর হলদে পাখি গাইডার বেসিক কোর্স প্রশিক্ষণের উদ্বোধন করেন উপজেলা পরিষদ চেয়ারম্যান ও উপজেলা শিক্ষা কমিটির সভাপতি আলহাজ্ব মোঃ হারুনুর রশীদ খান। সভাপতিত্ব করেন শিবপুর উপজেলার নির্বাহী অফিসার ও শিবপুর উপজেলা গার্ল গাইডস্ এসোসিয়েশন এর প্রধান উপদেষ্টা মোহাম্মদ কাবিরুল ইসলাম খান।





উপস্থিত ছিলেন উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার নুর মোঃ রুহুল ছগীর এবং শিবপুর পাইলট মডেল উচ্চ বিদ্যালয় এর প্রধান শিক্ষক নুর উদ্দিন মোঃ আলমগীর। প্রশিক্ষণ দুটি একই ভেন্যুর দুটি কক্ষে অনুষ্ঠিত হয়। প্রশিক্ষণ দুটি পরিচালনা করেন তাছলিমা আক্তার এবং কাজী শামীমা ট্রেইনার, ঢাকা অঞ্চল। ২৮ অক্টোবর প্রশিক্ষণের সমাপনী ও অংশগ্রহণকারীদের মাঝে সার্টিফিকেট বিতরণ করা হয়।







**দীক্ষাদান অনুষ্ঠান ঃ** ২৫ অক্টোবর, শিবপুর উপজেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে গাইডদের দীক্ষাদান অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। দীক্ষা প্রদান করেন তাছলিমা আক্তার ও কাজী শামীমা ট্রেইনার, ঢাকা অঞ্চল। ২৭৪ জন গাইডকে দীক্ষা প্রদান করা হয়। মাছিমপুর আশরাফুল উমুল দাখিল মাদ্রাসার ২২জন, সৈয়দ নগর আতোয়ার রহমান উচ্চ বিদ্যালয়ের ৩৩জন,





গুলেস্তা হাফিজ মেমোরিয়ার ইনস্টিটিউটের ৩ জন, জনাব আবুল ফায়েজ মোল্লা উচ্চ বিদ্যালয়ের ৩৪ জন, ব্রাহ্মন্দী এড. সুরুজ আলী উচ্চ বিদ্যালয়ের ৩০ জন, মোহর পাড়া উচ্চ বিদ্যালয়ের ৩৪ জন, কাজী মফিজ উদ্দিন উচ্চ বিদ্যালয়ের ২০ জন, শহীদ আসাদ কলেজিয়েট গার্লর্স স্কুল এন্ড কলেজের ২১ জন, শিবপুর পাইলট বালিকা উচ্চ বিদ্যালয়ের ২৯ জন, হাজী আফসার উদ্দিন ভূঁইয়া সাইন্স এন্ড টেকনোলজি ইন্সটিটিউটের ৯জন, পুটিয়া উচ্চ বিদ্যালয়ের ২২জন, শিবপুর পাইলট মডেল উচ্চ বিদ্যালয়ের ১৬ জন।

## খুলনা অঞ্চল জুন হতে ডিসেম্বর ২০২১ পর্যন্ত বাস্তবায়িত কার্যক্রম

**সিভিল সার্জন আয়োজিত সভায় অংশগ্রহণ ঃ** ২জুন, ২০২১ খুলনা সিভিল সার্জন আয়োজিত জাতীয় ভিটামিন 'এ' প্লাস ক্যাম্পেইন ৫ হতে ১৯ জুন পর্যন্ত পালন উপলক্ষে জেলা এডভোকেসি ও পরিকল্পনা সভা স্থানীয় স্কুল হেলথ ক্লিনিক খুলনা সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হয়। সভায় ট্রেইনার নুরুন্নাহার অংশগ্রহণ করেন।

**করোনাকালীন সময় খাদ্য সহায়তা প্রদান ঃ** বাগেরহাট জেলার জেলা প্রতিনিধিরা জেলা গাইড শাখার উদ্যোগে ১১ জুন, ২০২১ বাগেরহাট বহুমুখী কলেজিয়েট স্কুলে করোনাকালীন সময় অসহায় দরীদ্র মানুষের মাঝে খাদ্য সহায়তা প্রদান করা হয়। অনুষ্ঠান আয়োজন করেন বাগেরহাট জেলা প্রশাসন এবং জেলা প্রশাসক আ.ন.ম ফয়জুল হক এ সময় উপস্থিত ছিলেন। করোনাকালীন খাদ্য সহায়তাকালে তিনি সংক্ষিপ্ত বক্তব্য রাখেন ও স্বাস্থ্যবিধি মেনে সহায়তা প্রদান করেন। অতিরিক্ত জেলা প্রশাসক আলী রেজা এবং অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) মোঃ হাসানুজ্জামান এসময় উপস্থিত ছিলেন। অনুষ্ঠান সফলভাবে পরিচালনার জন্য সার্বিক সহযোগিতা করেন বাগেরহাট জেলা গাইড কমিশনার মোসাঃ ফারহানা আক্তার। বিভিন্ন প্রতিষ্ঠান থেকে আগত গাইডার ও গাইড মেয়েরা স্বাস্থ্যবিধি মেনে কার্যক্রম সম্পন্ন করেন। এই কার্যক্রমে গাইডার ও গাইডদের অর্থনৈতিক উদ্দীপনা বাড়বে বলে আশা করা হয় এবং কার্যক্রম পরবর্তীতে অব্যাহত রাখার কথা বলা হয়।

ডেঙ্গু থেকে বাঁচার উপায়, বাড়ির আঙ্গিনায় বৃষ্টির পানি জমতে দেয়া যাবেনা, নিয়মিত টবের পানি ফেলে পরিষ্কার করা। সচেতনতা বৃদ্ধি করা। আসুন ডেঙ্গু থেকে বাঁচতে আমরা নিজেরা সচেতন হই, অন্যকেও উৎসাহিত করি।





বাগেরহাট বহুমুখী কলেজিয়েট স্কুলে করোনাকালীন সময় অসহায় দরীদ্র মানুষের মাঝে খাদ্য সহায়তা প্রদান

**ওরিয়েন্টেশন কোর্স, ঝিনাইদহ জেলা ঃ** কারিগরি ও মাদ্রাসা শিক্ষা প্রতিষ্ঠানে গাইডিং সম্প্রসারণের লক্ষ্যে ১ দিনের ওরিয়েন্টেশন কোর্স ১৭জুন, ২০২১ স্বাস্থ্যবিধি মেনে ও সামাজিক দূরত্ব বজায় রেখে ঝিনাইদহ জেলার ঝিনাইদহ সরকারি বালিকা উচ্চ বিদ্যালয় প্রাঙ্গণে অনুষ্ঠিত হয়। কোর্সে ঝিনাইদহ জেলা ও উপজেলায় কারিগরি ও মাদ্রাসা শিক্ষা প্রতিষ্ঠানের ৪৫ জন প্রশিক্ষণার্থী অংশগ্রহণ করেন। এসময় উপস্থিত ছিলেন তাছলিমা বেগম, জেলা গাইড কমিশনার, ঝিনাইদহ জেলা ও জেলা শিক্ষা অফিসার লাকী রাণী, প্রধান শিক্ষক, ঝিনাইদহ সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, ছালমা বেগম, জেলা গাইড সেক্রটারী, বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশন, ঝিনাইদহ জেলা ও জেলা কার্য নির্বাহী কমিটির অন্যান্য সদস্যবৃন্দ।



কারিগরি ও মাদ্রাসা শিক্ষা প্রতিষ্ঠানে গাইডিং সম্প্রসারণের লক্ষ্যে এক দিনের ওরিয়েন্টেশন কোর্সে প্রশিক্ষণার্থীদের অংশগ্রহণ

**খুলনা জেলা ঃ** ১৯জুন, ২০২১ কারিগরি ও মাদ্রাসা শিক্ষা প্রতিষ্ঠানে গাইডিং সম্প্রসারণের লক্ষ্যে ১ দিনের ওরিয়েন্টেশন কোর্স খুলনা সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, বয়রা, খুলনায় অনুষ্ঠিত হয়। কোর্সে খুলনা জেলা ও উপজেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের ৪৫জন প্রশিক্ষণার্থী অংশগ্রহণ করেন। এসময়ে উপস্থিত ছিলেন ফারহানা নাজ, জেলা গাইড কমিশনার, পরিমল কুমার রায়, প্রধান শিক্ষক খুলনা সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, বয়রা, খুলনা, আনার কলি, খুলনা জেলা কার্য নির্বাহী কমিটির সদস্য।



করোনা ভাইরাস থেকে নিজেকে রক্ষা করতে হলে বাইরে যাওয়ার সময় অবশ্যই মাস্ক ব্যবহার করুন ও অন্যকেও মাস্ক ব্যবহার করতে উৎসাহিত করুন।




খুলনা সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ে অনুষ্ঠিত এক দিনের ওরিয়েন্টেশন কোর্সে অংশগ্রহণকারীদের মাঝে সনদপত্র বিতরণ

**নড়াইল জেলা ঃ** ২০জুন, নড়াইল সরকারি উচ্চ বিদ্যালয়ে অনুষ্ঠিত ওরিয়েন্টেশন কোর্সে নড়াইল জেলা ও উপজেলার বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠানের ৪৫জন প্রশিক্ষণার্থী অংশগ্রহণ করেন। প্রশিক্ষণ শেষে প্রশিক্ষণার্থীদের মাঝে সনদপত্র প্রদান করা হয়। এসময় উপস্থিত ছিলেন নিভা রাণী পাঠক, আঞ্চলিক কমিশনার, বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশন, খুলনা অঞ্চল, এস এস ছায়েদুর রহমান, জেলা শিক্ষা অফিসার, নড়াইল জেলা, মোহিতোষ কুমার দে প্রধান শিক্ষক নড়াইল সরকারি উচ্চ বিদ্যালয়, সুলতানা বেগম জেলা সেক্রেটারী ও স্থানীয় কমিশনার, নড়াইল জেলা।



ওরিয়েন্টেশন কোর্সে অংশগ্রহণকারীদের গিরা প্রশিক্ষণ দেয়া হচ্ছে

**মেহেরপুর জেলা ঃ** ২২জুন, কবি নজরুল শিক্ষা মঞ্জিল মেহেরপুরে কারিগরি ও মাদ্রাসা শিক্ষা প্রতিষ্ঠানের ৪৫ জন প্রশিক্ষণার্থীদের নিয়ে ১দিনের ওরিয়েন্টেশন কোর্স অনুষ্ঠিত হয়। এসময় উপস্থিত ছিলেন মোঃ মাহফুজুল হোসেন, জেলা শিক্ষা অফিসার, এনামুল হক সহকারি প্রধান শিক্ষক, কবি নজরুল শিক্ষা মঞ্জিল মেহেরপুর, সানজিদা ইসলাম জেলা গাইড কমিশনার, বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশন, মেহেরপুর জেলা। প্রশিক্ষণগুলোতে প্রশিক্ষণ প্রদান করেন, খুলনা অঞ্চলের ট্রেইনার শিরিন গুলশান আরা ও জুনিয়র ট্রেইনার নূরুন্নাহার।




প্রশিক্ষণার্থীদের সাথে জেলা শিক্ষা অফিসার মত বিনিময় করছেন

**বৃক্ষরোপন কর্মসূচি, খুলনা জেলা ঃ** মহান স্বাধীনতার ৫০ বছর পূর্তি উপলক্ষে খুলনা জেলার উদ্যোগে ১৯জুন, ২০২১ খুলনা সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, বয়রা, খুলনায় ফলদ, বনজ ও ঔষধি বৃক্ষ রোপন করা হয়। এসময় ফারহানা নাজ জেলা গাইড কমিশনার, খুলনা জেলা, পরিমল কুমার রায়, প্রধান শিক্ষক, খুলনা সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, বয়রা, খুলনা, আনার কলি, খুলনা জেলা কার্য নির্বাহী কমিটির সদস্য, হলদে পাখি, গাইড সদস্যবৃন্দ, অত্র প্রতিষ্ঠানের শিক্ষিকাবৃন্দ, খুলনা অঞ্চলের ট্রেইনার শিরিন গুলশান আরা ও নূরুন্নাহার উপস্থিত ছিলেন।



খুলনা সরকারি বালিকা উচ্চ বিদ্যালয় প্রাঙ্গনে জেলা কার্য নির্বাহী কমিটির সদস্য, হলদে পাখি, গাইড সদস্যবৃন্দের বৃক্ষরোপন কর্মসূচি পালন

**নড়াইল জেলা ঃ** ২০ জুন, নড়াইল সরকারি বালিকা উচ্চ বিদ্যালয় প্রাঙ্গণে বৃক্ষ রোপন কর্মসূচি পালন করা হয়। কর্মসূচিতে উপস্থিত ছিলেন নিভা রাণী পাঠক, আঞ্চলিক কমিশনার, মোহিতোষ কুমার দে, জেলা শিক্ষা অফিসার, নড়াইল জেলা, এস.এস ছায়েদুর রহমান প্রধান শিক্ষক নড়াইল সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, সুলতানা বেগম জেলা গাইড সেক্রেটারী ও স্থানীয় কমিশনার, নড়াইল জেলা, অত্র প্রতিষ্ঠানের গাইড ও খুলনা অঞ্চলের ট্রেইনারদ্বয়।

**মাস্ক তৈরী প্রশিক্ষণ ঃ** ২৭ জুন, ২০২১ জাতীয় কার্যালয়ের উদ্যোগে মাস্ক তৈরি প্রশিক্ষণে জুম-এ খুলনা অঞ্চলের ৪ জন গাইড ও ৪ জন রেঞ্জার অংশগ্রহণ করেন।

**আঞ্চলিক কার্য নির্বাহী কমিটির সভা ঃ** ৩০ জুন, ৩১ আগস্ট, ১১ অক্টোবর ও ১৬ নভেম্বর, ২০২১ খুলনা গাইড হাউজে আঞ্চলিক কার্যনির্বাহী কমিটির সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন খুলনা অঞ্চলের আঞ্চলিক কমিশনার নিভা রাণী পাঠক।

**Prepared for tha new normal কর্মসূচী ঃ** ১৩ ও ১৪ আগস্ট, ২০২১ বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশন, জাতীয় কার্যালয়ের উদ্যোগে Prepared for tha new normal কর্মসূচীটি Zoom এর মাধ্যমে অনুষ্ঠিত হয়। খুলনা অঞ্চলের ৫জন রেঞ্জার কর্মসূচীতে অংশগ্রহণ করে।

**জাতীয় শোক দিবস পালন ঃ** খুলনা অঞ্চল ১৫ আগস্ট হাজার বছরের শ্রেষ্ঠ বাঙ্গালী জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের শাহাদত বার্ষিকী উপলক্ষে রেলওয়ে মাধ্যমিক বালিকা বিদ্যালয় প্রাঙ্গণে আলোচনা ও বৃক্ষরোপন কর্মসূচী পালন করে। এসময়ে উপস্থিত ছিলেন লায়লা আরজুমান স্থানীয় কমিশনার, সোনিয়া রহমান, সদস্য আঞ্চলিক কার্য নির্বাহী কমিটি ও প্রধান শিক্ষক রেলওয়ে মাধ্যমিক বালিকা বিদ্যালয়, ফারহানা ফেরদৌস রেঞ্জার গাইডার, সরকারি সুন্দরবন আদর্শ মহাবিদ্যালয়, খুলনা, মুক্তারুন্নাহার, জেলা কোষাধ্যক্ষ, লুৎফুন্নেছা, সদস্য স্থানীয় কার্য নির্বাহী কমিটি, আফরোজা পারভীন, সদস্য জেলা কার্য নির্বাহী কমিটি ও অত্র প্রতিষ্ঠানের শিক্ষিকাবৃন্দ, খুলনা জেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের গাইড, রেঞ্জার সদস্য সহ খুলনা অঞ্চলের ট্রেইনারবৃন্দ।



খুলনা অঞ্চলে জাতীয় শোক দিবসে বৃক্ষরোপন কর্মসূচি পালন

**কুষ্টিয়া জেলা ঃ** জাতীয় শোক দিবস উপলক্ষে ১৫ আগস্ট খুলনা অঞ্চলের কুষ্টিয়া জেলায় কলকাকলী মাধ্যমিক বালিকা বিদ্যালয়ে হলদে পাখিদের চিত্রাঙ্কন ও গাইডদের রচনা প্রতিযোগিতা অনুষ্ঠিত হয় এবং প্রতিযোগিতা শেষে বিজয়ীদের মাঝে বঙ্গবন্ধু জীবনীর উপর বই প্রদান করা হয়। একই দিনে কুষ্টিয়া সরকারি কলেজ, কুষ্টিয়ার রেঞ্জারবৃন্দ ও অত্র প্রতিষ্ঠানের শিক্ষকবৃন্দ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান, বঙ্গমাতা শেখ ফাজিলাতুন্নেছা ও ১৫ আগস্টের সকল শহীদের প্রতি গভীর শ্রদ্ধা নিবেদন করে এবং বঙ্গবন্ধুর ম্যুরালে পুস্প স্তবক অর্পন করেন। এসময়ে উপস্থিত ছিলেন মোছা ফিরোজা খাতুন, রেঞ্জার গাইডার (ক্যাপ্টেইন) ও বিভাগীয় প্রধান ইসলামের ইতিহাস ও সাংস্কৃতি বিভাগ কুষ্টিয়া সরকারি কলেজ, কুষ্টিয়া।



কুষ্টিয়া জেলায় জাতীয় শোক দিবস পালন

**বাগেরহাট জেলা ঃ** বাগেরহাট জেলা শাখার উদ্যোগে জাতীয় শোক দিবস উপলক্ষে বাগেরহাট বহুমুখী কলেজিয়েট স্কুলে ২৬ আগস্ট “হলদে

পাখিদের” চিত্রাংকন ও “গাইডদের” রচনা প্রতিযোগিতার পুরষ্কার বিতরণ অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানটির আয়োজন করেন বাগেরহাট জেলা কমিটি। অনুষ্ঠানটির আহবায়ক ও সার্বিক ব্যবস্থাপনায় ছিলেন বাগেরহাট জেলা কমিশনার মোসাঃ ফারহানা আক্তার। হলদে পাখিরা বঙ্গবন্ধু ও দেশকে তুলে ধরে তাদের ছবির মাধ্যমে। অন্যদিকে গাইডরা রচনায় তাদের লেখনীতে মুক্তিযুদ্ধে বঙ্গবন্ধুর অবদান তুলে ধরে। বাছাইকৃত শিক্ষার্থীদের হাতে পুরস্কার তুলে দেয়া হয়। বঙ্গবন্ধুর জীবনী ও তাঁর সম্পর্কিত মুক্তিযুদ্ধের বই উপহার দেয়া হয়। সেখানে উপস্থিত ছিলেন স্থানীয় কমিশনার ঝিমি মন্ডল। স্বাস্থ্য বিধি মেনে জেলা কমিটির সদস্যবৃন্দ হলদে পাখি ও গাইডারদের পুরষ্কৃত করেন।



বাগেরহাট জেলায় জাতীয় শোক দিবস পালন

**যশোর জেলা ঃ** যশোর জেলা শাখার উদ্যোগে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানে ৪৬তম শাহাদত বার্ষিকী ও জাতীয় শোক দিবস উপলক্ষে হলদে পাখিদের চিত্রাঙ্কন ও গাইডদের রচনা প্রতিযোগিতা অনুষ্ঠিত হয় এবং এম.এস.টি.পি গার্লস্ স্কুল এন্ড কলেজ প্রাঙ্গণে ২৯ আগস্ট বিজয়ীদের মাঝে পুরস্কার হিসেবে বঙ্গবন্ধুর জীবনীর উপর বই প্রদান করা হয়। এসময়ে উপস্থিত ছিলেন জেলা কার্য নির্বাহী কমিটির সদস্যবৃন্দ এবং সার্বিকভাবে সহযোগিতা করেন চাঁদ সুলতানা, জেলা সেক্রেটারী, যশোর জেলা।




যশোর জেলায় জাতীয় শোক দিবস পালন

**মেহেরপুর জেলা ঃ** ১৫ আগস্ট মেহেরপুর জেলায় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানে ৪৬তম শাহাদত বার্ষিকী ও জাতীয় শোক দিবস উপলক্ষে হলদে পাখিদের চিত্রাঙ্কন ও গাইডদের রচনা প্রতিযোগিতা ও কবি নজরুল শিক্ষা মঞ্জিল মেহেরপুরে বিজয়ীদের মাঝে ২৯ আগস্ট বঙ্গবন্ধু জীবনীর উপর বিভিন্ন ধরনের বই প্রদান করা হয়। এসময়ে উপস্থিত ছিলেন সানজিদা ইসলাম, জেলা কমিশনার, মেহেরপুর জেলা ও অন্যন্য গাইড সদস্যবৃন্দ।




করোনা ভাইরাস থেকে নিজেকে রক্ষা করতে হলে বাইরে যাওয়ার সময় অবশ্যই মাস্ক ব্যবহার করুন ও অন্যকেও মাস্ক ব্যবহার করতে উৎসাহিত করুন।




মেহেরপুর জেলায় জাতীয় শোক দিবস পালন

**মাগুরা জেলা ঃ** সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙ্গালি স্বাধীনতার মহান স্থপতি বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান সহ সকল শহীদের প্রতি বিনম্র শ্রদ্ধায় মাগুরা জেলার শ্রীপুর উপজেলার পক্ষ হতে শ্রীপুর উপজেলা চত্তরে জাতির পিতার প্রতিকৃতিতে পুস্পস্তবক অর্পন করা হয়। এসময় উপস্থিত ছিলেন উপজেলা চেয়ারম্যান মাহমুদুল গনি শাহীন, উপজেলা নির্বাহী অফিসার লিউজা-উল-জান্নাহ, উপজেলা ভাইস চেয়ারম্যান নার্গিস সুলতানা সহঃ কমিশনার (ভূমি), উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার এবি এম নকিবুল হাসান এবং উপজেলা স্থানীয় কমিটির সদস্যবৃন্দ। একই দিনে খামারপাড়া পাইলট মাধ্যমিক বালিকা বিদ্যালয় প্রাঙ্গণে বৃক্ষরোপন করা হয়।

ডেঙ্গু থেকে বাঁচার উপায়, বাড়ির আঙ্গিনায় বৃষ্টির পানি জমতে দেয়া যাবেনা, নিয়মিত টবের পানি ফেলে পরিষ্কার করা। সচেতনতা বৃদ্ধি করা। আসুন ডেঙ্গু থেকে বাঁচতে আমরা নিজেরা সচেতন হই, অন্যকেও উৎসাহিত করি।





মাগুরা জেলায় জাতীয় শোক দিবস পালন

**বৃক্ষরোপন কর্মসুচী, কুষ্টিয়া জেলা ঃ** খুলনা অঞ্চলের কুষ্টিয়া জেলায় কুষ্টিয়া সরকারি কলেজ, কুষ্টিয়া রেঞ্জার ইউনিটের উদ্যোগে ২৯ আগস্ট রেঞ্জার ফান্ড তহবিল থেকে কোভিড ১৯ মহামারী মোকাবেলার জন্য ৩টি অক্সিজেন সিলিন্ডার ক্রয় করা হয় এবং অত্র প্রতিষ্ঠানের বৃক্ষরোপন কর্মসূচী পালন করা হয়। এসময়ে উপস্থিত ছিলেন প্রফেসর মোছা ফিরোজা খাতুন, রেঞ্জার গাইডার (ক্যাপ্টেইন) ও বিভাগীয় প্রধান ইসলামের ইতিহাস ও সাংস্কৃতি বিভাগ, কুষ্টিয়া সরকারি কলেজ, কুষ্টিয়া।







কুষ্টিয়া জেলায় কুষ্টিয়া সরকারি কলেজ, কুষ্টিয়া রেঞ্জার ইউনিটের উদ্যোগে রেঞ্জার ফান্ড তহবিল থেকে কোভিড ১৯ মহামারী মোকাবেলার জন্য অক্সিজেন সিলিন্ডার ক্রয় এবং বৃক্ষরোপন কর্মসূচী পালন

**পরিদর্শন ঃ** ৩ অক্টোবর, ২০২১ মজিদ মেমোরিয়াল সরকারি সিটি কলেজের রেঞ্জার ইউনিট বেগমান করার জন্য ইউনিট পরিদর্শন করা হয়। এসময় খুলনা আঞ্চলিক কার্যনির্বাহী কমিটির সদস্য খালেদা বেগম, টেইনার শিরিন গুলশান আরা ও নূরুন্নাহার উপস্থিত ছিলেন।

**শেখ রাসেল দিবস উদ্‌যাপন ঃ** খুলনা অঞ্চলের খুলনা সরকারি বালিকা উচ্চ বিদ্যালয় বয়রা, খুলনায় জাতির পিতা বঙ্গবন্ধ শেখ মুজিবুর রহমানের কনিষ্ঠ পুত্র শেখ রাসেলের ৫৭তম জন্ম বার্ষিকী পালন ও শেখ রাসেল দিবস ২০২১ উদ্‌যাপন উপলক্ষে কেক কাটা, রচনা ও চিত্রাংকণ প্রতিযোগিতার পুরস্কার বিতরণ, আলোচনা ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়। এসময় উপস্থিত ছিলেন প্রতিষ্ঠানের প্রধান শিক্ষক (ভারঃ) পরিমল কুমার রায়, শিক্ষক ও শিক্ষিকাবৃন্দ, হলদে পাখি, গাইড। অনুষ্ঠানে সার্বিক সহযোগিতা করেন প্রতিষ্ঠানের গাইডার আনার কলি।

**জেলা রেঞ্জার কাউন্সিল নির্বাচন ঃ** খুলনা জেলার রেঞ্জার কাউন্সিল ২৫ অক্টোবর, ২০২১ আযম খান সরকারি কমার্স কলেজ প্রাঙ্গণে অনুষ্ঠিত হয়। কাউন্সিলে স্বাগত বক্তব্য দেন লায়লা আরজুমান, সদর স্থানীয় কমিশনার, খুলনা সদর, শুভেচ্ছা বক্তব্য দেন মেঘলা আক্তার, খুলনা সরকারি মহিলা কলেজের রেঞ্জার গাইডার, গত রেঞ্জার কাউন্সিলে নির্বাচিত জেলা রেঞ্জার গাইডারের পক্ষে বক্তব্য প্রদান করেন ফারহানা

ফেরদৌস, সহঃ অধ্যাপক, সরকারি সুন্দরবন আদর্শ কলেজ, খুলনা ও আঞ্চলিক রেঞ্জার কাউন্সিলের প্রতিনিধি রেঞ্জার কাউন্সিলের নীতিমালা পাঠ করেন মিনা খাতুন, জাতীয় রেঞ্জার কাউন্সিলের সদস্য। এরপর জেলা রেঞ্জার কাউন্সিল গঠন ও রেঞ্জার গাইডারের নাম মনোনয়ন করা হয়। জেলা চেয়ারম্যান মিনা খাতুন, খুলনা সরকারি মহিলা কলেজ, সেক্রেটারী তাসমিয়া রশিদ নওরীন, সরকারি সুন্দরবন আদর্শ কলেজ, ট্রেজারার তাসকিয়া রহমান আয়শা। জেলা রেঞ্জার গাইডার প্রতিনিধি মনোনীত হন শামসুন্নাহার, প্রভাষক, আযম খান সরকারি কমার্স কলেজ, খুলনা। নবগঠিত রেঞ্জার গাইডার ও রেঞ্জার চেয়ারম্যানকে ফুল দিয়ে বরণ করা হয়। এরপর প্রধান অতিথির বক্তব্য দেন জাহানারা, অধ্যক্ষ আযম খান সরকারি কমার্স কলেজ, খুলনা। সভাপতির বক্তব্য দেন ফারহানা নাজ, জেলা কমিশনার, খুলনা জেলা। জেলা রেঞ্জার কাউন্সিলে খুলনা জেলার বিভিন্ন মাধ্যমিক শিক্ষা প্রতিষ্ঠান হতে রেঞ্জার গাইডার ও জেলা-স্থানীয় কার্য নির্বাহী কমিটির সদস্যবৃন্দসহ ১০০ জন উপস্থিত ছিলেন। এছাড়া উপস্থিত ছিলেন খুলনা অঞ্চলের ট্রেইনার শিরিন গুলশান আরা ও নূরুন্নাহার। শেষে ফটোসেশন ও ট্যাপস্ এর মাধ্যমে জেলা রেঞ্জার কাউন্সিলের সমাপ্তি ঘোষনা করা হয়।

**আঞ্চলিক রেঞ্জার কাউন্সিল গঠন ঃ** ৩১ আগস্ট, ২০২১ খুলনা আঞ্চলিক রেঞ্জার কাউন্সিল আঞ্চলিক কার্যালয়ে অনুষ্ঠিত হয়। কাউন্সিলে স্বাগত বক্তব্য দেন লায়লা আরজুমান, স্থানীয় কমিশনার, খুলনা জেলা সদর, শুভেচ্ছ বক্তব্য দেন খালেদা বেগম, সদস্য, খুলনা আঞ্চলিক কার্যনির্বাহী কমিটি। বক্তব্য প্রদান করেন  আঞ্চলিক রেঞ্জার কাউন্সিলের নির্বাচিত রেঞ্জার গাইডার ফারহানা ফেরদৌস, সহঃ অধ্যাপক, সরকারি সুন্দরবন আদর্শ মহাবিদ্যালয়, খুলনা। আঞ্চলিক রেঞ্জার কাউন্সিলের নীতিমালা পাঠ করেন রেঞ্জার মিনা খাতুন, সরঃ মহিলা কলেজ, খুলনা। নির্বাচিত কাউন্সিল ও রেঞ্জার গাইডারদের নাম মনোনয়ন করা হয়। রেঞ্জার গাইডার হিসেবে মনোনীত হন মেঘলা আক্তার সহঃ অধ্যাপক, খুলনা সরকারি মহিলা কলেজ, বয়রা, খুলনা এবং নির্বাচনের মাধ্যমে মিনা খাতুন, আঞ্চলিক রেঞ্জার, খুলনা সরকারি মহিলা কলেজ, বয়রা, খুলনা, তাছকিয়া রহমান আয়শা, বনরূপা মুক্ত ইউনিট, খুলনা, তাসমিয়া রশিদ নওরীন, সরকারি সুন্দরবন আদর্শ কলেজ, খুলনা। নির্বাচিত সদস্যদের শপথ পাঠ ও ফুল দিয়ে বরণ করা হয়। আঞ্চলি রেঞ্জার কাউন্সিলে আঞ্চলিক কমিশনারের পক্ষে সভাপতির বক্তব্য দেন ফারহানা নাজ, জেলা কমিশনার, খুলনা জেলা। কাউন্সিলে খুলনা জেলার বিভিন্ন রেঞ্জার, রেঞ্জার গাইডার, সদস্যবৃন্দ উপস্থিত ছিলেন। কাউন্সিল পরিচালনা করেন অঞ্চলের ট্রেইনার শিরিন গুলশান আরা ও নূরুন্নাহার। সাংস্কৃতিক অনুষ্ঠান, ফটোসেশন ও ট্যাপস্ এর মাধ্যমে কাউন্সিলের সমাপ্তি ঘোষনা করা হয়।

**আঞ্চলিক ও জেলা রেঞ্জার কাউন্সিল সভা ঃ** খুলনা অঞ্চল ও জেলা কাউন্সিল নির্বাচন ২০২১ এ নির্বাচিত সদস্যদের  সভা অনুষ্ঠিত হয়। সভায় আঞ্চলিক জেলা রেঞ্জার কাউন্সিলের সকল সদস্য অংশগ্রহণ করেন। এসময়ে উপস্থিত ছিলেন খালেদা বেগম, সদস্য আঞ্চলিক কার্য নির্বাহী কমিটি, মেঘলা আক্তার, আঞ্চলিক রেঞ্জার গাইডার প্রতিনিধি, শামসুন নাহার, জেলা রেঞ্জার গাইডার প্রতিনিধি, ট্রেইনার শিরিন গুলশান আরা ও নূরুন্নাহার।

**আঞ্চলিক পরিষদ অধিবেশনের পূর্ব প্রস্তুতি মূলক সভা ঃ** ১৭ নভেম্বর, বাগেরহাট জেলায় ১১তম আঞ্চলিক পরিষদ অধিবেশন ২০২১ এর পূর্ব প্রস্তুতিমূলক সভা অনুষ্ঠিত হয়। সভায় আঞ্চলিক কমিশনার নিভা রাণী পাঠক বাগেরহাট জেলা কমিশনার ফারহানা আক্তার, বাগেরহাট এর বিভিন্ন উপজেলা, জেলা কার্য নির্বাহী কমিটির সদস্য উপস্থিত ছিলেন।


**হলদে পাখি গাইডার প্রশিক্ষণ ঃ** ২৪ হতে ২৬ নভেম্বর, ২০২১ খুলনা অঞ্চলের উদ্যোগে হলদে পাখি গাইডার প্রশিক্ষণ খুলনা গাইড হাউজে অনুষ্ঠিত হয়। প্রশিক্ষণে খুলনার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের রেঞ্জার সদস্যবৃন্দ অংশগ্রহণ করে। প্রশিক্ষণ শেষে দীক্ষাদান ও সার্টিফিকেট বিতরণ করেন খালেদা বেগম, অতিরিক্ত আঞ্চলিক কমিশনার। এসময় উপস্থিত ছিলেন ফারহানা ফেরদৌস, রেঞ্জার গাইডার, সুন্দরবন আদর্শ কলেজ, খুলনা। প্রশিক্ষণ পরিচালনা করেন ট্রেইনার শিরিন গুলশান আরা ও নূরুন্নাহার।

**১১তম আঞ্চলিক পরিষদ অধিবেশন এর পূর্ব প্রস্তুতিমূলক সভা ঃ** খুলনা অঞ্চলের বাগেরহাট জেলার বহুমূখী কলেজিয়েট স্কুল প্রাঙ্গণে ৪ নভেম্বর, ২০২১ ১১তম আঞ্চলিক পরিষদ অধিবেশন এর পূর্ব প্রস্তুতিমূলক সভার আয়োজন করা হয়। সভায় সভাপতিত্ব করেন বাগেরহাট জেলার জেলা কমিশনার ফারহানা আক্তার, সভায় বাগেরহাট জেলার জেলা কমিটি ও স্থানীয় কমিটির সদস্যসহ খুলনা অঞ্চলের ট্রেইনার শিরিন গুলশান আরা ও নূরুন্নাহার অংশগ্রহণ করেন।

**মহান বিজয় বিদস উদ্‌যাপন ঃ** খুলনা জেলা প্রশাসন কর্তৃক খুলনা জেলা ষ্টেডিয়াম মাঠে মহান বিজয় দিবস অনুষ্ঠানে  খুলনা জেলার ২৬ জন হলদে পাখি ২৬ জন গাইড , ৬ জন রেঞ্জার, ৭ জন গাইডার ও ২ ট্রেইনারসহ মোট ৬৭ জন অংশগ্রহণ করেন এবং বিকালে বাংলাদেশের সুবর্ণজয়ন্তী ও মুজিববর্ষ শপথ অনুষ্ঠানে গাইড ও রেঞ্জার সদস্য সার্ভিস প্রদান করে।

**১১তম আঞ্চলিক পরিষদ অধিবেশন ঃ** ১০ ডিসেম্বর, দিনব্যাপী খুলনা অঞ্চলের ১১তম আঞ্চলিক পরিষদ অধিবেশন বাগেরহাট সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়,  প্রাঙ্গণে অনুষ্ঠিত হয়। অধিবেশনে প্রধান অতিথি ছিলেন কাজী জেবুন্নেছা বেগম, জাতীয় কমিশনার, বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশন ও অতিরিক্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়। সভাপতি ছিলেন মোহাম্মদ আজিজুর রহমান, জেলা প্রশাসক বাগেরহাট জেলা। এসময়ে উপস্থিত ছিলেন সাবিনা ফেরদৌস, ডেপুটি জাতীয় কমিশনার (প্রশাসন), প্রফেসর ড. ইয়াসমিন আহমেদ, ডেপুটি জাতীয় কমিশনার (প্রোগ্রাম), জাহানারা বেগম, ট্রেজারার বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশন, নিভা রাণী পাঠক, আঞ্চলিক কমিশনার, খুলনা অঞ্চল ও তানজিনা বিনতে মোশাররফ, জেনারেল সেক্রেটারী, ফারহানা আক্তার, জেলা কমিশনার, বাগেরহাট জেলা। আরো উপস্থিত ছিলেন বাগেরহাট জেলার সিভিল সার্জন, জাতীয় কার্যালয় থেকে আগত অতিথিবৃন্দ, উপজেলা নির্বাহী অফিসার, বাগেরহাট, জেলা শিক্ষা অফিসার, যশোর ও বাগেরহাট এবং অত্র প্রতিষ্ঠানের ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক। আঞ্চলিক কমিটির সদস্য, কমিশনার, বিভিন্ন সাব-কমিটির সদস্যসহ ৯টি জেলা হতে আগত কাউন্সিলরবৃন্দ, রেঞ্জার, বিভিন্ন মিডিয়া থেকে আগত অতিথিবৃন্দ, ট্রেইনার ও অফিস স্টাফ সহ ২২১ জন উপস্থিত ছিলেন। সাংস্কৃতিক অনুষ্ঠানের মধ্য দিয়ে ১ম পর্ব শেষ হয়।

ডেঙ্গু থেকে বাঁচার উপায়, বাড়ির আঙ্গিনায় বৃষ্টির পানি জমতে দেয়া যাবেনা, নিয়মিত টবের পানি ফেলে পরিষ্কার করা। সচেতনতা বৃদ্ধি করা। আসুন ডেঙ্গু থেকে বাঁচতে আমরা নিজেরা সচেতন হই, অন্যকেও উৎসাহিত করি।






আঞ্চলিক পরিষদ অধিবেশনে বক্তব্য দেন কাজী জেবুন্নেছা বেগম, জাতীয় কমিশনার, বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশন ও অতিরিক্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

২য় পর্বে সভাপতিত্ব করেন নিভা রাণী পাঠক, আঞ্চলিক কমিশনার। ১০ম আঞ্চলিক পরিষদ অধিবেশনের সভা বিবরণী পাঠ ও অনুমোদন, ২০২০ সালের বার্ষিক প্রতিবেদন পাঠ, সকল জেলার জানুয়ারি হতে নভেম্বর, ২০২১ সালের বাস্তবায়িত কর্মসূচীর প্রতিবেদন পাঠ। জেলা ভিত্তিক বাষিক কর্মপরিকল্পনা পেশ। সকল জেলার শিক্ষা অফিস হতে গাইড ফিস প্রাপ্তির আয়-ব্যয় এর হিসাব বিবরণী পাঠ, ২০২১-২০২২ অর্থ সালের অঞ্চলের প্রস্তাবিত বাজেট পেশ ও অনুমোদন। উন্মুক্ত আলোচনা ও প্রশ্নোত্তর পর্ব, বিবিধ ও পরবর্তী আঞ্চলিক পরিষদ অধিবেশনের স্থান নির্ধারণ সভাপতির বক্তব্য ও ধন্যবাদ জ্ঞাপন এর পর ট্যাপস্ এর মধ্য দিয়ে **১১**তম আঞ্চলিক পরিষদ অধিবেশন- এর সমাপ্তি করা হয়।




গার্ল গাইডের বিভিন্ন বিষয় নিয়ে জেলা কমিশনারদের সাথে মত বিনিময় করেন জাতীয় কমিশনার কাজী জেবুন্নেছা বেগম

**Yess এক্সচেঞ্জ প্রোগ্রামে অংশগ্রহণ ঃ** ২৭ ডিসেম্বর, জাতীয় কার্যালয় আয়োজিত Yess এক্সচেঞ্জ প্রোগ্রামের আওতাধীন ন্যাশনাল প্রেগ্রামে খুলনা অঞ্চল হতে **১০**জন রেঞ্জার ও **১** জন রেঞ্জার গাইডার অংশগ্রহণ করেন।



করোনা ভাইরাস থেকে নিজেকে রক্ষা করতে হলে বাইরে যাওয়ার সময় অবশ্যই মাস্ক ব্যবহার করুন ও অন্যকেও মাস্ক ব্যবহার করতে উৎসাহিত করুন।

ডেঙ্গু থেকে বাঁচার উপায়, বাড়ির আঙ্গিনায় বৃষ্টির পানি জমতে দেয়া যাবেনা, নিয়মিত টবের পানি ফেলে পরিষ্কার করা। সচেতনতা বৃদ্ধি করা। আসুন ডেঙ্গু থেকে বাঁচতে আমরা নিজেরা সচেতন হই, অন্যকেও উৎসাহিত করি।



## ময়মনসিংহ অঞ্চল জুন হতে ডিসেম্বর ২০২১ পর্যন্ত বাস্তবায়িত কার্যক্রম

**পরিদর্শন ঃ** ১০ জুন, ২০২১ জাতীয় কার্যালয় হতে কোষাধ্যক্ষ জাহান আরা বেগম, জাতীয় কমিশনারের ব্যক্তিগত কর্মকর্তা মালেক পারভীন এবং হিসাব রক্ষক মো : মোস্তাফিজুর রহমান ময়মনসিংহ অঞ্চলের হলদে পাখির কার্যক্রম পরিদর্শন করেন। পরিদর্শন কালে হলদে পাখির ভবিষ্যৎ কার্যক্রম নিয়ে গঠন মূলক দিক নির্দেশনা দেন ও এ অঞ্চলকে সমৃদ্ধ করার জোর উদ্যোগ গ্রহনের পরামর্শ দেন।



জাতীয় কার্যালয় হতে হলদে পাখি কার্যক্রম পরিদর্শন

**গঠন কাঠামো ও ব্যবস্থাপনা ঃ** জামালপুর মাদারগঞ্জ উপজেলার সদস্যবৃন্দের সমন্বয়ে বর্তমান বিশ্বের প্রধান সমস্যা করোনা পরিস্থিতি মোকাবেলায় করনীয় বিষয়ে জুম অ্যাপের মাধ্যমে মিটিং-এর আয়োজন কর হয়। এতে অংশগ্রহণ করেন কার্যনির্বাহী কমিটির সদস্যবৃন্দ, গাইড, রেঞ্জার ও অন্যান্য প্রতিষ্ঠানের গাইডারগণ।

**বৃক্ষ রোপন কর্মসূচি, ময়মনসিংহ অঞ্চল ঃ** প্রতি বছরের ন্যায় এ বছরও বৃক্ষরোপন কর্মসূচি ময়মনসিংহ অঞ্চলের নওমহল মডেল সরকারি প্রাথমিক বিদ্যালয়, ময়মনসিংহ সদর, ময়মনসিংহে পালিত হয়। বিদ্যালয় প্রাঙ্গনে সামাজিক দুরত্ব ও স্বাস্থ্য বিধি অনুসরণ করে ফলদ, বনজ ও ঔষধী গাছ রোপন করা হয়। এতে অংশগ্রহণ করেন আঞ্চলিক কমিশনার রওশন আরা খান, আঞ্চলিক কার্য নির্বাহী কমিটির সদস্যবৃন্দ, গাইড, হলদে পাখি ও বিভিন্ন প্রতিষ্ঠানের গাইডারগণ। আঞ্চলিক কমিশনার গাইড, হলদে পাখি, রেঞ্জার ও গাইডারদের হাতে ফলদ, বনজ ও ঔষধী বৃক্ষ নিজ প্রতিষ্ঠানে রোপনের জন্য বিতরণ করেন।

**জামালপুর জেলা ঃ** ২৯ জুন, ২০২১ জামালপুর জেলার জামালপুর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয় প্রাঙ্গনে স্বাস্থ্য বিধি মেনে ফলদ, বনজ ও ঔষধী গাছ রোপন করা হয়। এতে অংশগ্রহণ করেন গাইড, গাইডার ও জেলা কার্য নির্বাহী কমিটির সদস্যরা। জেলা গাইড কমিশনার শেহনাজ হক চৌধুরী, প্রধান শিক্ষক, জামালপুর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয় গাইড ও গাইডারদের হাতে ফলদ, বনজ ও ঔষধী বৃক্ষ নিজ নিজ বিদ্যালয়ের প্রাংগনে রোপন



বৃক্ষরোপন কর্মসূচিতে হলদেপাখিদের স্বতঃস্ফূর্ত অংশগ্রহন

করার জন্য বিতরণ করেন। ময়মনসিংহ, নেত্রকোনা ও শেরপুর জেলায়ও বৃক্ষরোপন কর্মসূচি পালন করে।

**সদস্য সংখ্যার লক্ষমাত্রা ঃ** জামালপুর জেলা, সদর, শেরপুর জেলা, সদর, নেত্রকোনা জেলা, সদর, ময়মনসিংহ জেলা, সদর, মাদারগঞ্জ, কলমাকান্দা, গৌরিপুর উপজেলায় ৮০০ জন গাইড, ৩২৬ জন হলদেপাখি, ২৬৫ জন রেঞ্জার ও ১১৫ জন গাইডারকে দীক্ষা দেয়া হয়।

**গঠন কাঠামো ও ব্যবস্থাপনা ঃ** জুম মিটিং : ৯ জুলাই ইলিয়াস রিছিল, উপজেলা নির্বাহী অফিসারের উদ্যোগে মাদারগঞ্জ গার্ল গাইডস্ সদস্যবৃন্দের সমন্বয়ে বর্তমান বিশ্বের এক নম্বর সমস্যা করোনা পরিস্থিতির মোকাবেলায় করনীয় ব্যাপারে জুম এ্যাপস এর মাধ্যমে মিটিং অনুষ্ঠিত হয়। গাইড সদস্যবৃন্দ সভায় স্বতঃস্ফূর্ত অংশগ্রহন করেন।

**উঠান বৈঠক ঃ** ১১ সেপ্টেম্বর, নেত্রকোনা জেলার বারহাট্টা উপজেলা শাখার উদ্যোগে উঠান বৈঠক অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে উপস্থিত মা ও বোনদের করোনা প্রতিরোধের জন্য করণীয় বিষয় ও করোনাকালীন পরিস্থিতিতে স্বাস্থ্য বিধি মেনে চলার জন্য উৎসাহিত করা ছিল এর লক্ষ্য। এতে বক্তব্য দেন উপজেলা শাখার উপদেষ্টা শাহিনুর আক্তার শায়লা, স্থানীয় কমিশনার ফরিদা ইয়সমিন ও সাধারন সম্পাদক শিরিন সুলতানা প্রমুখ।



উঠান বৈঠকে করোনা প্রতিরোধ বিষয়ে সচেতনতামূলক বক্তব্য রাখছেন গাইড সদস্যবৃন্দ



করোনা ভাইরাস থেকে নিজেকে রক্ষা করতে হলে বাইরে যাওয়ার সময় অবশ্যই মাস্ক ব্যবহার করুন ও অন্যকেও মাস্ক ব্যবহার করতে উৎসাহিত করুন।

**আঞ্চলিক কার্যনির্বাহী কমিটির সভা ঃ** ১৪ আগস্ট আঞ্চলিক কার্যনির্বাহী কমিটির ৪র্থ সভা অঞ্চলের কার্যালয়ে অনুষ্ঠিত হয়। কার্য নির্বাহী কমিটির সদস্যবৃন্দ সামাজিক দুরত্ব ও স্বাস্থ্যবিধি মেনে সভায় অংশগ্রহন করেন। সভায় সভাপতিত্ব করেন আঞ্চলিক কমিশনার রওশন আরা খান।

কলমাকান্দা উপজেলা স্থানীয় কার্য নির্বাহী কমিটির সভা ঃ ২৪ সেপ্টেম্বর নেত্রকোনা জেলার কলমাকান্দা উপজেলায় স্থানীয় কার্য নির্বাহী কমিটির সাধারণ সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন কামরুন্নাহার লাকী, স্থানীয় কমিশনার, কলমাকান্দা উপজেলা শাখা।

**পরিদর্শন ঃ জামালপুর জেলা ও মাদারগঞ্জ উপজেলা ঃ** ২৬ আগস্ট জামালপুর জেলার রেঞ্জার ইউনিট ও মাদারগঞ্জ উপজেলার রেঞ্জার ইউনিটের পক্ষ থেকে দল গঠনের জন্য কলেজ পরিদর্শন করেন জেলা ও উপজেলার রেঞ্জার দল। প্রতিষ্ঠানগুলো হলো খাজা শাহ সুফী ইউনুস আলী কলেজ, মাদারগঞ্জ এ এইচ জেড সরকারী কলেজ, নুরুন্নাহার মির্জা কাশেম মহিলা কলেজ, মাদারগঞ্জ ও সরকারী আশেক মাহামুদ কলেজ, জামালপুর।



**নেত্রকোনা জেলার কলমাকান্দা উপজেলায় বিদ্যালয় ও মাদ্রাসা পরিদর্শন ঃ** ৯ সেপ্টেম্বর কলমাকান্দা উপজেলার স্থানীয় কমিশনার কামরুন্নাহার লাকী ও সেক্রেটারী কপোতী ঘাগ্রা ও কমিটির ২ জন সদস্যসহ উপজেলার ৫টি শিক্ষা প্রতিষ্ঠান পরিদর্শন করেন। শিক্ষা প্রতিষ্ঠানগুলো হলো একতা উচ্চ বিদ্যালয়, বিশরপাশা হরিশ চন্দ্র উচ্চ বিদ্যালয়, লেংগুরা, নলছাপ্রা উচ্চ বিদ্যালয়, নলছাপ্রা, গোবিন্দপুর দাখিল মাদ্রাসা, আল জামিয়াতুল ফাজিল মাদ্রাসা, কলমাকান্দা।



শিক্ষা প্রতিষ্ঠান পরিদর্শনকালে বিদ্যালয়ের প্রধানদের সাথে সৌজন্য সাক্ষাৎ করেন ও গাইডারদেরকে মেয়েদের গাইডিং এর ব্যাপারে আগ্রহী করে তোলার জন্য সুপরামর্শ দেন এবং প্রতিষ্ঠানের গাইড মেয়েদের সাথে গাইডিং কার্যক্রমের জন্য উৎসাহ মূলক বক্তব্য দেন।

**জাতীয় শোক দিবস পালন ঃ** ১৫ আগস্ট বিনম্র শ্রদ্ধায় সারাদেশে পালিত হয় স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৬তম শাহাদাত বার্ষিকী ও জাতীয় শোক দিবস। এ উপলক্ষে ময়মনসিংহ সার্কিট হাউজ ময়দানে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে গাইড সদস্যরা পুষ্পস্তবক অর্পন করেন। মহামারী কোভিট-১৯ কারনে সামাজিক দুরত্ব ও স্বাস্থ্যবিধি অনুসরণ করে গাইড অফিসে আলোচনা ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়। এসময় উপস্থিত ছিলেন রওশন আরা খান, আঞ্চলিক কমিশনার, ময়মনসিংহ। শামছুন্নাহার বেগম, সাধারন সম্পাদক, মালেকা পারভীন, আঞ্চলিক কোষাধ্যক্ষ, কার্য নির্বাহী কমিটির সদস্য এবং অফিস কর্মকর্তা, কর্মচারীবৃন্দ।



জামালপুর জেলার জেলা কমিশনার সামাজিক দুরত্ব বজায় রেখে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ১৫ আগস্ট ৪৬ তম শাহাদাত বার্ষিকী ও জাতীয় শোক দিবসে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পন করেন এবং জুম এ্যাপসের মধ্য দিয়ে গাইডের সদস্যবৃন্দের সহিত আলোচনা ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়। অন্যান্য জেলা ও উপজেলায় ১৫ আগস্ট গাইড সদস্যরা জাতীয় শোক দিবস পালন করেন।






**মাস্ক বিতরণ কর্মসূচী ঃ** ময়মনসিংহ জেলা ঃ "কাপড়ের তৈরী মাস্ক পড়ি, অপচয় ও দূষণমুক্ত থেকে জীবাণুর সাথে যুদ্ধ করি" এই শ্লোগানকে ধারণ করে ২৬ আগস্ট জেলা গার্ল গাইডস ময়মনসিংহ জেলার পক্ষ থেকে নাছিমা আক্তার, জেলা কমশিনার, ময়মনসিংহ এর মাধ্যমে নিম্ন আয়ের মানুষ যেমন রিক্সাওয়ালা এবং পথচারিদের মধ্যে কাপড়ের তৈরী মাস্ক বিতরণ করেন। ক্যাম্পেইনে জেলা কমিশনার বলেন, নিম্ন আয়ের মানুষের মধ্য সার্জিক্যাল মাস্ক বিতরণ করার কারনে পরিবেশ দূষিত হচ্ছে। যেহেতু

এই মাস্ক ২য় বার ব্যবহার করা যায় না এবং বার বার ব্যবহার করাও ব্যয় সাপেক্ষ তাই কাপড়ের তৈরী মাস্ক ব্যবহার করলে এদের উপকারে আসবে। মাস্ক বিতরণ কর্মসূচীতে রওশন আরা খান আঞ্চলিক কমিশনার, জেলা কার্যনির্বাহী কমিটির সদস্যাবৃন্দ, গাইড ও হলদে পাখি সহ গাইডার বৃন্দ উপস্থিত ছিলেন।



**কলমাকান্দা ঃ** কোভিড -১৯ প্রতিরোধ কল্পে নেত্রকোনা জেলার কলমাকান্দা উপজেলায় স্থানীয় গাইড কমিশনার কামরুন্নাহার লাকীর নেতৃত্বে কার্য নির্বাহী কমিটি সদস্যবৃন্দ, হলদে পাখি, গাইড, রেঞ্জারদের নিয়ে সামাজিক দুরত্ব ও স্বাস্থ্য বিধি মেনে পথচারিদের মাঝে মাস্ক বিতরণ, ব্যবহার ও গুরুত্ব সম্পর্কে সচেতন করেন।

**জামালপুর জেলা ঃ** জামালপুর জেলা গার্ল গাইডস এসোসিয়েশন ২৪ আগস্ট মাস্ক বিতরণ কর্মসূচী পালন করে। স্বাস্থ্যবিধি মেনে যথাযথ নিয়মে মাস্ক পরিধান ও এর গুরুত্ব সম্পর্কে জেলা কমিশনার শেহনাজ হক চৌধুরী ও প্রধান শিক্ষিকা জামালপুর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয় গাইড মেয়েদের উদ্দেশ্যে বক্তব্য দেন এবং গাইড মেয়েদের মাঝে মাস্ক বিতরণ করেন।

**শেরপুর জেলা ঃ** সামাজিক দূরত্ব ও স্বাস্থ্য বিধি মেনে ১১ সেপ্টেম্বর মাস্ক বিতরণ কর্মসুচি করা হয়। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন জেলা কমিশনার রাশিদা আক্তার ও প্রধান শিক্ষক, রামের উচ্চ বিদ্যালয় গাইড, হলদে পাখি সহ গাইডার বৃন্দ।

**নেত্রকোনা জেলার বারহাট্টা উপজেলা ঃ** 'মাস্ক ব্যবহারে সচেতন হই, করোনা থেকে দূরে রই' এ প্রতিপাদ্যকে সামনে রেখে নেত্রকোনার বারহাট্টায় গার্ল গাইডস্ এসোসিয়েশন বারহাট্টা উপজেলা শাখা বারহাট্টা রেল স্টেশনে বিভিন্ন পেশার মানুষের মাঝে গাইডরা মাস্ক বিতরণ করে। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন উপজেলা শাখার উপদেষ্টা ও উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান শাহিনুর আক্তার শায়লা, স্থানীয় কমিশনার ফরিদা ইয়াসমিন (অবসরপ্রাপ্ত সহ-শিক্ষক) সাধারন সম্পাদক শিরিন সুলতানা (সহ-শিক্ষক), গাইড গাইডার সুকলা রায় ও বারহাট্টা উপজেলার গার্ল গাইডের শিক্ষার্থীবৃন্দ।




**করোনাকালীন ত্রাণ বিতরণ কর্মসূচী ঃ ময়মনসিংহ অঞ্চল ঃ** ২৩ আগস্ট ময়মনসিংহ অঞ্চল মহাকালী গার্লস স্কুল এন্ড কলেজে করোনাকালীন অসহায়, গরীব, দুঃস্থ মানুষের মাঝে ত্রান বিতরণ করে। অনুষ্ঠানে সভাপতির দায়িত্ব পালন করেন রওশন আরা খান, আঞ্চলিক কমিশনার। প্রতিষ্ঠানের অধ্যক্ষ, অঞ্চলের সাধারণ সম্পাদক, কোষাধ্যক্ষ, কার্য নির্বাহী কমিটির সদস্যবৃন্দ, গাইড সদস্যবৃন্দ, অফিস কর্মকর্তা, কর্মচারীবৃন্দ, হলদে পাখি, গাইড, রেঞ্জার অনুষ্ঠানে উপস্থিত ছিলেন। ত্রান সামগ্রীর মধ্য ছিলো চাল, ডাল,আলু, তেল।



**শেরপুর জেলা ঃ** ১১ সেপ্টেম্বর শেরপুর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ে শেরপুরে জেলা কমিশনার রাশেদা বেগম এর সভাপতিত্বে করোনাকালীন গরীব, দুঃস্থ ও অসহায় মানুষের মাঝে ত্রাণ বিতরণ করেন। এতে উপস্থিত জেলা কার্যনির্বাহী কমিটির সদস্য ও বিভিন্ন প্রতিষ্ঠানের গাইড, গাইডার, অত্র বিদ্যালয়ের প্রধান শিক্ষক এ্যানী সুরাইয়া মিলোজ ও শিক্ষিকাবৃন্দ।



**বৃক্ষরোপন কর্মসূচি ঃ ময়মনসিংহ অঞ্চল ঃ** ১৭ আগস্ট নওমহল সরকারি প্রাথমিক বিদ্যালয় প্রাঙ্গনে অঞ্চলের উদ্যোগে ফলদ, বনজ ও ঔষধি বৃক্ষরোপনের মধ্য দিয়ে কর্মসূচি অনুষ্ঠিত হয়। কর্মসূচিতে সক্রিয়ভাবে অংশগ্রহণ করেন গাইড সদস্যবৃন্দ, অঞ্চলের সাধারণ সম্পাদক শামছুন্নাহার বেগম, কোষাধ্যক্ষ, মালেকা পারভীন, জেলা কমিটির সদস্যবৃন্দ, হলদে পাখি ও গাইড। এ ছাড়া বিভিন্ন প্রতিষ্ঠান থেকে আগত গাইড, হলদে পাখিদের ফলদ, বনজ ও ঔষধি গাছ নিজ নিজ বিদ্যালয়ে প্রাঙ্গনে রোপন করার জন্য বিতরণ করা হয়।



**ডায়াবেটিস ও উচ্চ রক্তচাপ বিষয়ক বৈজ্ঞানিক সমীক্ষা ঃ** ২৪ সেপ্টেম্বর, কিশোর ও তরুণদের মাঝে ডায়াবেটিস ও উচ্চ রক্তচাপ বিষয়ক বৈজ্ঞানিক সমীক্ষায় ময়মনসিংহ অঞ্চলের জামালপুর জেলা ও শরীফপুর উপজেলা হতে ৮৮জন গাইড, রেঞ্জার অংশ গ্রহন করে। এতে আঞ্চলিক কমিশনার রওশন আরা খান, আঞ্চলিক সাধারন সম্পাদক শামছুন্নাহার বেগম, কোষাধ্যক্ষ মালেকা পারভীন, জামালপুর জেলার জেলা কমিশনার, স্থানীয় কমিশনারবৃন্দ, অফিস কর্মকর্তা, কর্মচারীবৃন্দ উপস্থিত ছিলেন।




**স্মারক বৃক্ষরোপন কর্মসূচি ঃ** ময়মনসিংহ অঞ্চলের বিভিন্ন প্রতিষ্ঠানের গার্ল গাইডস্ দল মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার ৭৫তম জন্মদিন উপলক্ষে "স্মারক বৃক্ষ" রোপনে অংশগ্রহন করেন।



**গঠন কাঠামো ও ব্যবস্থাপনা বাজেট মিটিং ঃ** ৩ অক্টোবর, ২০২১ জাতীয় কার্যালয় আয়োজিত কারিগরি ও মাদ্রাসা শিক্ষা প্রতিষ্ঠানের হলদে পাখি ও গাইড গাইডার মৌলিক প্রশিক্ষণের বাজেট মিটিং অনুষ্ঠিত হয়। ময়মনসিংহ হতে আঞ্চলিক কোষাধ্যক্ষ মালেকা পারভীন সভায় অংশ গ্রহণ করেন।

**জেলা রেঞ্জার কাউন্সিল ঃ** ২ নভেম্বর ময়মনসিংহ জেলার, ১৯ নভেম্বর নেত্রকোনা জেলার, ২০ নভেম্বর জামালপুর ও জেলার শেরপুর জেলার রেঞ্জার কাউন্সিল ও নির্বাচন-২০২১ অনুষ্ঠিত হয়।

ডেঙ্গু থেকে বাঁচার উপায়, বাড়ির আঙ্গিনায় বৃষ্টির পানি জমতে দেয়া যাবেনা, নিয়মিত টবের পানি ফেলে পরিষ্কার করা। সচেতনতা বৃদ্ধি করা। আসুন ডেঙ্গু থেকে বাঁচতে আমরা নিজেরা সচেতন হই, অন্যকেও উৎসাহিত করি।








ময়মনসিংহ অঞ্চলের জেলা রেঞ্জার কাউন্সিল গঠন করা হয়

**আঞ্চলিক রেঞ্জার কাউন্সিল গঠন ঃ** ২২ নভেম্বর, ময়মনসিংহ অঞ্চলের আঞ্চলিক রেঞ্জার কাউন্সিল গঠন করা হয়। প্রধান অতিথি ছিলেন মোঃ শফিকুর রেজা বিশ্বাস, বিভাগীয় কমিশনার, ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ ও উপদেষ্টা, বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশন, ময়মনসিংহ অঞ্চল, ময়মনসিংহ। বিশেষ অতিথি ছিলেন প্রফেসর কিরীট কুমার দত্ত, সচিব, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ, মোহাম্মদ মনিরুজ্জামান, উপ সচিব (প্রশাসন ও সংস্থাপন), মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ, মোঃ জিয়াউদ্দিন শাকির, অধ্যক্ষ, মহাকালী গার্লস স্কুল ও কলেজ, ময়মনসিংহ। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন, রওশন আরা খান, আঞ্চলিক কমিশনার, ময়মনসিংহ অঞ্চল। সমন্বয়কারী ছিলেন শামছুন্নাহার বেগম, সাধারন সম্পাদক, ময়মনসিংহ অঞ্চল। অনুষ্ঠান উপস্থাপনের দায়িত্বে ছিলেন মালেকা পারভীন, কোষাধ্যক্ষ ও রেঞ্জার

কমিশনার। রেঞ্জার কাউন্সিল গঠন ও নির্বাচনে ময়মনসিংহ অঞ্চলের চার জেলা হতে ৬২ জন রেঞ্জার অংশগ্রহন করেন। আঞ্চলিক রেঞ্জার কাউন্সিল গঠন অনুষ্ঠানে ১২জন রেঞ্জার ও ১জন রেঞ্জার গাইডার সমন্বয়ে আঞ্চলিক রেঞ্জার কাউন্সিল গঠন করা হয়। নব গঠিত আঞ্চলিক রেঞ্জার কাউন্সিলর নাম ঘোষণা, পরিচয় পর্ব ও ফুলেল শুভেচ্ছা দিয়ে বরণ করা হয়। শেষে ট্যাপস এর মাধ্যমে অনুষ্ঠানের সমাপ্তি হয়।




আঞ্চলিক রেঞ্জার কাউন্সিল গঠন অনুষ্ঠানে প্রধান অতিথি রেঞ্জারদের উদ্দেশ্যে বক্তব্য দেন

**২য় আঞ্চলিক পরিষদ অধিবেশন ঃ** ২৬ নভেম্বর, ময়মনসিংহ অঞ্চলের ২য় আঞ্চলিক পরিষদ অধিবেশন অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন কাজী জেবুন্নেছা বেগম, জাতীয় কমিশনার, বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশন ও অতিরিক্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যান মন্ত্রণালয়। বিশেষ অতিথি ছিলেন এস,এ,এম রফিকুন্নবী, অতিরিক্ত




নির্বাচিত রেঞ্জারদের মাঝে অতিথিবৃন্দ

বিভাগীয় কমিশনার (রাজস্ব), ডাঃ মোহাম্মদ নজরুল ইসলাম, সিভিল সার্জন ও নাছিমা আক্তার, অতিরিক্ত আঞ্চলিক কমিশনার ও প্রধান শিক্ষক, বিদ্যাময়ী সরকারী বালিকা উচ্চ বিদ্যালয়, ময়মনসিংহ। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন শামছুন্নাহার বেগম, আঞ্চলিক সেক্রেটারী ও প্রধান শিক্ষক, মহিলা সমিতি উদয়ন উচ্চ বিদ্যালয়, ময়মনসিংহ।

অনুষ্ঠানের ২য় পর্বে বিশেষ অতিথি ছিলেন প্রফেসর ড. গাজী হাসান কামাল, চেয়্যারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ ও আবু নূর মো: আনিসুল ইসলাম চৌধুরী, উপ পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ময়মনসিংহ। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন রওশন আরা খান, আঞ্চলিক কমিশনার। ময়মনসিংহ অঞ্চলের বিভিন্ন জেলা ও উপজেলা হতে কমিশনারগণ, গাইড সদস্যবৃন্দ, বিজ্ঞপাখি, গাইডার এবং রেঞ্জার গাইডারদের সমারোহে অনুষ্ঠান সম্পন্ন হয়।



প্রধান অতিথিকে গার্ড অব অনার প্রদান



অধিবেশনে প্রধান অতিথির বক্তব্য দেন জাতীয় কমিশনার কাজী জেবুন্নেছা বেগম



জাতীয় কমিশনারসহ অতিথিবৃন্দ জাতীয় সংগীতকে সম্মাননা প্রদর্শন



অধিবেশনে বক্তব্য দেন সাবিনা ফেরদৌস ডেপুটি জাতীয় কমিশনার (প্রশাসন)



জাতীয় কমিশনার অতিথির হাতে গার্ল গাইডের শুভেচ্ছা স্মারক তুলে দেন



আঞ্চলিক পরিষদ অধিবেশনে উপস্থিত কাউন্সিলরবৃন্দ

**প্রশিক্ষণ ঃ হলদে পাখি, বিজ্ঞপাখি গাইডার বেসিক কোর্স প্রশিক্ষণ, কলমাকান্দা, নেত্রকোনা ঃ** ৬ হতে ১০ নভেম্বর, ২০২১ পর্যন্ত নেত্রকোনা জেলার কলমাকান্দা উপজেলায় হলদে পাখি গাইডার বেসিক কোর্স প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়। ৬ নভেম্বর উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন সোহেল রানা, উপজেলা নির্বাহী অফিসার, কলমাকান্দা ও উপদেষ্টা বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশন এবং সভাপতিত্ব করেন কামরুন্নাহার লাকী, স্থানীয় কমিশনার। ৯ নভেম্বর হলদে পাখির ৪টি যাত্রার মধ্যে নৌকা যাত্রার উপর প্রশিক্ষণ দেওয়া হয়। প্রশিক্ষণার্থীদের নৌকায় করে কেশবপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ে নিয়ে যাওয়া হয় এবং সেখানে প্রক্ষিণার্থীরা অভিনয়ের মধ্যে দিয়ে নৌকা যাত্রার ৮টি চ্যালেঞ্জ ফুটিয়ে তোলে। উল্লেখ্য যে যাত্রায় জাহানারা খাতুন, উপজেলা শিক্ষা অফিসার, কলমাকান্দা সার্বক্ষনিক থাকায় প্রশিক্ষণটি প্রাণবন্ত হয়ে উঠে।

১০ নভেম্বর প্রশিক্ষণের সমাপনী ও সনদ বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন বীর মুক্তিযোদ্ধা আব্দুল খালেক, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কলমাকান্দা। প্রধান আলোচক ছিলেন সোহেল রানা, উপজেলা নির্বাহী অফিসার। সভাপতিত্ব করেন কামরুন্নাহার লাকী, স্থানীয় কমিশনার। অনুষ্ঠানে প্রধান অতিথির হাত থেকে প্রশিক্ষণার্থীরা সাটিফিকেট গ্রহণ করে। শেষে সাংস্কৃতিক অনুষ্ঠান এবং ট্যাপস এর মধ্য দিয়ে ৫ দিন ব্যাপী হলদে পাখি (বিজ্ঞপাখি) গাইডার বেসিক কোর্স প্রশিক্ষণের সমাপ্তি হয়। প্রশিক্ষণ পরিচালনা করেন ইসতেয়ারা হোসেন, ট্রেইনার।





হলদে পাখি (বিজ্ঞপাখি ) গাইডার বেসিক কোর্স প্রশিক্ষণ কলমাকান্দা, নেত্রকোনা



হলদেপাখি (বিজ্ঞপাখি) গাইডার বেসিক কোর্স প্রশিক্ষণ শেষে সনদ বিতরণ, কলমাকান্দা, নেত্রকোনা

**শেখ রাসেল দিবস উদযাপন ঃ** ১৮ অক্টোবর, ময়মনসিংহ অঞ্চলের জেলা ও উপজেলায় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের কনিষ্ঠ পুত্র শেখ রাসেল এর ৫৮ তম শুভ জন্মদিন ও শেখ রাসেল দিবস ২০২১ উপলক্ষে শেখ রাসেলের বেদিতে পুষ্পস্তবক অর্পণ ও আলোচনা সভার মধ্য দিয়ে দিবসটি উদ্‌যাপন করা হয়। শেখ রাসেল দিবস উপলক্ষে, মাদারগঞ্জ উপজেলা কৃষি অফিস কর্তৃক হলদে পাখি, রেঞ্জার ও গাইডদের মাঝে তালের চারা নিজ নিজ বিদ্যালয় প্রাঙ্গণে রোপন করার জন্য বিতরণ করা হয়।



শুভ জন্মদিন ও শেখ রাসেল দিবস পালন কলমাকান্দা, নেত্রকোনা



শুভ জন্মদিন ও শেখ রাসেল দিবস পালন মাদারগঞ্জ, জামালপুর



শুভ জন্মদিন ও শেখ রাসেল দিবস দূর্গাপুর, নেত্রকোনা




শুভ জন্মদিন ও শেখ রাসেল দিবস পালন ময়মনসিংহ সদর, ময়মনসিংহ

**মহান বিজয় দিবস ঃ** ১৬ ডিসেম্বর, ২০২১ মহান বিজয় দিবস উপলক্ষে রফিক উদ্দিন ভূঁইয়া স্টেডিয়ামে, ময়মনসিংহ অঞ্চলের হলদে পাখী ও গাইডরা কুচকাওয়াজ ও মার্চপাস্টে অংশগ্রহণ করে। এছাড়াও অন্যন্য জেলা ও উপজেলাসমূহে মহান বিজয় দিবস স্বতঃস্ফুর্তভাবে পালন করা হয়। ময়মনসিংহ সদরের বিদ্যাময়ী সরকারি বালিকা বিদ্যালয়ের গাইড মার্চপাস্টে প্রথম স্থান এবং জামালপুর জেলা সদরের গাইড দল জামালপুর জেলা ২য় স্থান অধিকার করে। স্বাধীনতার ৫০ বছর পূর্তি উপলক্ষে প্রধান মন্ত্রী শেখ হাসিনার শপথ বাক্য পাঠ অনুষ্ঠানে ময়মনসিংহ জেলার বিভিন্ন প্রতিষ্ঠানের গাইড এবং রেঞ্জার দল অংশগ্রহন করে। এই উপলক্ষে অঞ্চলের কার্য নির্বাহী কমিটির সদস্যদের নিয়ে গাইড হাউজে আলোচনা ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়।





মহান বিজয় দিবসের মার্চপাস্টে হলদে পাখি ও গাইডদের অংশগ্রহণ





মহান বিজয় দিবসের মার্চপাস্টে ময়মনসিংহ অঞ্চল ও ত্রিশাল জেলার গাইড সদস্যদের অংশগ্রহণ

## রাজশাহী অঞ্চল এপ্রিল হতে ডিসেম্বর ২০২১ পর্যন্ত বাস্তবায়িত কার্যক্রম

### কারিগরি ও মাদ্রাসা শিক্ষা প্রতিষ্ঠানে গাইডিং কার্যক্রম সম্প্রসারণ

ওরিয়েন্টেশন কোর্স জয়পুরহাট জেলা ঃ ১ এপ্রিল, ২০২১ কারিগরী ও মাদ্রাসা শিক্ষা প্রতিষ্ঠানে গাইডিং কার্যক্রম সম্প্রসারণের লক্ষ্যে ১ দিনের ওরিয়েন্টেশন কোর্স জয়পুরহাট সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ে অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন মোঃ শাহদুজ্জামান জেলা শিক্ষা অফিসার, জয়পুরহাট। কোর্সে জয়পুরহাট জেলার কারিগরি ও মাদ্রাসা শিক্ষা প্রতিষ্ঠান থেকে ৪৫ জন মহিলা শিক্ষক অংশগ্রহণ করেন। কোর্স পরিচালনায় ছিলেন ট্রেইনার দিলারা বেগম, তানজিমা বিনতে হান্নান ও দিল মনোয়ারা পারভীন।

**বৃক্ষরোপণ কর্মসূচি, বগুড়া জেলা ঃ** ১২ জুলাই, ২০২১ বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশন বগুড়া জেলার উদ্যোগে মুজিব শতবর্ষ পালন উপলক্ষে আলুবোখরা, দারুচিনি, কৃষ্ণচুড়া প্রভৃতি গাছের চারা বগুড়া সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ে রোপণ করা হয়।

**অনুদান প্রদান ঃ** ১৫ জুলাই মহাদেবপুর নওগাঁ জেলার উদ্যোগে ক্যান্সারে আক্রান্ত সাবেক গার্ল গাইড কমিশনার অজিফা জান্নাত ও দরিদ্র মেধাবী গার্ল গাইড শিক্ষার্থীদের মধ্যে অনুদান প্রদান করা হয়।

**বঙ্গমাতার জন্মদিন পালন ঃ** ৮ আগস্ট রাজশাহী জেলা প্রশাসনের উদ্যোগে শিল্পকলা একাডেমীতে বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেসার জন্মদিন উপলক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে রাজশাহী অঞ্চলের ১০ জন রেঞ্জার সেচ্ছা সেবা প্রদান করেন।

**সভা ঃ** ১১ আগস্ট ও ১৯ সেপ্টেম্বর, রাজশাহী আঞ্চলিক কার্যনির্বাহী কমিটির সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন সিরাজুম মুনিরা, আঞ্চলিক কমিশনার, রাজশাহী অঞ্চল।

**জাতীয় শোক দিবস পালন ঃ** ১৫ আগস্ট জাতীয় শোক দিবস উপলক্ষে রাজশাহী গাইড হাউজে রেঞ্জারদের রচনা প্রতিযোগিতা অনুষ্ঠিত হয় এবং একই সাথে রাজশাহী অঞ্চলের অন্যান্য জেলা যেমন পাবনা, নাটোর, চাঁপাইনবাবগঞ্জ, নওগাঁ ও বগুড়ায় হলদে পাখিদের চিত্রাংকন ও গাইডদের রচনা প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। প্রতিযোগিতায় যারা প্রথম, দ্বিতীয়, তৃতীয় স্থান অধিকার করে তাদেরকে অঞ্চল কর্তৃক পুরস্কৃত করা হয়।

**দোয়া মাহফিল, রাজশাহী অঞ্চল ঃ** ১৫ আগস্ট জাতীয় শোক দিবস পালন উপলক্ষে রাজশাহী গাইড হাউজে দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে রেঞ্জার, গাইডার, সদস্য ও অফিস স্টাফসহ প্রায় ৭০ জন উপস্থিত ছিলেন।

**বৃক্ষ রোপণ কর্মসূচি, রাজশাহী অঞ্চল ঃ** ১৫ আগস্ট জাতীয় শোক দিবস পালন উপলক্ষে রাজশাহী গাইড হাউজ বৃক্ষরোপণ কর্মসূচি পালন করে। কর্মসূচিতে ৫০ টি ফলদ, ভেষজ ও ঔষধি বৃক্ষ রেঞ্জার ও সদস্যদের মাঝে বিতরন করা হয় এবং রাজশাহী গাইড হাউজ প্রাঙ্গনে বৃক্ষ রোপন করা হয়।

**জাতীয় শোক দিবস পালন, রাজশাহী কলেজ ঃ** ১৫ আগস্ট রাজশাহী কলেজ রেঞ্জার ইউনিটের উদ্যোগে জাতীয় শোক দিবস পালন উপলক্ষে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে পুস্পস্তবক অর্পন করা হয়।

**করোনাকালীন সময়ে ত্রাণ বিতরণ, রাজশাহী অঞ্চল ঃ** ১৯ আগস্ট করোনাকালীন সময়ে রাজশাহী গাইড হাউজ দুঃস্থ ও অসহায় দরিদ্র মানুষের মাঝে চাল, ডাল, তেল, আটা ইত্যাদি খাদ্য সামগ্রী বিতরণ করে। এছাড়া রাজশাহী জেলা, নবাবগঞ্জ, বগুড়া, পাবনা, নওগাঁ ও নাটোর জেলায় করোনাকালীন সময়ে দুঃস্থ ও অসহায় মানুষের মঝে ত্রাণ সামগ্রী বিতরণ করা হয়।

**করোনাকালীন সময়ে ত্রাণ ও বৃক্ষ বিতরণ, বাগমারা ঃ** ২৪ আগস্ট চাঁনপাড়া আদর্শ উচ্চ বিদ্যালয়ে বাগমারা উপজেলা স্থানীয় গার্ল গাইডস্ এর উদ্যেগে, গরীব, অসহায় মানুষের মাঝে করোনাকালীন ত্রাণ সামগ্রী বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের গাইড, গাইডারদের মাঝে মাস্ক বিতরণ ও ১০০টি বৃক্ষ রোপন করা হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন, শ্রী আনিল কুমার সরকার চেয়ারম্যান উপজেলা পরিষদ বাগমারা, রাজশাহী। বিশেষ অতিথি ছিলেন মোঃ আঃ মালেক মন্ডল মেয়র, ভবানীগঞ্জ পৌরসভা, বাগমারা, রাজশাহী। আরও উপস্থিত ছিলেন স্থানীয় কমিশনার সহ কার্য নির্বাহী কমিটির সদস্যবৃন্দ।

**করোনাকালীন সময়ে প্রতিবন্ধী শিশুদের মাঝে নগদ অর্থ বিতরণ, নাটোর ঃ** ২৯ আগস্ট নাটোর জেলা শাখা উদ্যোগে নাটোর বুদ্ধি প্রতিবন্ধী অর্টিস্টিক স্কুল ও প্রতিবন্ধি স্কুলের ৩০ জন শিক্ষার্থীর মঝে নগদ ১৫ হাজার টাকা বিতরণ করা হয়। এই অর্থ নয় হাজার টাকা অনুদান হিসাবে পাওয়া যায় অঞ্চল হতে এবং ছয় হাজার টাকা জেলা ফান্ড থেকে উত্তোলন করা হয়েছে। অর্থ বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন জেলা প্রশাসক শামীম আহমেদ, উপদেষ্টা গার্ল গাইডস্ এসোসিয়েশন নাটোর জেলা শাখা। বিশেষ অতিথি ছিলেন অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) এবং প্রতিবন্ধী স্কুলের সভাপতি সারোয়ার হোসেন এবং সভাপতি ছিলেন নাটোর পৌর মেয়র উমা চৌধুরী জলি। অনুষ্ঠান আয়োজনে ছিলেন জেলা গার্ল গাইডস কমিশনার বেগম হামিদা বানু।

**পরিদর্শন ঃ** ২৯ আগস্ট ট্রেইনার দিলারা বেগম ও দিল মনোয়ারা পারভীন জয়পুরহাট বালিকা উচ্চ বিদ্যালয় পরিদর্শন করেন।

**ডায়াবেটিস ও উচ্চ রক্তচাপ সমীক্ষা ঃ ১২** সেপ্টেম্বর রাজশাহী ডায়বেটিক হাসপাতাল লক্ষীপুর এবং ১৩ সেপ্টেম্বর আড়ানী মনোমোহিনী সরকারি উচ্চ বিদ্যালয়ে ডায়বেটিক ও উচ্চ রক্তচাপ সমীক্ষা কার্যক্রম অনুষ্ঠিত হয়। বাংলাদেশ ডাইবেটিক সমিতির উদ্যোগে রাজশাহী অঞ্চলের দুইটি স্থানে ডায়বেটিক ও উচ্চ রক্তচাপ বিষয়ক বৈজ্ঞানিক সমীক্ষা রাজশাহী সিটি ও আড়ানী পৌরসভা, বাঘা উপজেলায় ৭৫ জন করে ২টি স্থানে মোট ১৫০ জন গার্ল গাইডস্ সদস্য অংশগ্রহণ করে।

**সাক্ষরতা দিবস পালন, রাজশাহী অঞ্চল ঃ** ৮সেপ্টেম্বর রাজশাহী গাইড হাউজে সাক্ষরতা দিবস পালন করা হয়। দিবসটিতে নিরক্ষর ব্যক্তিকে অক্ষরদান করা হয়।

২২ সেপ্টেম্বর ২০২১ বাংলাদেশ ডায়বেটিস সমিতির উদ্যোগে ডায়বেটিস বিষয়ক বৈজ্ঞানিক সমীক্ষায় রাজশাহী অঞ্চলের দুইটি ভেন্যু রাজশাহী সিটি কর্পোরেশন আড়ানী পৌরসভা ও বাঘা উপজেলার ১৫০ জন গার্ল গাইডস্ অংশগ্রহণ করেন।







৮ সেপ্টেম্বর রাজশাহী গাইড হাউজে সাক্ষরতা দিবস অনুষ্ঠানে রেঞ্জাররা নিরক্ষর নারীদের অক্ষর দান করে







১১ অক্টোবর, ২০২১ International Day of Girl Program- এ ৫০ জন রেঞ্জারকে Free Being Me session প্রদান করা হয়



২ ডিসেম্বর, ২০২২, মুন্নুজান হল রেঞ্জার ইউনিট, রাজশাহী বিশ্ববিদ্যালয়ের উদ্যোগে রাজশাহী গাইড হাউজে বিশেষ চাহিদা সম্পন্ন শিশুদের মাঝে শীতবস্ত্র বিতরণ করা হয়



৮ ডিসেম্বর রাজশাহী জেলা সদরের উদ্যোগে হরিজন শিশুদের মাঝে এবং মাদ্রাসা ও এতিমখানার ছাত্রীদের মাঝে শীতবস্ত্র বিতরণ করা হয়






৫ নভেম্বর, ২০২১ ২০তম আঞ্চলিক পরিষদ অধিবেশন গাইড হাউজ রাজশাহীতে অনুষ্ঠিত হয়। অধিবেশনের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন কাজী জেবুন্নেছা বেগম, জাতীয় কমিশনার, বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশন ও অতিরিক্ত সচিব স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।







৭ হতে ১১ ডিসেম্বর, ২০২১ চাঁপাইনবাবগঞ্জ জেলার শিবগঞ্জ উপজেলায় ৪৯ জন শিক্ষিকার সমন্বয়ে ৫দিন ব্যাপী গাইড গাইডার কোর্স প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়



৯ ডিসেম্বর রাজশাহী অঞ্চলের উদ্যোগে রাজশাহী গাইড হাউজ, বিলসিমলায় বেগম রোকেয়া দিবস পালন করা হয়



রাজশাহী অঞ্চলের উদ্যোগে দরিদ্র ছাত্রীদের মাঝে শীতবস্ত্র বিতরণ করা হয়



১৬ ডিসেম্বর, ২০২১ বিজয় দিবস উপলক্ষে কুচকাওয়াজ অনুষ্ঠানে রাজশাহী জেলা সদরের পি.এন. সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়-এর একটি গাইড দল অংশগ্রহণ করে।



১৯ ডিসেম্বর গাইড হাউজ বিলসিমলা, রাজশাহীতে হলদে পাখি, গাইড, রেঞ্জারদের মাঝে ক্রীড়া প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়।

ডেঙ্গু থেকে বাঁচার উপায়, বাড়ির আঙ্গিনায় বৃষ্টির পানি জমতে দেয়া যাবেনা, নিয়মিত টবের পানি ফেলে পরিষ্কার করা। সচেতনতা বৃদ্ধি করা। আসুন ডেঙ্গু থেকে বাঁচতে আমরা নিজেরা সচেতন হই, অন্যকেও উৎসাহিত করি।







২০ হতে ২৫ ডিসেম্বর, ২০২১ পাবনা জেলার সাঁথিয়া উপজেলায় ৫০ জন শিক্ষিকার সমন্বয়ে ৫দিন ব্যাপী গাইড গাইডার প্রশিক্ষণ কোর্স অনুষ্ঠিত হয়।

## রংপুর অঞ্চল এপ্রিল হতে জুন, ২০২১ পর্যন্ত বাস্তবায়িত কার্যক্রম

**ওরিয়েন্টেশন ঃ** ৪ এপ্রিল, ২০২১ কারিগরি ও মাদ্রাসা শিক্ষা প্রতিষ্ঠানের রংপুর জেলায় ওরিয়েন্টেশন রংপুর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ের অডিটোরিয়ামে অনুষ্ঠিত হয়। দিনব্যাপী ওরিয়েন্টেশনে ৪৫ জন প্রশিক্ষণার্থী অংশগ্রহণ করেন। অংশগ্রহণকারীদের গাইড পরিচিতি, ইতিহাস, গাইড ভিশন ও মিশন, গাইডের শাখা ও স্তরসমূহ, রীফন্ট, টেস্ট কার্ডের প্রবেশ অংশ ইত্যাদি বিষয়ে শেখানো হয়। প্রশিক্ষণার্থীদের মাঝে সার্টিফিকেট বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন আঞ্চলিক কমিশনার ফরিদা ইয়াসমীন, বিশেষ অতিথি ছিলেন গুলনাহার বেগম, স্থানীয় গাইড কমিশনার, রংপুর সদর এবং সভাপতি ছিলেন মোছাঃ রোকসানা বেগম, জেলা গাইড কমিশনার ও জেলা শিক্ষা অফিসার, রংপুর জেলা। ওয়ালেদা বেগম, আঞ্চলিক কোষাধ্যক্ষ এবং ফ্লোরা সায়েমা আখতার, জেলা কোষাধ্যক্ষ, রংপুর জেলা অনুষ্ঠানে উপস্থিত ছিলেন। ওরিয়েন্টেশনে সার্বিক সহযোগীতায় ছিলেন অঞ্চলের ট্রেইনারদ্বয়।



রংপুর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ের অডিটোরিয়ামে অনুষ্ঠিত ওরিয়েন্টেশনে অংশগ্রহণকারীদের দীক্ষা দান

**আর্থিক সহায়তা ঃ** ২২ এপ্রিল, ২০২১ রংপুর অঞ্চল দুঃস্থদের মাঝে পবিত্র ঈদ উপলক্ষে অর্থ প্রদান করেন আঞ্চলিক কমিশনার ফরিদা ইয়াসমীন এবং আঞ্চলিক কোষাধ্যক্ষ ওয়ালেদা বেগম। সার্বিক কাজে সহযোগীতায় ছিল আঞ্চলিক রেঞ্জার কাউন্সিলের রেঞ্জারবৃন্দ।



দুঃস্থদের মাঝে পবিত্র ঈদ উপলক্ষে অর্থ প্রদান করেন
আঞ্চলিক কমিশনার ফরিদা ইয়াসমীন

৭ মে, ঠাকুরগাঁও স্থানীয় এসোসিয়েশনের সদস্যবৃন্দের ব্যক্তিগত অর্থায়নে কয়েকটি দুঃস্থ পরিবারের মাঝে ঈদের খাদ্য সামগ্রী বিতরণ করা হয়। প্রতিটি পরিবারকে সেমাই, চিনি, মাছ, চাল, ডাল ও তেল দেওয়া হয়। ঠাকুরগাঁও সদর স্থানীয় কমিশনার মনোয়ারা রহমান এর নেতৃত্বে স্থানীয় গাইড সদস্যবৃন্দ এই কর্মসূচি পরিচালনা করেন।



করোনা ভাইরাস থেকে নিজেকে রক্ষা করতে হলে বাইরে যাওয়ার সময় অবশ্যই মাস্ক ব্যবহার করুন ও অন্যকেও মাস্ক ব্যবহার করতে উৎসাহিত করুন।



ঠাকুরগাঁও স্থানীয় এসোসিয়েশনের সদস্যবৃন্দের
ব্যক্তিগত অর্থায়নে দুঃস্থ পরিবারের মাঝে ঈদের খাদ্য সামগ্রী বিতরণ

**এ্যাডভোকেসি সভা ঃ** ৩০ মে, ২০২১ রংপুর সিভিল সার্জনের কার্যালয়ে ভিটামিন 'এ' ক্যাম্পেইন বিষয়ক এ্যাডভোকেসি সভা অনুষ্ঠিত হয়। সভায় প্রধান অতিথি ছিলেন ড. হিরম্বর কুমার রায়, সিভিল সার্জন, রংপুর। বিশেষ অতিথি ছিলেন মোছাঃ রোকসানা বেগম, গাইড জেলা কমিশনার এবং জেলা শিক্ষা অফিসার, রংপুর। সভায় অংশগ্রহণ করেন ট্রেইনার সুমাইয়া তাবাস্সুম।

**ওরিয়েন্টেশন, গাইবান্ধা জেলা ঃ** কারিগরি ও মাদ্রাসা শিক্ষা প্রতিষ্ঠানে গাইডিং সম্প্রসারণের লক্ষ্যে ৮ জুন, ২০২১ গাইবান্ধা সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ের অডিটোরিয়ামে ১ দিনের ওরিয়েন্টেশন অনুষ্ঠিত হয়। ওরিয়েন্টেনে বিভিন্ন মাদ্রাসা ও কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানের সহকারী শিক্ষকগণ প্রশিক্ষণার্থী হিসেবে উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন মোঃ এনায়েত হোসেন, জেলা শিক্ষা অফিসার, গাইবান্ধা জেলা। বিশেষ অতিথি হিসেবে ছিলেন ওয়ালেদা বেগম, আঞ্চলিক কোষাধ্যক্ষ, বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশন, রংপুর অঞ্চল। সভাপতি হিসেবে ছিলেন দিলারা খানম, জেলা কমিশনার, গাইবান্ধা জেলা। ওরিয়েন্টেশনে ২ জন জুনিয়র ট্রেইনার এবং জেলা ও স্থানীয় এসোসিয়েশনের অন্যান্য সদস্যবৃন্দ উপস্থিত ছিলেন।




গাইবান্ধা জেলায় অনুষ্ঠিত ওরিয়েন্টেশনে অংশগ্রহণকারীদের মাঝে সনদপত্র
বিতরণ করেন জেলা শিক্ষা অফিসার

**লালমনিরহাট জেলা ঃ** ২০ জুন, ২০২১ লালমনিরহাট সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ে ০১ দিনের ওরিয়েন্টেশন অনুষ্ঠিত হয়। প্রধান অতিথি হিসেবে বক্তব্য প্রদান করেন মোঃ আবুল কালাম আজাদ, জেলা শিক্ষা অফিসার, লালমনিরহাট জেলা। বিশেষ অতিথি ছিলেন লিপিকা দত্ত, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, লালমনিরহাট সদর এবং সভাপতি ছিলেন শরমিন আরা হক, জেলা কমিশনার, লালমনিরহাট। এছাড়াও সম্মানিত অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ওয়ালেদা বেগম, আঞ্চলিক কোষাধ্যক্ষ, রংপুর অঞ্চল। দিনব্যাপী অনুষ্ঠিত ওরিয়েন্টেশন পরিচালনা করেন ২ জন জুনিয়র ট্রেইনার।

**নীলফামারী জেলা ঃ** ২২ জুন, নীলফামারী সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ে ১ দিনের ওরিয়েন্টেশন অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন মোঃ শফিকুল ইসলাম, জেলা শিক্ষা অফিসার, নীলফামারী জেলা। বিশেষ অতিথি ছিলেন ওয়ালেদা বেগম, আঞ্চলিক



নীলফামারী জেলায় অনুষ্ঠিত ওরিয়েন্টেশন শেষে প্রধান অতিথি অংশগ্রহণকারীদের মাঝে
সনদপত্র বিতরণ করেন

কোষাধ্যক্ষ, রংপুর অঞ্চল। এছাড়া উপস্থিত ছিলেন ৭টি উপজেলার মাধ্যমিক শিক্ষা অফিসারবৃন্দ, জেলা ও স্থানীয় এসোসিয়েশনের সদস্যবৃন্দ এবং ২ জন ট্রেইনার। অনুষ্ঠানে সভাপতি ছিলেন শাহের বানু, জেলা কমিশনার, নীলফামারী।

**পঞ্চগড় জেলা ঃ** ২৩ জুন, পঞ্চগড় সরকারি বালিকা উচ্চ বিদ্যালয় অডিটোরিয়ামে ১ দিনের ওরিয়েন্টেশনে প্রধান অতিথির বক্তব্য দেন মাহমুদুল হক, প্রধান শিক্ষক, পঞ্চগড় সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়। বিশেষ অতিথি ছিলেন মাহফুজা মালেক, উপজেলা একাডেমিক সুপারভাইজার, পঞ্চগড় সদর, ওয়ালেদা বেগম, আঞ্চলিক কোষাধ্যক্ষ, রংপুর অঞ্চল। সভাপতিত্ব করেন স্থানীয় গাইড কমিশনার নুরুন নাহার।




পঞ্চগড় জেলায় অনুষ্ঠিত ওরিয়েন্টেশনে, প্রধান অতিথি ছিলেন মাহমুদুল হক প্রধান
শিক্ষক পঞ্চগড় সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়

**কুড়িগ্রাম জেলা ঃ** ২৮ জুন, কুড়িগ্রাম সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ে কারিগরি ও মাদ্রাসা শিক্ষা প্রতিষ্ঠানে গাইডিং সম্প্রসারণের লক্ষ্যে ১ দিনের ওরিয়েন্টেশন অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন মোঃ সামছুল আলম, জেলা শিক্ষা অফিসার, কুড়িগ্রাম জেলা। সভাপতিত্ব করেন রুখসানা পারভীন, জেলা গাইড কমিশনার, কুড়িগ্রাম জেলা। বিশেষ অতিথি ছিলেন ওয়ালেদা বেগম, আঞ্চলিক কোষাধ্যক্ষ, রংপুর অঞ্চল। জেলা ও স্থানীয় এসোসিয়েশনের সদস্যবৃন্দ এবং ২ জন ট্রেইনার উপস্থিত ছিলেন।

**দিনাজপুর জেলা ঃ** ২৯ জুন, দিনাজপুর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ে ১ দিনের ওরিয়েন্টেশন অনুষ্ঠিত হয়। প্রধান অতিথি ছিলেন মোঃ রফিকুল ইসলাম, জেলা শিক্ষা অফিসার, দিনাজপুর জেলা। বিশেষ অতিথি ছিলেন ওয়ালেদা বেগম, আঞ্চলিক কোষাধ্যক্ষ, রংপুর অঞ্চল। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন মকসুদা পারভিন, জেলা কমিশনার, দিনাজপুর জেলা। দিনব্যাপী অনুষ্ঠিত ওরিয়েন্টেশন পরিচালনা করেন ২ জন ট্রেইনার।

**মৌলিক প্রশিক্ষণ ঃ** ১২ হতে ১৬ জুন, ২০২১ পর্যন্ত রংপুর জেলার কারিগরি ও মাদ্রাসা শিক্ষা প্রতিষ্ঠানের গাইডারদের ৫ দিনের গাইড গাইডার মৌলিক কোর্স প্রশিক্ষণ রংপুর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ের অডিটোরিয়ামে অনুষ্ঠিত হয়।

রংপুর জেলার বিভিন্ন কারিগরি ও মাদ্রাসা শিক্ষা প্রতিষ্ঠান থেকে ৪৫ জন প্রশিক্ষণার্থী অংশগ্রহণ করেন। ৫ দিনের মৌলিক প্রশিক্ষণের কর্মসূচী ছিল, আগমন, দলভাগ, রেজিষ্ট্রেশন ও পরিচিতি, গাইডিং পরিচিতি, উদ্দেশ্য, লক্ষ্য, ইউনিফর্ম, নিয়মাবলি, আন্তর্জাতিক সংকেত, হাতের ইশারা, টেন্ডারফুট ব্যাজ, গেরো, জাতীয় পতাকা, আন্তর্জাতিক জ্ঞান, গাইডারদের দায়িত্ব কর্তব্য, গুণাবলী ইত্যাদি।

প্রশিক্ষণের সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন মোছাঃ রোকসানা বেগম, জেলা শিক্ষা অফিসার ও জেলা কমিশনার, রংপুর জেলা। বিশেষ অতিথি ছিলেন গুলনাহার বেগম, স্থানীয় কমিশনার, রংপুর সদর, আঞ্চলিক কোষাধ্যক্ষ ওয়ালেদা বেগম। সভাপতি ছিলেন ফরিদা ইয়াসমীন, আঞ্চলিক কমিশনার, রংপুর অঞ্চল। অনুষ্ঠানে অতিথিবৃন্দের উপস্থিতিতে প্রশিক্ষণার্থীদের মাঝে সার্টিফিকেট বিতরণ করা হয় এবং ট্যাপস্ এর মাধ্যমে ৫দিন ব্যাপী মৌলিক প্রশিক্ষণের সমাপ্তি ঘোষণা করা হয়।



রংপুর জেলায় অনুষ্ঠিত গাইড গাইডার মৌলিক কোর্স প্রশিক্ষণে অংশগ্রহণকারীবৃন্দ

## সিলেট অঞ্চল এপ্রিল হতে ডিসেম্বর, ২০২১ পর্যন্ত বাস্তবায়িত কার্যক্রম

৫ এপ্রিল ও ৩০ জুন, ২০২১ বাংলাদেশ গার্ল গাইডস এসোসিয়েশন সিলেট আঞ্চলিক কার্যালয়ে আঞ্চলিক কমিটির সভা অনুষ্ঠিত হয়। করোনাকালে করনীয় বিষয় নিয়ে আলোচনা করেন আঞ্চলিক কমিশনার বাবলী পুরকায়স্থ, শিশুদের সুরক্ষিত রাখার বিষয়ে বড়দের করনীয় বিষয় নিয়ে আলোচনা করা হয়। সভায় আঞ্চলিক কমিটির সকল সদস্যগণ অংশগ্রহন করেন।



আঞ্চলিক কার্যনির্বাহী কমিটির সভা



সিলেট অঞ্চলের রেঞ্জার ও গাইডরা সিলেট শহরের বিভিন্ন রাস্তায় হাতে তৈরি মাস্ক বিতরণ করেন

করোনা ভাইরাস থেকে নিজেকে রক্ষা করতে হলে বাইরে যাওয়ার সময় অবশ্যই মাস্ক ব্যবহার করুন ও অন্যকেও মাস্ক ব্যবহার করতে উৎসাহিত করুন।

**জাতীয় শোক দিবস পালন, সিলেট অঞ্চল ঃ** ১৫ আগস্ট জাতীয় শোক দিবস উপলক্ষ্যে সিলেট অঞ্চলের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের হলদে পাখি, গাইড ও রেঞ্জারদের জন্য যথাক্রমে চিত্রাংকন,কবিত আবৃত্তি ও রচনা লেখা নিয়ে প্রতিযোতিার আয়োজন করা হয়। প্রতিযোগিতা শেষে পুরষ্কার বিতরণী ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে গাইড, রেঞ্জার, হলদে পাখি ও আঞ্চলিক কমিটির সদস্য সহ ১০০ জন অংশগ্রহন করনে।

**মৌলভীবাজার জেলা ঃ** মৌলভীবাজার গাইড হাউজ প্রাঙ্গনে জাতীয় শোক দিবসে আলোচনা সভা ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়। অনুষ্টানে গাইড, রেঞ্জার, হলদে পাখি ও জেলা কমিটির সদস্যাগণ অংশগ্রহন করেন।

**সিলেট জেলা ঃ** জাতীয় শোক দিবসে কাজী জালাল উদ্দিন বালিকা উচ্চ বিদ্যালয় প্রাঙ্গনে, ফলদ, বনজ ও ঔষধি গাছের চারা রোপন করা হয়। বৃক্ষরোপন কর্মসূচিতে আঞ্চলিক কমিশনার বাবলী পুরকায়স্থ, স্থানীয় কমিশনার সিদ্দিকা খাতুন এবং আঞ্চলিক কার্যনির্বাহি কমিটির সদস্যগণ অংশগ্রহন করেন।

৩১ আগস্ট মোগলগাঁও সরকারি প্রথমিক বিদ্যালয় প্রাঙ্গনে, ফলদ, বনজ ও ঔষধি গাছের চারা রোপন করা হয়। বৃক্ষরোপন কর্মসূচিতে আঞ্চলিক কমিশনার বাবলী পুরকায়স্থ, স্থানীয় কমিশনার সিদ্দিকা খাতুন এবং আঞ্চলিক কার্যনির্বাহি কমিটির সদস্যগণ অংশগ্রহন করেন।

১ সেপ্টেম্বর পলিটেকনিক ইনস্টিটিউট সিলেট প্রাঙ্গনে, ফলদ, বনজ ও ঔষধি গাছের চারা রোপন করা হয়। কর্মসূচিতে আঞ্চলিক কমিশনার বাবলী পুরকায়স্থ, স্থানীয় কমিশনার সিদ্দিকা খাতুন এবং আঞ্চলিক কার্যনির্বাহি কমিটির সদস্যগণ অংশগ্রহন করেন। এ সময় উপস্থিত ছিলেন পলিটেকনিক ইনস্টিটিউট এর অধ্যক্ষ সহ শিক্ষকবৃন্দ সুনামগঞ্জ জেলা

১২ সেপ্টেম্বর সুনামগঞ্জ বালিকা উচ্চ বিদ্যালয় প্রাঙ্গনে, ফলদ, বনজ ও ঔষধি গাছের চারা রোপন করা হয়। বৃক্ষরোপন কর্মসূচিতে জেলা কমিশনার নাসিমা রহমান সহ জেলা কমিটির সদস্যগণ উপস্থিত ছিলেন।

**মৌলভীবাজার জেলা ঃ** ২২ সেপ্টেম্বর মৌলভীবাজার জেলার জুড়ী উপজেলায় গাইড ও হলদে পাখিদের নিয়ে স্মারক বৃক্ষরোপন কর্মসূচি পালন করা হয়।

**পরিষ্কার পরিচ্ছন্নতা কর্মসূচি, সুনামগঞ্জ ঃ** ১৭ সেপ্টেম্বর সুনামগঞ্জ বালিকা উচ্চ বিদ্যালয় প্রাঙ্গনে, পরিষ্কার পরিচ্ছন্নতা মূলক কর্মসূচি করা হয়। কর্মসূচিতে সুনামগঞ্জ জেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান হতে গাইড, রেঞ্জার, হলদে পাখিরা অংশগ্রহন করেন। এছাড়া জেলা কমিশনার নাসিমা রহমান এবং জেলা কমিটির সদস্যগণ অংশগ্রহন করেন।

**আঞ্চলিক কমিটির সভা ঃ** ১১ সেপ্টেম্বর সিলেট আঞ্চলিক কার্যালয়ে আঞ্চলিক কমিটির এক সভা অনুষ্টিত হয়। সভায় আঞ্চলিক কমিশনার বাবলী পুরকায়স্থ সহ ২১জন সদস্য অংশগ্রহন করেন। জাতীয় কার্যালয় হতে প্রাপ্ত চিঠির প্রেক্ষিতে জেলা ও স্থানীয় কমিটি গঠন ও পুনঃ গঠন বিষয় নিয়ে আলোচনা হয়।

**ডায়াবেটিস ও উচ্চ রক্তচাপ বিষয়ক সমীক্ষা**

**হবিগঞ্জ ঃ** ৩ সেপ্টেম্বর জাতীয় কার্যালয়ের নির্দেশে ডায়াবেটিস এসোসিয়েশন ও স্বাস্থ মন্ত্রণালয় এর সহযোগিতায় কিশোর ও তরুণদের মাঝে ডায়বেটিস ও উচ্চ রক্তচাপ নির্ণয় বৈজ্ঞানিক সমীক্ষা অনুষ্টিত হয় হবিগঞ্জ ডায়াবেটিস হাসপাতাল প্রাঙ্গনে। কর্মসূচিতে ৫০ জন গাইড ও সিলেট অঞ্চল হতে ৭ জন আঞ্চলিক কমিটির সদস্যা সহ আঞ্চলিক কমিশনার, জেলা কমিশনার ও জেলা সেক্রেটারী অংশগ্রহন করেন।

**লাখাই উপজেলা ঃ** ৪ সেপ্টেম্বর হবিগঞ্জ জেলার লাখাই উপজেলায় কিশোর ও তরুণদের মাঝে ডায়বেটিস ও উচ্চ রক্তচাপ নির্ণয় বৈজ্ঞানিক সমীক্ষা অনুষ্ঠিত হয় লাখাই উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে। অনুষ্ঠানে ৪০ জন ছাত্রী, জেলা কমিশনার নাছিমা আক্তার এবং জেলা সচিব পুর্নিমা রানী দাস তালুকদার অংশগ্রহন করেন।

**মাস্ক বিতরণ ও স্বাস্থ্য সুরক্ষা কর্মসূচি ঃ** জাতীয় কার্যালয়ের মৌখিক নির্দেশের প্রেক্ষিতে সিলেট অঞ্চলের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে স্বাস্থ্য সচেতনতা ও মাস্ক বিতরণ কর্মসূচি ১৪ সেপ্টেম্বর অনুষ্ঠিত হয়।









# চিত্রে সিলেট অঞ্চলের কার্যক্রম


















## চিত্রে সিলেট অঞ্চলের কার্যক্রম






















**বিশ্ব শিশু দিবস উদযাপন ঃ** ৪ অক্টোবর ২০২১ বিশ্ব শিশু দিবস উদযাপন উপলক্ষে সিলেট গাইড হাউজ প্রাঙ্গনে হলদেপাখি, গাইডদের নিয়ে চিত্রাংকন, রচনা প্রতিযোগিতা ও কবিতা আবৃত্তির মাধ্যমে বিশ্ব শিশু দিবস পালন করা হয়।

**আঞ্চলিক পরিষদ অধিবেশন ঃ** ৮ অক্টোবর, ২০২১ সিলেটে অঞ্চলের আঞ্চলিক পরিষদ অধিবেশন অনুষ্ঠিত হয় নাজিমগড় রিসোর্ট সিলেট প্রাঙ্গনে। উক্ত অধিবেশনে সিলেট অঞ্চলের ৪টি জেলা হতে ২০০ জন গাইড সদস্যা অংশগ্রহন করেন। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কাজী জেবুন্নেছা বেগম, জাতীয় কমিশনার বাংলাদেশ গার্ল গাইডস এসোসিয়েশন ও অতিরিক্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়। বিশেষ অতিথি ছিলেন জনাব এম কাজী এমদাদুল ইসলাম, জেলা প্রশাসক, সিলেট জেল। এছাড়া সিলেট জেলার সিভিল সার্জন উপস্থিত ছিলেন।






**Free Being Me প্রকল্প কর্মসূচী ঃ ১৭ ও ১৮ নভেম্বর-২০২১** সিলেট অঞ্চলে Free Being Me প্রকল্প বাস্তবায়নের জন্য ১৭ নভেম্বর বাংলাদেশ ব্যাংক স্কুল সিলেট এর ৫০ জন এবং ১৮ নভেম্বর ২০২১ লতিফা শফি চৌধুরী মহিলা কলেজ এর ১৩৩ জনকে প্রশিক্ষণ প্রদান করা হয়।

প্রশিক্ষণ কর্মসূচীতে ফ্যাসিলেটর হিসেবে আন্তর্জাতিক কমিটির সদস্য মহসিনা আশরাফ এবং রেঞ্জার ফাজরিয়া মান্নান ইরা প্রশিক্ষনে সহযোগিতা করেন। এ ছাড়া প্রকল্প কর্মকর্তা হাফিজুল ইসলাম উপস্থিত ছিলেন।



করোনা ভাইরাস থেকে নিজেকে রক্ষা করতে হলে বাইরে যাওয়ার সময় অবশ্যই মাস্ক ব্যবহার করুন ও অন্যকেও মাস্ক ব্যবহার করতে উৎসাহিত করুন।

ডেঙ্গু থেকে বাঁচার উপায়, বাড়ির আঙ্গিনায় বৃষ্টির পানি জমতে দেয়া যাবেনা, নিয়মিত টবের পানি ফেলে পরিষ্কার করা। সচেতনতা বৃদ্ধি করা। আসুন ডেঙ্গু থেকে বাঁচতে আমরা নিজেরা সচেতন হই, অন্যকেও উৎসাহিত করি।






**Free Being Me** প্রকল্প কর্মসূচীতে প্রশিক্ষক ও অংশগ্রহণকারীবৃন্দ

**মহান বিজয় দিবস উদযাপন-২০২১ ঃ** ১৬ ডিসেম্বর সিলেট জেলা প্রশাসক কর্তৃক আয়োজিত সিলেট জেলা স্টেডিয়ামে অনুষ্ঠিত কুচকাওয়াজ এ সিলেট জেলার সরকারি অগ্রগামী বালিকা উচ্চ বিদ্যালয় ও কলেজ, পুলিশ লাইন উচ্চ বিদ্যালয়, এবং কাজী জালাল উদ্দিন বালিকা উচ্চ বিদ্যালয়ের গাইডরা অংশগ্রহন করেন। যথাক্রমে মৌলভীবাজার জেলা, সুনামগঞ্জ জেলা ও হবিগঞ্জ জেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের হলদেপাখি, গাইড ও রেঞ্জারগণ স্বতস্ফুর্ত ভাবে অংশগ্রহন করেন। ১৬ ই ডিসেম্বর সিলেট অঞ্চল হতে সিলেট কেন্দ্রিয় শহীদ মিনারে পুষ্পস্তবক অর্পন করা হয়।

**মহান বিজয় দিবস ও মুজিব শতবর্ষ উদযাপন ঃ** ২৩ ডিসেম্বর, ২০২১ সিলেট জেলার সকল শিক্ষা প্রতিষ্ঠানের গাইড সদস্যাদের নিয়ে কবি নজরুল ইসলাম অডিটোরিয়ামের মুক্ত মঞ্চে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্ম শতবর্ষ উদযাপন উপলক্ষে এক মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন মুক্তিযোদ্ধা সংগঠক সাবেক সংসদ সদস্য সিলেট জেবুন্নেছা হক। বিশেষ অতিথি ছিলেন জনাব আতাউর রহমান পীর, সাবেক অধ্যক্ষ মদন মোহন কলেজ, সিলেট এবং সিলেট বিভাগের রোটারিয়ান চেয়ারম্যান। প্রদীপ প্রজ্বলনের মাধ্যমে অনুষ্ঠানের সমাপ্তি করা হয়।





# শোক বার্তা

- গভীর দু:খের সাথে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশন, কুমিল্লা অঞ্চলের আঞ্চলিক সেক্রেটারী নাজমা খানম এর স্বামী জনাব মো ঃ জাকির হোসেন সেলিম, চেয়ারম্যান, রোজ গার্ডেন ইন্টারন্যাশনাল স্কুল করোনা ভাইরাসে আক্রান্ত হয়ে ৮ মে, ২০২১ কুমিল্লা মেডিকেল কলেজ হাসপাতালে ইন্তেকাল করেন। (ইন্নালিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)।

- গভীর দু:খের সাথে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশনের জাতীয় কার্যনির্বাহী কমিটির সদস্য ডা. মারিয়া ইয়াসমিন-এর মাতা বেগম নুরুন্নেসা ৫ সেপ্টেম্বর, ২০২১, রবিবার খুলনা জেলায় নিজ বাস ভবনে ইন্তেকাল করেন। (ইন্নালিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)।

- গভীর দুঃখের সাথে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশনের রাজধানী অঞ্চলের রমনা জেলার জেলা গাইড সেক্রেটারি ও জাতীয় কার্যালয়ের বিভিন্ন সাব কমিটির সদস্য নাজনীন কবির চৌধুরীর মাতা বেগম নুরজাহান বেগম চৌধুরী ১১ অক্টোবর, ২০২১ সোমবার মস্তিষ্কে রক্তক্ষরণ হয়ে ঢাকায় ইন্তেকাল করেন। (ইন্নালিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)।


- গভীর দুঃখের সাথে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশনের জাতীয় কার্যনির্বাহী কমিটির সম্মানিত সদস্য, জনসংযোগ ও প্রচার কমিশনার খন্দকার আফরোজা বেগম পলিন ১২ ডিসেম্বর, ২০২১ রবিবার ঢাকার বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল কলেজ হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় ইন্তেকাল করেন। (ইন্নালিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)।

খন্দকার আফরোজা বেগম পলিন বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশনের একজন সদা হাস্যেজ্জল ও নিবেদিতপ্রাণ কর্মী ছিলেন। তিনি এসোসিয়েশনের বিভিন্ন পদে থেকে এসোসিয়েশনের সার্বিক উন্নয়নের জন্য সর্বদা একনিষ্ঠভাবে কাজ করে গেছেন। গাইডিং-এর সাথে সম্পৃক্ত থেকে সততার সাথে কর্মরত অবস্থায় গার্ল গাইডের বিভিন্ন কার্যক্রমকে এগিয়ে নিয়ে যাওয়ার জন্য অগ্রণী ভূমিকা রেখেছেন। এসোসিয়েশনে তাঁর অবদান স্মরণীয় হয়ে থাকবে।

খন্দকার আফরোজা বেগম পলিন-এর মৃত্যুতে পরিবারের মাঝে যে শূন্যতার সৃষ্টি হয়েছে তা অপূরণীয়। মহান সৃষ্টিকর্তার কাছে এই প্রার্থনা তিনি যেন পরিবারের সদস্যদের শোক সহ্য করার শক্তি দেন।


বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশনের সর্বস্তরের গাইড সদস্য খন্দকার আফরোজা বেগম পলিন-এর মৃত্যুতে গভীর শোক প্রকাশ করছে। মরহুমের শোক সন্তপ্ত পরিবারের প্রতি সমবেদনা জানিয়ে মহান আল্লাহ পাক যাতে তাঁকে বেহেশতবাসী করেন এই প্রার্থনা করে তাঁর বিদেহী আত্মার শান্তি ও মাগফেরাত কামনা করছি।

---





'আর যে আল্লাহকে ভয় করে, আল্লাহ তার জন্যে নিষ্কৃতির পথ করে দেবেন।'

আল কোরআন-





'যে ব্যক্তি শোয়ার সময় আয়াতুল কুরসী পড়বে, শয়তান সারারাত তার কাছে যাবে না'।

হযরত মুহাম্মদ (স:) বুখারি-২৩১১





'যাঁরা দুনিয়ার বিনিময়ে আখিরাত ক্রয় করে, তারা যেন আল্লাহর পথে সংগ্রাম করে, এবং যে আল্লাহর পথে যুদ্ধ করে অত:পর নিহত অথবা বিজয়ী হয়, তাহলে আমি তাকে মহান প্রতিদান প্রদান করবো'।

সূরা আন নিসা-৭৪




'তোমরাই হলে সর্বোত্তম উম্মত। মানব জাতির কল্যাণের জন্যই তোমাদের উদ্ভব ঘটানো হয়েছে'।

সূরা ইমরান-




'কারো প্রতি বাড়াবাড়ি করোনা। নিশ্চই আল্লাহ সীমালঙ্ঘনকারীদেরকে পছন্দ করেননা'।

সূরা আল বাকারা -১৯০

# কোভিড -১৯ এ বিপর্যস্ত নারী ও এর প্রতিরোধ

**প্রফেসর ড. ইয়াসমিন আহমেদ**
ডেপুটি জাতীয় কমিশনার (প্রোগ্রাম)
বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশন
ও
অধ্যক্ষ, ইডেন মহিলা কলেজ (অবঃ)

অনেকদিন থেকে লিখবো লিখবো করেও লেখাটি শুরু করতে পারছিলাম না। যখনই লিখতে বসেছি একরাশ দুঃখ, শোক, প্রিয়জনদের হারানোর কষ্ট, ব্যাথা আমাকে মানসিক ভাবে জড় পদার্থে পরিণত করে ফেলেছে। কোন ভাবেই কাগজ, কলম ও চিন্তাধারাকে একত্রে মিলাতে পারছিলাম না। আমার আপনজন প্রকাশনা কমিশনার শাহ্নাজ মালিক আহমেদ উনি বারবার লেখা সম্পর্কে জানতে চান বলে নিজের ভিতরে তাগিদ পেলাম, আর নয় এবার লিখতে হবে।

কভিড-১৯ নাড়িয়ে দিয়েছে সমস্ত বিশ্বকে - ইতোমধ্যে ৪৮ লাখের উপরে মৃতের সংখ্যা গিয়ে দাঁড়িয়েছে। যার মধ্যে ২৭ হাজারের কিছু বেশি লোক রয়েছে বাংলাদেশের। যে মুহূর্তে আমরা ভাবছিলাম এগিয়ে যাবে দেশ, এগিয়ে যাবো আমরা, এগিয়ে যাবে আমাদের নারীরা, ঠিক সেই মুহূর্তে করোনার মহামারী বা অতিমারী আমাদেরকে বিপর্যস্ত করে ফেলেছে।

২০২০ সালের মার্চ মাস থেকে শুরু হলেও সেপ্টেম্বর নাগাদ আমরা করোনার হিংস্রতাকে কমিয়ে আনতে পেরেছিলাম কিন্তু ফেব্রুয়ারি ২০২১ থেকে কভিড-১৯ এর দ্বিতীয় ঢেউ কেড়ে নিয়েছে আমাদের কর্মজীবন, এগিয়ে যাবার স্পৃহা। আমাদের নারীদের এ প্রাদুর্ভাব এর সময় কিভাবে কাটছে দিন?

বিস্তারিত আলোচনায় আসা যাক- কভিড -১৯ এ আমাদের নারীদের অবস্থান-

প্রথমেই আলোচনায় আনতে চাই নারী গৃহকর্মীদের অবস্থান নিয়ে। গবেষণায় দেখা গেছে ঢাকা ও অন্যান্য শহরের ৫৪ শতাংশ এর বেশি নারী গৃহকর্মী বেকার হয়ে পরেছেন। কাজ হারানো এই সমস্ত গৃহকর্মীর অধিকাংশই হয় খন্ডকালীন গৃহকর্মী বা ‘ছুটা বুয়া’। কাজ হারানো এসব নারীর মধ্যে ৫ শতাংশ বিকল্প পেশায় কাজ পেয়েছেন। বাকী সবাই আজ বেকার জীবন যাপন করছেন। নারীর জন্য আরেকটি স্বাচ্ছন্দ্যের কর্মস্থল ছিল বিউটি পার্লার। কিন্তু করোনার কারণে পার্লারগুলো বন্ধ হয়ে যাওয়ায় অনেক নারী পার্লার হতে ছাটাই হয়ে বেকার হয়ে পড়েছেন।

করোনাকালে অর্থনীতি হয়েছে বিধ্বস্ত। বিশেষত নিম্ন আয়ের মানুষ বিপর্যয়ের সম্মুখীন হয়েছে। আর এ প্রভাব পরেছে বাল্য বিবাহের মত একটি নেগেটিভ বিষয়ে। শিক্ষা প্রতিষ্ঠান প্রায় বছর দেড়েকের মত সময় ধরে বন্ধ থাকায়, মেয়েরা অনেকটা গৃহবন্দী হয়ে পরেছে। এমতাবস্থায় নিম্ন আয়ের অভিভাবক বাল্যবিবাহের দিকে ঝুঁকে পড়েছেন।

যে সমস্ত কারণগুলো বাল্যবিবাহের পিছনে রয়েছে তার মধ্যে উল্লেখযোগ্য হলো বেকারত্ব বৃদ্ধি, মেয়ে ঘরে নিরাপদ নয়, বাল্য বিবাহের মাধ্যমে কিছু সুবিধা পাবার আশা, কম পরিমাণ যৌতুক দেওয়ার সম্ভাবনা এবং শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ থাকা।

আমার মনে হয় করোনাকালে বেড়েছে নারী নির্যাতনও। নারী যখন তার কর্ম হারিয়েছে, তখন থেকে তার উপর নানা রকম অত্যাচার করতে শুরু করেছে তার স্বামী কিংবা শ্বশুড়, শাশুড়ী বা দেবর। সব সময় যে শারিরীক নির্যাতন হয়েছে তা নয় চরমভাবে মানসিক ভাবেও নারীরা নির্যাতনের শিকার হচ্ছে। স্বাভাবিকভাবেই নারীর আত্মহত্যার প্রবনতা বৃদ্ধি পেয়েছে।

জীবিকা ফিরে পাওয়া নির্ভর করে কাজের ধরনের উপর। গতবছর করোনাকালীন সময়ে রিক্সা চালকদের কাজ বন্ধ হয়ে গিয়েছিল তারপর অনেকেই কাজে ফিরে এসেছে কিন্তু রিক্সাচালক নারী কই? নারী এক্ষেত্রেও অসহায়।

আবার ধরুন বেসরকারি খাতে অনেক নারী নানা ধরনের চাকরি করতেন। তারাও ক্ষতিগ্রস্ত হয়েছেন। যেমন বেসরকারি শিক্ষাখাতে অনেক নারী নিয়োজিত ছিলেন। বেসরকারি অনেক কিন্ডার গার্টেন, প্রাথমিক স্কুলগুলো বেতন দিতে পারছে না। কিছু শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ হয়ে গেছে। এই ক্ষতিগ্রস্থের মধ্যে একটি বড় অংশ হচ্ছে নারী।

বিপর্যস্ত আরেকটি ক্ষেত্র হচ্ছে কুঁটির, ক্ষুদ্র ও মাঝারি শিল্প। এ সব ক্ষেত্রে নারী উদ্যোক্তারা কিছুটা হয়তো ঘুরে দাঁড়াতে চেষ্টা করছে, কিন্তু অধিকাংশরই অবস্থা নড়বড়ে আর এগুলোতে মূলত নারীর উপস্থিতি বেশি। সরকার যদিও কিছু প্রনোদনা বরাদ্দ করেছেন তা বিতরনের ভার দিয়েছে ব্যাংক গুলোকে। ফলে নারী উদ্যেক্তা অজ্ঞতার কারণে ব্যাংকে যোগাযোগ করতে পারেনি ফলে প্রনোদনার সুবিধা বঞ্চিত হয়েছে।

নারীর জন্য আরেকটি সমস্যা আয় কমে যাওয়ায় স্বল্প আয়ে বাজেট ঠিক রাখা যাচ্ছে না। সংসার চালানো ভিষণ রকম কঠিন হয়ে পরেছে, বিশেষ করে সংসার যার বড় তার জন্য অনাহার, অর্ধাহার অর্থাৎ কোনরকম বেঁচে থাকা। উপরোক্ত কভিডকালীন সময়ে সন্তান জন্মের হার বেড়ে গেছে অনেক। তার উপর রয়েছে শিক্ষা প্রতিষ্ঠানে অধ্যায়নরত ছেলে মেয়ের বেতন, অসুস্থতার চিকিৎসা, যাতায়াত খরচ ইত্যাদি।

তবে এতক্ষণ নারীর শুধু হতাশা বা বিপর্যয়ের কথাই বলেছি কিন্তু নারীর কিছু আশার গল্প রয়েছে। যেমন পোষাক শিল্পে করোনা কালিন সময়েও অনেক নারী কাজ করে যাচ্ছে। এটা সম্ভব হয়েছে তাদের কাজের অভিজ্ঞতা আছে বলে। সুতারাং যার যে ক্ষেত্রে অভিজ্ঞতা আছে তাকে পুঁজি করে নতুন বিকল্প

কাজ খুঁজে নিতে হবে। নানামুখী বিপর্যয় এর মধ্যে ও শুধু মাত্র ইতিবাচক মনোভাব নিয়ে ঘুরে দাঁড়িয়েছে অনেক নারী। "দৈনিক প্রথম আলো" পত্রিকায় একজন নারী একটি সাক্ষাতকারে বলেছেন, "করোনা শুরুর মাত্র ৪ মাস আগে আমার স্বামী মারা যান। অনেক ভেঙ্গে পরেছিলাম পরে ছেলের মুখের দিকে তাকিয়ে ঘুড়ে দাঁড়ানোর চেষ্ঠা করি। নিজের ব্যক্তিগত অভিজ্ঞতা থেকে বুঝতে পারি করোনায় ঘুরে দাঁড়াতে হলে ইতিবাচক মনোভাব নিয়ে শক্ত হতে হবে। এটাই হবে লড়াই এর প্রধান শক্তি"।

আমাদের মনে রাখতে হবে আমি একাই শুধু নারী নই আমার মত অনেক নারী রয়েছে এই দূর্যোগকালে। এই গানটি মনে রাখুন "আমরা করবো জয় একদিন, ওহো বুকের ভিতরে আমরা জেনেছি আমরা করবো জয় একদিন"।

ঘরে থাকা মানেই গৃহবন্দী নয়, সবার সাথে ঘনিষ্ট হয়ে সময় কাটানো যায়, শারিরীক ব্যায়াম করে স্বাস্থ্য ঠিকা রাখা যায়। ব্যাস্ততার কারণে যে কাজগুলো করতে পারছিলেন না সেগুলো করুন কিংবা ছেলে-মেয়েকে অনেক বেশি সময় দিন, তাদের বন্ধু হয়ে উঠুন।

তবে আমি পাশাপাশি অর্থনৈতিক দিকটির দিকে দৃষ্টি দিতে চাই যেমন দুঃখজনক হলেও সত্য "নুতন দরিদ্র" হওয়া নারীদের জন্য পুঁজি পাওয়ার নীতিমালা আরো সহজ করতে পারলে ভাল হয়। এতে নারীরা আবার কুঁটির শিল্প কিংবা ক্ষুদ্র ব্যবসা শুরু করতে পারবে।

অবশ্যই মাস্ক পড়ে বের হতে হবে। সামাজিক বিধি নিষেধ মেনে দুরত্ব মেনে চলতে হবে। বারবার হাত সেনিটাইজার দিয়ে কিংবা সাবান দিয়ে ধুয়ে ফেলবেন। এত নিজে নিরাপদ থাকবেন; বাকিদের নিরাপদ রাখবেন।

আলোচনা শেষে বলতে চাই, করোনার থাবা এই অদেখা শত্রু নাড়িয়ে দিয়ে গেছে সমস্ত বিশ্বকে। তাই যে কোন সমস্যায় ভয়ে পিছিয়ে না গিয়ে সাহসের সঙ্গে মোকাবেলা করতে হবে। কারণ দুশ্চিন্তা বেশি হলে ঘিরে ধরে হতাশা ও ভয়। নিজেকে তখন অসহায় মনে হবে। তাই আসুন আমরা নারীরা এ বিপদ থেকেও উদ্ধার পাবো মনের জোড়ে, নিজের জ্ঞান বৃদ্ধি ও অভিজ্ঞতা দিয়ে। আল্লাহ আমাদের সহায় হউন।









নেট থেকে সংগৃহীত

# NOTHING IS LOST

Shahnaz Malik Ahmed
Publication Commissioner
Bangladesh Girl Guides Association

Yes, nothing is lost! One may be pondering about the title of this article but let me explain!

The 22nd International Adventure Programme of the Bharat Scouts & Guides took place at National Adventure Institute, Pachmarhi, Madhya Pradesh, India from 02 February 2020 to 08 February 2020. This adventure programme takes place for the Scouts/Guides and the Adult Leaders who are between the ages of 18 to 45 and are physically and mentally able to trek 16-20 kilometres per day.

Some of the adventures included Rock climbing, Rappelling, Trekking, Valley Crossing, Horse Riding, Rifle/Pistol Shooting, Archery, Survival Aptitudes, Zip Line, Para Cruising, Hot Air Ballooning, Sky Cycling and numerous challenging and thrilling activities which were all packed into the 7-day adventure camp.

Like previous years, the Bharat Scouts & Guides welcomed the Bangladesh Girl Guides Association to take part in the International Adventure Programme. However, what was different about this year was that, they welcomed the Seniors (Us!), as Observers and it was possible only due to our National Commissioner, Ms. Kazi Zebun Nessa Begum, requesting Mr. Raj Kumar Kaushik, Director, the Bharat Scouts & Guides and Mr. Kaushik's welcoming us.



A team of eight Rangers, eight Ranger Guiders, Ms. Nurjahan Ara Begum, Guide Commissioner and I, Shahnaz Malik Ahmed, Publication Commissioner, represented Bangladesh Girl Guides Association to take part in the 22nd International Adventure Programme of the Bharat Scouts & Guides. The entire team except me left Dhaka on 29 January 2020 by Maitree Express and reached Pachmarhi on 02 February early morning via Kolkata. As I had some pressing personal matters, I was able to leave the station on 01 February 2020 and reached Pachmarhi via Delhi and Bhopal on 02 February at 0300hrs to join the team.

The scenic 4/5 hours' drive from Bhopal to Pachmarhi is another interesting story that I shall share some other day!

The 22nd International Adventure Camp was graced by a total of 688 Indians and 69 foreign participants from Bangladesh, Kenya and Nepal. It was an opportunity for me to experience and appreciate the adventures and activities such as Rock Climbing, Valley Crossing, Zip Line, Sky Cycling, Hot Air Ballooning and numerous other challenging and exciting exercises, which I would have never imagined participating in my senior years! I want to take a moment to acknowledge and thank the Bharat Scouts & Guides once again.

Coming back to the title of this article, "Nothing is Lost". One of our activities was trekking to the Bee Fall and it was a total of a twelve-kilometre trek out of which six- kilometre were inside the forest. For me, doing a six kilometre trek in the forest was

an unimaginable task and as observers we were at our liberty to select programmes. I availed the opportunity and without much hesitation, before leaving our campsite, I duly informed our instructor Bilkish Sheikh that I would like to trek half of it (i.e. six kilometres). Accordingly, before entering the forest Bilkish instructed a young volunteer to guide me back to our campsite at the National Adventure Institute, upon completing six kilometres.

With Nur Jahan Ara Begum & Dignitary From Napal



While the volunteer and I were waiting for the group to enter the forest, I overheard him telling someone over the phone that, he would not be going to the Bee Fall as he has to accompany a participant (me!) from Bangladesh, back to the National Adventure Institute. After conversing with him, I came to know that, he hails from a village in Uttar Pradesh and that, this was his first trip to an adventure programme, as a volunteer. He also shared with me that his sister, back in the village who is a student of class nine, had requested him to show her the Bee Fall, live on video. Hearing this, I told him that, he should continue the trek to the Bee Fall for his sister's sake and any other volunteer could accompany me back. However, without any hesitation, his reply was "No ma'am, Bilkishji ne bola hai", meaning "No mam, Bilkish mam has asked me to do so".



This is me !
I have done it

I was utterly amazed at the discipline and commitment of the boy who grew up in a village! He knew that he had to obey orders, no questions asked. That is when I truly realized how guiding/scouting shapes a person's thoughts and behaviour and brings about a sense of commitment and responsibility. It was an eye-opening incident for me and I was happy to be proven wrong about the millennial generation, about how they always look for shortcuts, about how they do not listen to seniors or obey their orders, about the loss of respect they have for Seniors.

I was wrong, indeed, nothing is lost!

# মুজিববর্ষ ও আমাদের সাফল্য

**রওশন আরা খান**
আঞ্চলিক কমিশনার, ময়মনসিংহ অঞ্চল
বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশন

খুব ছোটবেলায় যখন স্কুলেও ভর্তি হয়নি তখন বন্ধুদের নিয়ে দলবেঁধে বাড়ির আশে পাশে ঘুরে বেড়াতাম । আকাশের সাদা সাদা তুলোট মেঘগুলোকে মনে হতো আমাদের পূর্ব পুরুষেরা মৃত্যুর পর ঘুরে বেড়াচ্ছেন এবং আমাদের দেখছেন। বন্ধুদের সতর্ক করে দিতাম খারাপ কাজ করবি না, কেননা আকাশ থেকে ঐ মেঘগুলো আমাদেরকে দেখছে। আবার বৃষ্টি হলে বাড়ির উঠোনে জমে থাকা পানির দিকে তাকালে মনে হতো পুরো আকাশটা উপোড় হয়ে পাতালপুরী হয়ে গিয়েছে। অবাক দৃষ্টি মেলে চেয়ে থাকতাম পাতলপুরীর দিকে । রাক্ষস কুক্ষসের গল্প মনে পড়তো। আর এ পানিতে কাগজের নৌকা বানিয়ে ভাসিয়ে দিতাম । নৌকা বাতাসে হেলে দুলে চলত। আর কি আনন্দই না পেতাম । আজ সে আনন্দই বা কোথায়? কোথায় যেন হারিয়ে গেল আমাদের সে দিনগুলো । আজ খবরের পাতা উল্টালেই চোখে পড়ে নানা বিভৎস চিত্র । স্বামীর হাতে স্ত্রী খুন, পিতা বা মাতার হাতে সন্তানের খুন, সামান্য স্বার্থকে কেন্দ্র করে বোনের হাতে ভাই, বোন, মা-বাবা খুন। ভাবাই যায় না, এমন সব বিভৎস কাহিনী শুনে আমাদের সন্তানেরা বড় হচ্ছে। ওদের নেই কোন ছেলেবেলা বা ছোটবেলা। কোচিং, প্রাইভেট নিয়ে ওদের জীবন। তাঁর মাঝে করোনা মহামারী ওদের জীবনকে আরও বিষিয়ে তুলছে। এভাবে চলতে থাকলে একসময় আমরা কোথায় হারিয়ে যাব জানি না । এরি মাঝে খবরের কাগজটি হাতে নিয়ে আমি খুঁজি কোন সফলতার গল্প। খুব একটা পাই না। মনটা বিষিয়ে উঠে । তাই বলে কি আমাদের সফলতা নেই ? আমাদের তো আছে হাজার বছরের শ্রেষ্ঠ বাঙ্গালী, ক্ষুদিরামের মতো দেশপ্রেমিক, ফরাজের মতো বন্ধু, আছে ৭১- এর হাজারো সফলতার গল্প, আছে ৫২-র ভাষা আন্দোলন; কি নেই আমাদের ? আমরা যদি খবরের কাগজে ব্যর্থতার আড়ালে থাকা সফলতাগুলো সামনে নিয়ে আসি সূর্য কি হাসবে না ? চাঁদ কি ভালবেসে আলীঙ্গন করবে না কোমল, স্নিগ্ধ প্রকৃতিকে ? তাহলে একটু ঘুরে দাঁড়াই, পিছনে ফিরে তাকাই । প্রথমেই যাঁর নামটি মনে পড়ে তিনি বাঙ্গালীর গর্ব ও অহংকারের নাম বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান। তিনি শুধু আমাদের জাতির পিতাই নন, তিনি এক বিশ্ববরেন্যে নেতা। বহতা পদ্মা, মেঘনা, সুরমা, যমুনার পরতে পরতে তাঁরই নাম। তিনি বাঙ্গালীর আত্মার বন্ধনে আত্মীয় । তাই এদেশের রক্ত ভেজা মাটির সোদা গন্ধে মিশে আছে তাঁরই অস্থিত্ব। তাই এদেশের সফলতা মানে মুজিব। আরও একটু পরিষ্কার করে বলতে গেলে বলতে হয় "মুজিব মানে বাংলাদেশ, বাংলাদেশ মানে মুজিব।" এ চেতনাকে মনন ও মগজে ধারণ করে বাংলাদেশ আজ উন্নয়নশীল দেশ থেকে উন্নত দেশের স্বপ্নে বিভোর। আর এ স্বপ্নদ্রষ্ঠা, প্রবাদ পুরুষ, হাজার বৎসরের শ্রেষ্ঠবাঙ্গালী জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান। আর তাঁর স্বপ্নকে যিনি লালন করেছেন প্রতিটা বাঙ্গালীর মননে স্বপ্নের জোয়ার বয়ে দিচ্ছেন তিনি আর কেউ নন, তাঁরই সুযোগ্য কন্যা মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা। 'স্বপ্ন' সবাই দেখতে পারে না এবং দেখাতেও পারে না । সেজন্য থাকা চাই সুশিক্ষা, সততা, দেশপ্রেম ও মানব প্রেম। এর যে কোন একটির অভাব ঘটলেই মানব জীবন বৃথা মনে হয়। আর একজন নেতার মাঝে এ গুনগুলো বিদ্যমান থাকলে সাফল্য তাকে চরম শিখরে নিয়ে যাবেই। বঙ্গবন্ধুর মাঝে এ গুনগুলো ছিল পরিপূর্ণভাবে। তারই আদর্শের পথ ধরে তারই সুযোগ্য কন্যা আলোকবর্তিকার ন্যায় জাতিকে নিয়ে যাবেন ভিশন ২০৪১ এর স্বপ্নচূড়ায়। তারই সফলতার কিয়দংশ এখানে তুলে ধরার দায় মনে করছি । বিশেষ করে বিগত কয়েক বৎসরের শিক্ষা, স্বাস্থ্য, যোগাযোগ , অবকাঠামো উন্নয়ন, সুনীল অর্থনীতি, কৃষি, পর্যটন শিল্পের অভাবনীয় সফলতার কথা না বললেই নয়।

- ২০৪১ সালের মধ্যে বাংলাদেশকে একটি উন্নত রাষ্ট্রে উন্নীত করতে সরকার দৃঢ় প্রত্যয়ে কাজ করে যাচ্ছে। এ লক্ষ্য অর্জনের অন্যতম মাধ্যম মানসম্মত শিক্ষা। আর এ মানসম্মত শিক্ষা অর্জনের লক্ষ্যে প্রথমেই যে কাজটি এ সরকার করেছে তা হচ্ছে একটি শিক্ষানীতি ২০১০ জাতিকে উপহার দিয়েছে যা বাস্তবায়িত হচ্ছে। তারই ধারাবাহিকতায় বিগত বৎসরগুলোতে ১ জানুয়ারী সকল প্রাথমিক ও মাধ্যমিক শিক্ষার্থীদের হাতে বিনামূলো পাঠ্যপুস্তক বিতরণ করা হয়, যা সর্বজনীন বই উৎসবে পরিণত হয়। করোনার কারণে শিক্ষাক্ষেত্রে আমাদের ক্ষতি হলেও তা কাটিয়ে উঠার জন্য প্রয়োজনে বাড়ি বাড়ি গিয়ে শিক্ষার্থীদের হাতে বই পৌছি দেয়া হয়।
- বেসরকারি শিক্ষক/কর্মচারীদের অনলাইনে শতভাগ এম. পি ও প্রদান করা হচ্ছে।
- শ্রেণীকার্যক্রমে তথ্য ও যোগাযোগ প্রযুক্তির ব্যবহার করে কার্যকর শিখন শেখানো পদ্ধতি ও কৌশল প্রয়োগে শিক্ষক / শিক্ষার্থীদের সক্ষম করে তোলার লক্ষ্যে সেসিপ "আইসিটি ফর পেডাগোজি" কার্যক্রম বাস্তবায়ন পদক্ষেপ গ্রহন করেছে।
- শিক্ষাক্রম বাস্তবায়ন' এর উপর শিক্ষকদের পর্যাপ্ত পরিমাণ প্রশিক্ষনের ব্যবস্থা করা হয়েছে।
- সৃজনশীল প্রশ্ন পদ্ধতি প্রণয়ন ও বাস্তবায়ন , জাতীয় শিক্ষা সপ্তাহ উদযাপন, সৃজনশীল মেধা অন্বেষণ, খেলাধূলা ও সাংস্কৃতিক উন্নয়নে বর্তমান সরকার গুরুত্বপূর্ণ অবদান রেখে চলছে।
- সরকার ডিজিটাল বাংলাদেশ গড়ার স্বপ্ন বাস্তবায়নের পদক্ষেপ হিসেবে -৫১২ টি মাধ্যমিক বিদ্যালয় এবং ১২৮ টি মাদ্রাসায় আইসিটি লার্নিং সেন্টার (ILC) স্থাপনের কাজ সম্পন্ন হয়েছে। এসব ILC তে প্রয়োজনীয় আসবাবপত্র, বৈদ্যুতিক ও ইলেকট্রিক যন্ত্রপাতিসহ প্রতিটিতে ২১ টি ল্যাপটপ সরবরাহ করার ব্যবস্থা করা হয়েছে।
- ৬টি মৌলিক বিষয় অর্থ্যাৎ বাংলা, ইংরেজী, গণিত, বিজ্ঞান, বাংলাদেশ ও বিশ্ব পরিচয়, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি এর ডিজিটাল কনটেন্ট প্রস্তুত করে ILC তে সরবরাহ করা হয়েছে।
- শিক্ষকদের অটিজম বিষয়ক এবং শ্রেণীকক্ষে ই লার্নিং মডিউল ব্যবহার বিষয়ক' প্রশিক্ষণ দেয়া হচ্ছে যা ২০৪১ বাস্তবায়নে গুরুত্বপূর্ণ অবদান রাখবে।
- শিক্ষক বাতায়ন সদস্যবৃদ্ধি, কিশোর বাতায়নসহ এ্যাম্বাসেডর মনোন্নয়নের মাধ্যমে রূপকল্প ২০২১, রূপকল্প ২০৪১ সফলভাবে অর্জিত হচ্ছে।

- করোনাকালীন ক্ষতি পুষিয়ে নেয়ার জন্য online ক্লাস, online পরিদর্শন অ্যাসাইনমেন্ট চালু রয়েছে।
- মহান মুক্তিযুদ্ধের চেতনা বাস্তবায়নের জন্য প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানে ' মুজিব কর্ণার স্থাপন' বঙ্গবন্ধু ও মুক্তিযুদ্ধকে জানি' প্রকল্প বাস্তবায়ন করা হচ্ছে।
- সরকার এবং বিশ্বখাদ্য কর্মসূচী যৌথভাবে স্কুল ফিডিং কর্মসূচী চালু করে যা বর্তমানে দেশের ১০৪টি উপজেলায় সম্প্রসারিত হয়েছে ।এ কর্মসূচীর আওতায় ৩২.৩৮ লাখ প্রাক- প্রাথমিক ও প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষর্থীদের উচ্চ প্রোটিন সমৃদ্ধ বিস্কিট সরবরাহ করা হচ্ছে।
- জাতীয় স্কুল মিল্ক নীতিমালা ২০১৯ প্রণয়ন করা হয়েছে, যার মাধ্যমে প্রাক -প্রাথমিক ও প্রাথমিক বিদ্যালয়ের গমনোপযোগি শিশুদের পুষ্ঠির মানোন্নয়নে অবদান রাখে।
- জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান যে স্বপ্ন নিয়ে হাওড় উন্নয়ন বোর্ড গঠনের নির্দেশ দিয়েছিলেন তারই ধারাবাহিকতায় হাওড় অঞ্চলের অধিবাসীদের উন্নয়নের জন্য হাওড় ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তর গঠন করা হয় এবং ২০ বছর মেয়াদি হাওড় মহাপরিকল্পনা প্রণয়ন করা হয়েছে এবং 'বাংলাদেশ ব-দ্বীপ পরিকল্পনা ২১০০' ইতোমধ্যে প্রণীত হয়েছে।
- বিগত কয়েক বৎসরে যোগাযোগ ব্যবস্থার বৈপ্লবিক পরিবর্তন হয়েছে। বিশেষ করে রেল, সড়ক, বিমানপথে উন্নয়নের মহাপরিকল্পনা জনসাধারণের কাছে দৃশ্যমান হচ্ছে। বিশেষকরে পদ্মা সেতু, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান টানেল ও মেট্টোরেলের কথা উল্লেখ না করলেই নয় যা আমাদেরকে রুপকথা ২০৪১ দ্রুত বাস্তবায়নে সহয়তা করবে।
- শিক্ষা ও স্বাস্থ্যখাতে অবকাঠামো উন্নয়ন চোখে পড়ার মতো। মডেল স্কুল/ কলেজ, মাদ্রাসা স্থাপন করা হচ্ছে যা আমাদেরকে স্বপ্নে বিভোর করে তুলে।
- প্রতিজেলা ও উপজেলায় একটি করে মডেল মসজিদ স্থাপনের প্রকল্প হাতে নেয়া হয়েছে । ইতোমধ্যে ৫০টি মডেল মসজিদ উদ্ধোধন করা হয়েছে যা ধর্মীয় দিক থেকে ইতিহাসে মাইলফলক হয়ে থাকবে।
- বিভিন্ন জেলা ও উপজেলায় চাহিদামত মন্দির ও সংস্কার করা হয়েছে।
- কুটির শিল্পের প্রতিও সরকারের সুনজর রয়েছে। বিশেষ করে নকশি কাঁথা, বাঁশবেতের কাজের প্রতিও সহজশর্তে ব্যাংক ঋণ দিচ্ছে।
- উন্নত বাংলাদেশ বিনির্মানের সোপান হিসেবে মাননীয় প্রধানমন্ত্রী সুনীল অর্থনীতির উপর জোর দেন। তারই প্রেক্ষাপটে ২০০৯ সালে সরকার গঠন করার পরপরই দীর্ঘ ৩৮ বছর ধরে ঝুলে থাকা ভারত ও মিয়ানমারের সংগে সমুদ্রসীমা নিয়ে বিরোধ নিস্পত্তি করেন এবং তাঁর সাহসী ও দূরদর্শী নেতৃত্বে সবমিলিয়ে প্রায় ১১৮৮১৩ বর্গকিলোমিটার সমুদ্রসীমার উপর বাংলাদেশের একচ্ছত্র মালিকানা, ২০০ নটিক্যাল মাইল একচেটিয়া অর্থনৈতিক অঞ্চল এবং ৩৫৪ নটিক্যাল মাইল মহীসোপানের তলদেশে অবস্থিত সবধরণের প্রানিজ ও অপ্রানিজ সম্পদের উপর সার্বভৌম অধিকার প্রতিষ্ঠা পেয়েছে যা রূপকল্প ২০৪১ বাস্তবায়নে গুরুত্বপূর্ণ অবদান রাখবে।
- জাতিসংঘের খাদ্য ও কৃষি সংস্থা (FAO), আন্তর্জাতিক খাদ্যনীতি গবেষণা প্রতিষ্ঠান (IFPRI) এবং বিশ্বব্যাংকের বিভিন্ন প্রতিবেদনে উল্লেখ করা হয়েছে যে, গত পাঁচ বছরে বাংলাদেশের দারিদ্র্যে হার ১০ শতাংশ কমানোর ক্ষেত্রে কৃষি উৎপাদন গুরুত্বপূর্ণ অবদান রেখেছে IFPRI এর ক্ষুধা নিবারণসূচকে দক্ষিণ এশিয়ার মধ্যে সবচেয়ে ভাল অবস্থানে আছে বাংলাদেশ। যে বাংলাদেশকে আন্তর্জাতিক মহল তলাবিহীন ঝুড়ি বলতো সেই বাংলাদেশ আজ খাদ্যে স্বয়ং সম্পূর্ন । স্বাধীনতার ৪৮ বছর ব্যবধানে জনসংখ্যা আড়াইগুণ বৃদ্ধি পেলেও খাদ্য উৎপাদন বেড়েছে তিনগুণ। বর্তমানে দেশের চালের উৎপাদন ৩ কোটি ৭৮ লক্ষ টন। তাছাড়া একই জমিতে একাধিক ফসল চাষের দিক থেকে বাংলাদেশ এখন বিশ্বের কাছে "রোলমডেল "। শুধু তাই নয় শাকসবজি, ফলমূল রপ্তানিতে বাংলাদেশ দ্রুত এগিয়ে যাচ্ছে। এমনকি সম্প্রতি বৃক্ষ অর্থাৎ চারাগাছ রপ্তানি করে বাংলাদেশ বৈদেশি মুদ্রা অর্জন করেছে।
- এমনকি পর্যটন শিল্পেও বাংলাদেশ দ্রুত এগিয়ে যাচ্ছে যা ভিশন ২০৪১ বাস্তবায়নে গুরুত্বপূর্ণ অবদান রাখবে।
- আবাসিক উন্নয়নের ক্ষেত্রে ৫৩ হাজার ৩৪০ টি গৃহহীন ও ভূমিহীন পরিবার জমি ও বাড়ি প্রদান কার্যক্রমের আওতায় জমি ও বাড়ি পেল যা জনগণের কাছে দৃশ্যমান (দৈনিক ১ম আলো, ২১/০৬/২০২১)।
- পোষাক খাতের উন্নয়নের কথা তো সবারেই জানা। করোনা মহামারীতে তা ধরে রাখার জন্যও সরকারের আন্তরিকতার অভাব নেই। শ্রমিকদের বেতনভাতাদি বাড়ানো এবং নিশ্চিতকরণ থেকে শুরু করে উন্নত পরিবেশের ব্যবস্থা করার প্রতিও নির্দেশনা রয়েছে মালিকদের প্রতি।

পরিশেষে বলা যেতে পারে এ স্বল্প পরিসরে বাংলাদেশের উন্নয়নের কথা লিখে শেষ করা যাবে না। তবে এটা আমাদের মনে রাখতে হবে ইতিহাস যেমন নায়ক সৃষ্টি করে, তেমনি নায়কও ইতিহাস সৃষ্টি করেন। বঙ্গবন্ধু তাঁর একটি উজ্জ্বল দৃষ্টান্ত। তাই তাঁর স্বপ্নগুলোকে ধারন করা এবং সেই সংগে বাস্তবায়ন করা যেমন আমাদের নৈতিক দায়িত্ব ঠিক তেমনি উন্নয়নের পাশাপাশি নৈতিক উন্নয়নের সূক্ষাতিসূক্ষ মানবিক গুনাবলীগুলো যাতে সমান গতি পায় সেদিকেও সবার সতর্ক দৃষ্টি থাকতে হবে। তাহলেই আমরা বঙ্গবন্ধুর সোনার মানুষ হয়ে সোনার বাংলাদেশ গড়ে গর্ব করে একসঙ্গে গাইতে পারবো-

"আমার সোনার বাংলা
আমি তোমায় ভালবাসি"

সাহায্যকারী গ্রন্থাবলী ও তথ্যসূত্র :

আমার বাবা ও একাওরের অম্লান স্মৃতি-সাজ্জাদুল হাসান
মহাকালের মহানায়ক বঙ্গবন্ধু শেখ মুজিব -সম্পদনায় আবীর, রফিকুজ্জামান হুমায়ুন
বিভিন্ন দৈনিক পত্রিকা

# একজন গাইড এর গল্প

**মাহির জান্নাত**, গাইড
ঝালকাঠি সরকারি হরচন্দ্র বালিকা উচ্চ বিদ্যালয়
বরিশাল অঞ্চল, বরিশাল

উনিশ শতকের গোড়ার কথা, যে সময় খোদ ইউরোপেও মেয়েরা বহির্জগতের কোন কাজ করতে পারতো না। সেলাই, ছবি আঁকা, গান-বাজনা, অন্দর মহল ছিলো তাদের জীবন। এমন সময় ১৯১০ সালে ইংরেজ সৈনিক লর্ড বেডেন পাওয়েল তাঁর বোন এগনেস বেডেন পাওয়েলকে নিয়ে প্রতিষ্ঠা করেন গার্ল গাইড। এরপর ধীরে ধীরে তা সারা বিশ্বে ছড়িয়ে পড়ে। বাংলাদেশেও এখন রয়েছে গার্ল গাইডস্ এসোসিয়েশন যা ১৯৭২ সালে জাতীয় সংসদে অনুমোদন লাভ করে এবং ১৯৭৩ সালের ৩১নং আইন বলে বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশন গঠিত হয়েছে। বাংলাদেশের ১০টি অঞ্চলে গাইড কর্মসূচি পরিচালিত হয়। বরিশাল তার মধ্যে একটি। বাংলাদেশে আজও যেখানে মেয়েদের আত্মনির্ভরশীলতা নিয়ে প্রশ্ন জাগে সেখান থেকেও অনেক গাইড-এর গল্প বেরিয়ে আসে। এমনি এক এলাকা বরিশালের রাজাপুর যেখানের গাইড নার্গিস আক্তার। গরিব কৃষক পরিবারে জন্ম তার। এক বড় ভাই ও তিন ছোট ভাই ও মা-বাবা নিয়ে তার পরিবার। পাঁচ বছর বয়সেই স্কুলে ভর্তি করানো হয় তাকে। কিছু বইও কিনে দেওয়া হয়। এভাবেই বড় হতে থাকে সে। স্কুলে মেধাবী ছাত্রীদের মধ্যে অন্যতম সে। তবে এর মাঝে তাকে ঘরের অনেক কাজও করতে হয়েছে। যখন সে ক্লাস এইটে পড়ে স্কুলের স্যার বল্লেন, প্রশিক্ষণ হবে শিক্ষা ও সমাজ সেবামূলক সংগঠনের, নাম তার গার্ল গাইড। গার্ল গাইড কি তা সে জানেনা। তবে তা জানার কৌতুহল জাগলো তার। পরের দিন যথাসময়ে স্কুলে সকলে উপস্থিত। শ্রেণীকক্ষে স্যার আসলেন সাথে দু'জন মহিলা। স্যার বল্লেন তোমাদের আগামীকাল গার্ল গাইডের প্রশিক্ষণ হবে। এখন এই আপারা তোমাদের সাথে কিছু কথা বলবেন। বলে স্যার ক্লাস থেকে বের হয়ে গেলেন। একজন মহিলা বল্লেন, সবাই কেমন আছ? ক্লাসের সবাই আনন্দের সাথে উত্তর দিলো ভালো। তারপর তিনি বল্লেন, আমরা কারা তোমরা জানো? একজন বল্লো, আপনারা গার্ল গাইড। আবার উনি বল্লেন, আমাদের কাজ কি জান? সবাই বল্লো না। এই যে, তোমাদের স্কুলের সামনের রাস্তায় অনেক গর্ত। কখনো ভেবে দেখেছো এখানে কোন সড়ক দুর্ঘটনা হতে পারে কিনা? আবার পাশে যে সাঁকোটা আছে তা যদি ভেঙ্গে যায় তখন কি হবে? তোমরা অনেকেইতো সেখান দিয়ে স্কুলে আসো। তখন একজন দাঁড়িয়ে বল্লো, তখন তারা স্কুলে আসতে পাবেনা। এটা হতে পারে তবে তা কোন ভালো সমাধান নয়। আমরা যারা আছি তাদের উচিত সবাই মিলে সাঁকোটির দ্রুত মেরামত করা এটাই আমাদের কাজ। যেমন এলাকার সড়ক মেরামতের ব্যবস্থা করা, সকলের সাহায্য করা, রাস্তায় কোন জিনিস পড়ে গেলে উঠাতে সাহায্য করা, রাস্তায় আহত কাউকে সাহায্য করা ইত্যাদি। এবার অন্যজন বলা শুরু করলেন, তবে হ্যাঁ, গার্ল গাইড তোমাদেও অনেক কিছু শিখাবে যেমন ব্যক্তিত্ব বিকাশে সাহায্য করবে, দায়িত্বশীল নাগরিক হওয়ার শিক্ষা দিবে যেগুলি তোমাদের ভবিষ্যতে কাজে লাগবে। তাছাড়াও দূর্যোগের সময় করণীয়গুলো তোমাদের জানানো হবে। এখন বলো তোমরা কারা আমাদের মত প্রশিক্ষণ নিবে। আমাদের সাথে হাতে হাত রেখে কাজ করবে। ক্লাসের ১৫জন প্রশিক্ষণার্থীর নাম লেখালো। নার্গিসও তাদের মধ্যে একজন। তাদের কর্মসূচি শুরু হলো। প্রায় দু'মাস তাদের কর্মসূচি চললো। তার মাঝে দেখা দিলো আরেক বিপদ। তখনকার মানুষ কখনো চায়নি মেয়েরা এমন কোন কাজ করুক। এলাকার কিছু লোক মিলে নানা হুমকি ও হামলার মাধ্যমে বন্ধ কওে দেয় এই প্রশিক্ষণ। তবে ওরা অনেকেই অনেকটা প্রশিক্ষিত হয়ে যায়। কেউ রান্না, কেউ চিকিৎসা, কেউ কৃষি, কেউ স্যানিটেশনে পারদর্শী হলো। নার্গিস পারদর্শী হলো চিকিৎসায়। নার্গিসের মাথায় তখন একটা পরিকল্পনা আসলো। নতুন সংঘ হবে। তারা কয়েকজন মিলে সংগঠনটি খুলবে। সে তার বান্ধবীদের জিজ্ঞেস করলো। কয়েকজন রাজি হলো। তখন তাদের মাথায় চিন্তা আসলো নাম কি দেয়া হবে। নাম দেয়া হলো সবুজ সংঘ। তবে সমস্য হলো যখন তারা কাজ শুরু করলো। রাজাপুরের মত ছোট শহরে মেয়েদের এমন কাজ না মানাই স্বাভাবিক। সার্গিসের পরিবারেও সমস্যা শুরু হয়। এর মাঝে শোনা যায় ঘূর্ণিঝড় সিডরের কথা। ১৫ নভেম্বর, ২০০৭ সকাল থেকেই আবহাওয়া জলীয় বাষ্পপূর্ণ। জেলেরা শুনতে থাকে রেডিও সংকেত, বাড়তে থাকে নদীর পানি। রাতে দমকা হাওয়ার পরিমাণ বেড়ে যায়। গাছপালা ভেঙ্গে পড়তে শুরু করে। নার্গিস ও তার পরিবার সাইক্লোন সেন্টারে যাওয়ার জন্য রওনা দিবে তখনি নার্গিসের মনে পড়ে গার্ল গাইডের শেখানো কিছু জিনিস। সে প্রথমেই প্রয়োজনীয় জিনিস পলিথিনে মুড়ে চালের নিচে রেখে যায়। গবাদি পশু গুলোকে উঁচু স্থানে রেখে যায়, শুকনো খাবার সাথে নেয়, টিউবয়েলের মুখ ভালোভাবে পলিথিন দিয়ে বেঁধে দেয়। এরপর স্বপরিবারে তারা সাইক্লোন সেন্টারে পৌঁছালো। সেখানে অনেক মানুষের ভিড়। নার্গিস সেখানে তার এক বান্ধবীকে পায়। সেও গার্ল গাইডের প্রশিক্ষণ নিয়েছে। চার পাশে পুরো অন্ধকার। সেখানে স্বেচ্ছাসেবকের কোন দল তখনো পৌঁছায়নি। সবাই শুধু উপরওয়ালার নাম নিচ্ছে। হঠাৎ চিৎকার শোনা যায়। নার্গিসের পাশের বাসার রফিক চাচাকে সাপে কামড়েছে। সবাই দুশ্চিন্তায় পড়ে যায়। নার্গিস দ্রুত রফিক চাচার কাটা স্থানের উপর দিয়ে কাপড় বেঁধে দেয়। নার্গিস তার বড় ভাইয়ের সহায়তায় কলা গাছের ভেলা বানিয়ে রফিক চাচাকে দ্রুত হাসপাতালে নেয়ার ব্যবস্থা করে। এরপর সেই অন্ধকারাচ্ছন্ন রাতে নার্গিস অনেকের সহায়তা করে। সবচেয়ে বড় কথা সবাইকে সাহস যোগায়। বৃদ্ধ ও শিশু সবাইকে সামলে রাখার চেষ্টা করে। ধীরে ধীরে ঘূর্ণিঝড়ের মাত্রা কমতে থাকে। ঘূর্ণিঝড় শেষে স্বেচ্ছাসেবক দল আসে। নার্গিস ও তার সংঘের কাজও শুরু হয়ে যায় সাথে সাথে। যেহেতু নার্গিস গার্ল গাইডের প্রশিক্ষণপ্রাপ্ত তাই তারাও স্বেচ্ছাসেবকদের সাথে হাতে হাতে কাজ করা শুরু করে। তারা অনেক আহত ব্যক্তিদের চিকিৎসার ব্যবস্থা করে। আবার ধ্বংস হওয়া ঘর বাড়ি মেরামতের কাজে সহায়তা করে। তারা সকলকে ফুটানো পানি ও যে টিউবয়েলের মুখ পানিতে ডোবেনি তা থেকে পানি পান করার পরামর্শ দেয়। ঘূর্ণিঝড়ের ক্ষতি সামলে উঠতে সবুজ সংঘ অনেক কাজ করে। তখনকার দুঃস্থ মানুষরা অনেক উপকৃত হয়। এলাকার মানুষ তাদের ভুল বুঝতে পারে। ধীরে ধীরে সবুজ সংঘের সদস্য বাড়তে থাকে। সাথে তাদের কাজও বাড়তে থাকে। নার্গিসের কাজ দেখে এলাকার সবাই মুগ্ধ। সবুজ সংঘের কাজে সকলে এগিয়ে আসতে শুরু করে। আজ সবুজ সংঘের সকল নারী আত্মনির্ভরশীল। সেখানে সবাই তাদের মেয়েকে গার্ল গাইডের প্রশিক্ষণ দেওয়াতে আজ উৎসাহিত। আজ আমিও গর্বিত আমি গার্ল গাইডের সদস্য।

# কবিতা

## হে বিধাতা

নাছিমা আক্তার, সহকারি শিক্ষক
ও হলদে পাখি গাইডার
ছাতিয়া চালা সরকারি প্রাথমিক বিদ্যালয়, সখিপুর, টাঙ্গাইল

হে বিধাতা এ তোমার কেমন বিধি
যাকে বুঝিবার নাহিগো কারো সাধ্য।
নিজ হাতে গড়িয়াছ তুমি ত্রি-ভুবনের সব
তুমি মোদের একমাত্র বিধাতা তুমি মোদের রব
কাউকে রাখিয়াছ তুমি পরিতৃপ্ত মহা সুখে
কারো বসবাস কোটি টাকার অট্টালিকার পরে
কেউবা আবার না পায় ঠাঁই মাথা গুজিবার তরে,
কারো ভোজন মেন্যু পোলাও ফিরনির দশ পদী বাহার
ডাস্টবিনে ফেলনা খাবার কারো বা একমাত্র আহার,
এ দুনিয়ার বৈচিত্রময়তা সবই যে তোমারি কারসাজি
যেমন তুমি নাচাও মোদের তেমনি মোরা নাচি,
পরিশ্রম আর ললাট বিধি গাথা একই সুতায়
ললাট যদি দেয় ছেড়ে হাত পরিশ্রম সব বৃথায়
কেউ সুশ্রী কেউ বা বিশ্রি দোষ বল কার তাতে
গকল জীবের ললাট-গড় বিধাতা তুমি নিজ হাতে।
হে বিধাতা তুমি নির্ভুল মোরাই সকল দোষী
কর্ম দোষে তাই যে মোরা দু:খের জলে ভাসি
তোমার খেলা বুঝিবার দু:সাধ্য কার আছে
তোমার পথেই চলব মোরা থেকো বিধি পাশে
মনে প্রাণে হে বিধাতা এই প্রতিজ্ঞা করি
সুখ দুঃখ সর্বদা তোমায় যেন স্মরি

## হাবিবা ইয়াসমিন জেবা

গাইড গাইডার, সহকারী শিক্ষক
গরদা আইনুল উলুম দাখিল মাদ্রাসা
ফরিদপুর সদর, ফরিদপুর

তুমি ভগ্নী, তুমি অগ্নি
তুমি নির্মল, তুমি সঙ্গী
তুমি অপরের বড় উপকারী
তুমি নিজেকে করেছ স্বেচ্ছাসেবী।

তুমি আদেশ করনা অমান্য
তুমি আকাশের মত শুভ্র
তুমি সকলের চেয়ে ভদ্র
তুমি স্রষ্টার সেরা সৃষ্টি
তুমি দেশ প্রেমের দৃষ্টান্ত।

তুমি গুনী, তুমি বিশ্বাসী
তুমি সারা বিশ্বের নাগরিক
তুমি বালিকার, তুমি কিশোরীর
তুমি অরুনের তেজদীপ্ত।

তুমি বিকশিত করো সৃজনশীলতা
প্রাণবন্ত করো সকলের
তুমি মমতার ভগিনী
তুমি সারাবিশ্বের মানুষের।


**মজার ঘটনা ঃ** বিখ্যাত বিজ্ঞানী আলবার্ট আইনস্টাইন ছিলেন খুবই রসিক মানুষ। একটু ভুলোমনা তবে সবসময় কথার মজা করতে ভালোবাসতেন। ব্যাক্তিগত জীবনে আইনস্টাইন আসলে অনেক সহজ সরল মানুষ ছিলেন। তার জীবনের বিভিন্ন ঘটনাই প্রমান করে তিনি কতটা রসিক মানুষ ছিলেন। গুজব আছে, সুন্দরী অভিনেত্রী মেরিলিন মনরো আইনস্টা নের প্রতি দুর্বল ছিলেন। তাই একদিন মনরো আইনস্টাইনকে বিয়ের প্রস্তাব দিলেন এইভাবে। 'চলুননা আমরা বিয়ে করে ফেলি? তাহলে আমাদের সন্তানেরা হবে সৌন্দর্য ও জ্ঞানে পৃথিবীর শ্রেষ্ঠ সন্তান। ওরা দেখতে হবে আমার মতো আর বুদ্ধিতে আপনার মতো।' আইনস্টাইন ততক্ষণাৎ বললেন, 'আর যদি উল্টোটা হয়? দেখতে যদি হয় আমার মতো আর বুদ্ধিতে আপনার মতো?'

নেট থেকে সংগৃহীত



করোনা ভাইরাস থেকে নিজেকে রক্ষা করতে হলে বাইরে যাওয়ার সময় অবশ্যই মাস্ক ব্যবহার করুন ও অন্যকেও মাস্ক ব্যবহার করতে উৎসাহিত করুন।

ডেঙ্গু থেকে বাঁচার উপায়, বাড়ির আঙ্গিনায় বৃষ্টির পানি জমতে দেয়া যাবেনা, নিয়মিত টবের পানি ফেলে পরিষ্কার করা। সচেতনতা বৃদ্ধি করা। আসুন ডেঙ্গু থেকে বাঁচতে আমরা নিজেরা সচেতন হই, অন্যকেও উৎসাহিত করি।



# চিত্রে গাইডের কার্যক্রম




গাইড অডিটোরিয়ামে জাতীয় ম্যালেরিয়া নির্মুল ও এডিসবাহিত রোগ নিয়ন্ত্রন কর্মসূচী, রোগ নিয়ন্ত্রন শাখা, (সিডিসি) স্বাস্থ্য অধিদপ্তর এবং ইউ এন এইড কর্তৃপক্ষের উপস্থিতিতে হ্যান্ড স্যানিটাইজার বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশনকে হস্তান্তর করে




বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের উদ্যোগে অনুষ্ঠিত হাত ধোয়া কর্মসুচিতে অংশগ্রহণকারী রেঞ্জারদের একাংশ

পোস্ট রেজিঃ নং-ঢাকা-৯০৪০২




জনগণকে ডেঙ্গুজ্বর বিষয়ে সচেতন করার লক্ষ্যে গাইড মেয়েরা বিভিন্ন ফেস্টুন,
পোস্টার নিয়ে র‌্যালী ও মানববন্ধন করে

**বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশন**
জাতীয় কার্যালয়, গাইড হাউজ, নিউ বেইলী রোড, ঢাকা-১০০০
ওয়েবসাইটঃ girlguides.org.bd, ফোনঃ 48315501-48315592
ই-মেইলঃ bgguidesho@gmail.com, ফেসবুকঃ facebook.com/bggaHQ

মুদ্রণেঃ মদিনা প্রিন্টার্স এন্ড পাবলিশার্স, ২৭৮/৩ এলিফ্যান্ট রোড, কাঁটাবন, ঢাকা-১২০৫